# ইংরেজি ব্যাকরণ রীতি

## প্রারম্ভিক পর্যায়

সুতনু ভট্টাচার্য

বিদ্যাচর্চা কেন্দ্রের পাঠ সংকলন

Ingreji Byakaron Riti

By Sutanu Bhattacharya

First Edition: September 2019

© Sutanu Bhattacharya

Published by:
Sutanu Bhattacharya
63/114B Prince Anwar Shah Road
Rhineview Flat 5B, Kolkata 700045
Contact: (+91)9433064877/(+91) 9830021126
E-mail:sutnbh@gmail.com

Printed by:
Bijan Sarkar
S. R. Printers
62/A Baithakkhana Road, Kolkata 700009, India
Contact: (+91)8902731332

All rights reserved. No part of this publication may be reproduced, stored in retrieval system, or transmitted, in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without the prior permission of the publisher and copyright owner.

NOT FOR SALE

This study material, developed at Phuldanga Bidyacharcha Kendra, Shyambati, Birbhum, West Bengal, is meant for free distribution for education and learning purposes. Care has been taken not to violet any existing copyright or intellectual property right. If any copyright is inadvertently infringed, please notify the publisher for corrective action.

# কেন এই বই

আজকাল এটাই চালু করা হয়েছে যে ইস্কুলের ইংরেজি পাঠ্যে আলাদা করে ব্যাকরণ শেখার কোনও পুস্তকের দরকার নেই। তাই, বিভিন্ন শ্রেণির পাঠ্য ইংরেজি বইয়ে গদ্য, কবিতা ইত্যাদির পাঠ ও অনুশীলনের মাঝে জায়গায় জায়গায় ব্যাকরণটাও ছড়িয়ে ছিটিয়ে বলে দেওয়া হয়। ফল হয়েছে, শিক্ষার্থী ব্যাকরণের কোনও একটা শব্দবিশেষের মানে কী তা ভুলে গেলে আর তা সহজে খুঁজে পায় না। বিভিন্ন শ্রেণির পাঠ্য বইগুলোর কয়েক শত পাতা উল্টে দেখলে হয়ত খোঁজ মিলত। কিন্তু সে গুড়ে বালি। এক একটা শ্রেণির পড়া সাঙ্গ হলে সেই শ্রেণির সরকারি পাঠ্য বই আর শিক্ষার্থীর কাছে থাকে না, ইস্কুলে ফেরৎ দিয়ে দিতে হয়। আজকাল এটাও নিয়ম।

সমস্যা আরও গভীর। একে তো দ্বিতীয় (বা বিদেশি) ভাষা হিসাবে ইংরেজি তেমন রপ্তই হয়নি, এদিকে পাঠ্য বইয়ে ইংরেজি ভাষাতেই লেখা থাকে ব্যাকরণের নিয়মনীতির ব্যাখ্যা ও শব্দগুলোর অর্থ। সব শব্দের অর্থ যে বলা থাকে তাও নয়। যেমন, সিলেব্‌ল শব্দটা ব্যবহার করা হয় তুলনামূলক অ্যাড্‌জেকটিভ শব্দগুলোর গঠনে কখন শেষে -er আর -est দেওয়া হয়, সেটা বোঝাতে। কিন্তু অধিকাংশ পাঠ্য বইয়ে সিলেব্‌ল জিনিসটা যে কী সেটাই বলা নেই। Finite verb জিনিসটা কী তাও জানা যায় না।

আমাদের ইস্কুল শিক্ষার এইসব সমস্যার কী উপায়? এই দুর্ভেদ্য অন্ধকারে প্রাইভেট টিউশনে গিয়ে নোট বই মুখস্ত করা, অথবা সেই আর্থিক সামর্থ না থাকলে স্কুলছুট হয়ে যাওয়া? আজকাল ইস্কুলের সরকারি বইও এমন যে তৃতীয় শ্রেণি থেকেই তারও সহায়িকা বা নোট বই দরকার হয় ও তা বাজারে বিকোয় অজস্র।

এই বইটার উদ্দেশ্য খুবই সাধারণ। ছোট একটা পুস্তিকায় ইংরেজি ব্যাকরণের শব্দগুলোর অর্থ ও নিয়মনীতি সহজ করে বাংলা ভাষাতেই বলে রাখা। এটা পাঠ্য পুস্তক নয়, ইস্কুল স্তরের পাঠ্য ইংরেজি ব্যাকরণ সহজে বোঝার পুস্তিকা। তাই রাখা আছে পুস্তিকার শেষে অবশ্যপ্রয়োজনীয় একটা বিষয়সূচি, যাতে নির্দিষ্ট পাতায় শব্দগুলো চট করে খুঁজে পাওয়া যায়। বইটির পাণ্ডুলিপি দেখে দিয়েছেন সৌরলক্ষ্মী মেমরিয়াল ট্রাস্টের অহনা সরকার।

সেপ্টেম্বর ২০১৯
ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

সুতনু ভট্টাচার্য

# সূচিপত্র


| | |
|---|---|
| Syllable (সিলেব্ল) | 7 |
| Article (আর্টিক্ল) | 10 |
| Noun (নাউন) | 12 |
| Gender (জেন্ডার) | 17 |
| Verb (ভার্ব) | 19 |
| Auxiliary Verb (অক্সিলিয়ারি ভার্ব) ও Modals (মোডাল্স) | 24 |
| Verb Tense (ভার্ব টেন্স) | 26 |
| Pronoun (প্রোনাউন) | 35 |
| Preposition (প্রিপোজিশন) | 38 |
| Adjective (অ্যাডজেক্টিভ) | 40 |
| Adverb (অ্যাডভার্ব) | 43 |
| Conjunction ও Linkers (কনজাংশন ও লিংকারস) | 47 |
| Subject ও Predicate (সাব্জেক্ট ও প্রেডিকেট) | 49 |
| Subject Verb Agreement (সাব্জেক্ট ভার্ব এগ্রিমেন্ট) | 50 |
| Punctuation Marks (পাংচুয়েশন মার্কস) | 53 |
| Apostrophe (এপস্ট্রফি) | 56 |
| Phrase (ফ্রেজ) | 57 |
| Clause (ক্লজ) | 61 |
| Sentence types (সেন্টেন্স টাইপস) | 64 |
| Sentence Structure (সেনটেন্স স্ট্রাক্চার) | 66 |
| Direct ও Indirect Speech (ডাইরেক্ট ও ইন্ডাইরেক্ট স্পীচ) | 68 |
| Active ও Passive Voice (অ্যাক্টিভ ও প্যাসিভ্ ভয়েস) | 70 |
| Prefix ও Suffix (প্রেফিক্স ও সাফিক্স) | 73 |
| Homophones (হোমোফোন্স) | 75 |
| Synonyms, Antonyms, Homonyms (সিনোনিম্স, অ্যান্টোনিম্স, হোমোনিম) | 76 |
| Compound Words (কমপাউন্ড ওয়ার্ডস) | 81 |
| Simile Comparison (সিমিলি কম্পারিসন) | 84 |
| One Word Substitution (ওয়ান ওয়ার্ড সাব্স্টিটিউশন) | 86 |
| Phrasal Verb, Adjective, Noun (ফ্রেজাল ভার্ব, অ্যাড্জেকটিভ, নাউন) | 93 |

## Syllable (সিলেব্‌ল) ভেঙে বড় বড় ইংরেজি শব্দ পড়া

ইংরেজি বাক্যের শব্দগুলো পড়তে শেখার শুরুতে সব শিশুরই প্রবণতা হয় অচেনা শব্দকে আন্দাজ করে কোনও একটা চেনা শব্দ হিসাবে বলে ফেলা। এর মানে, তারা শব্দকে বর্ণ (অক্ষর) দিয়ে পড়ল না, আন্দাজ করার চেষ্টা করল। তাই প্রথমেই শেখাতে হয়, এই আন্দাজে ঢিল ছোঁড়াটা তারা যেন না করে। প্রতিটা শব্দকে বর্ণ (অক্ষর) দিয়ে পড়ে বলতে হবে।

এক একটা শব্দে একাধিক ইংরেজি বর্ণ পরপর পাশে বসিয়ে লেখা হতে পারে। কোনও কোনও শব্দে 7-8টা, 12-13টা এমনকি আরও বেশি বর্ণ হতে পারে। সমস্যা হয়, এই বড় বড় শব্দগুলো পড়ে ঠিকভাবে বলা। তাই শিখব, এইসব শব্দ কীভাবে পড়ব। শব্দ পড়তে হয় অংশে ভেঙে ভেঙে, ও তারপর অংশগুলো যুক্ত করে বলে। প্রশ্ন হল, কীভাবে অংশগুলো ভেঙে নেব এক একটা করে। তার কী কোনও নিয়ম আছে? নিয়মটা হল, এমন ভাবে অংশগুলো নেব, যাতে এক একটা অংশে কেবল একটা মাত্র স্বরধ্বনি থাকে। ইংরেজিতে স্বরধ্বনি আনে এমন বর্ণগুলোকে চিনি। এগুলো হল ইংরেজি স্বরবর্ণ, a, e, i, o, u, যাকে **Vowel** (ভাওয়েল) বলা হয় । সাধারণত y বর্ণটা 'য়াই' বা 'ই' ধ্বনি আনে, তাই একেও স্বরধ্বনি হিসাবে ধরতে হবে। এগুলো বাদে বাকি ব্যঞ্জনবর্ণগুলোকে বলে **Consonant** (কন্‌সোনেন্ট)।

আমরা অংশগুলো ভাঙব **স্বরধ্বনি দিয়ে**, স্বরবর্ণগুলো দেখে নয়। কারণ, অনেক শব্দ লেখায় একটাই স্বরধ্বনিকে দুটো স্বরবর্ণ পাশাপাশি বসিয়ে দেখানো হয়—যেমন, ou, ee, ea, ai, ue, ua । তাই এগুলোকে একটাই স্বরধ্বনি ধরতে হবে। আবার, কখনো লেখায় একটা স্বরবর্ণ থাকলেও তার উচ্চারণ হয় না—যেমন, শব্দের শেষ বর্ণটা e হলে সেটা সাধারণত উচ্চারণ করা হয় না, তার স্বরধ্বনি তাই ধরা হয় না।

স্বরধ্বনি দিয়ে ভাঙা এক একটা অংশকে বলে অক্ষর (আমরা চলতি কথায় ভুল করে বর্ণকেই অক্ষর বলি)। ইংরেজিতে একে বলে Syllable (সিলেব্‌ল)। সুতরাং, লেখা শব্দগুলো আমাদের পড়তে হয় সিলেব্‌ল ভেঙে। নিচে এটাই দেখব।

বিভিন্ন শব্দে স্বরবর্ণগুলোর উচ্চারণ ধ্বনির হেরফের হয়। যেমন, শেষে e-এর উচ্চারণ হয় না বটে, কিন্তু তার ফলে আগের স্বরবর্ণটার উচ্চারণ দীর্ঘ হয়ে যায়—যেমন tap (ট্যাপ) আর tape (টেপ), tub (টাব) আর tube (টিউব), ইত্যাদি। আবার, শব্দের আরম্ভে u-এর উচ্চারণ সাধারণত হয় 'আ'। যেমন, umbrella (আম্‌ব্রেলা), unknown (আন্‌নোওন্‌), untold (আন্‌টোল্ড), utter (আট্টার), ইত্যাদি। কিন্তু, শব্দের আরম্ভে u-এর পরে একটা ব্যঞ্জনবর্ণের পরেই কোনও স্বরবর্ণ থাকলে, এই u-টার উচ্চারণ হয়ে যায় 'ইউ'। যেমন, union (ইউনিয়ন), use (ইউস্‌), utility (ইউটিলিটি), unanimous (ইউন্যানিমাস্‌), university

(ইউনিভার্সিটি), ইত্যাদি। শব্দের মাঝে u-এর উচ্চারণ আবার 'উ'-ও হয়। এগুলো বিস্তারিত বলা হয়েছে 'সহজ কথোপকথনে ইংরেজি শেখা' বইটার প্রথম খণ্ডে।

প্রথমে দেখব যে শব্দগুলো ভেঙে পড়তে হবে না, কারণ শব্দে একটাই স্বরধ্বনি আছে বলে একটাই সিলেব্‌ল হয়। লক্ষ করো, লেখায় কিন্তু একাধিক স্বরবর্ণ থাকতেই পারে, যেমন ai, ea, oo, ou, ue ইত্যাদি। কিন্তু, সেগুলো মিলে একটাই স্বরধ্বনি হচ্ছে, তাই সিলেবল একটাই ধরতে হবে। এরপরে আমরা কয়েকটা সিলেব্‌ল ভেঙে পড়া দেখব। তারপর নিজের অনুশীলন।

1 Syllable words — পুরো শব্দটা একটাই হিসাবে পড়ে বলতে হবে

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| bat | cat | mat | sat | red | act | bid | bus |
| cord | count | door | drop | dumb | faith | fear | take |
| few | sun | one | sum | two | four | three | knees |
| give | bring | scene | school | snake | soul | steep | tongue |
| glove | head | heat | high | path | plot | pole | month |
| love | life | base | blame | bomb | break | jump | play |
| moon | mourn | yard | raid | pause | rage | step | week |
| sing | dance | good | bad | great | doom | lose | loose |
| this | that | him | slim | third | thirst | throw | through |

2 Syllable words — দুটো অংশে ভেঙে নিয়ে কীভাবে পড়ে বলতে হবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| twelve | twe-lve | টুয়ে-ল্‌ভ | fourteen | four-teen | ফোর-টীন |
| thursday | thurs-day | থারস্‌-ডে | country | coun-try | কান্‌-ট্রি |
| sixty | six-ty | সিক্স-টি | pumpkin | pump-kin | পাম্প-কিন্‌ |
| tuesday | tues-day | টিউস-ডে | thousand | thou-sand | থাউ-স্যান্ড |
| able | a-ble | এ-ব্‌ল | else | e-lse | এ-ল্‌স |
| over | o-ver | ও-ভার | office | of-fice | অফ্‌-ফিস্‌ |

অনুশীলন — দুটো সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| pur-ple | per-fect | prin-cess | sil-ver | se-ven | thir-teen |
| God-ard | a-bout | fi-fty | a-gain | wa-ter | pi-zza |
| thir-ty | do-nate | An-gel | peo-ple | free-dom | fu-ture |
| hea-ven | ha-ppy | na-ture | hus-band | par-ty | Christ-mas |
| spe-cial | lan-guage | pic-ture | mu-sic | Mon-day | su-gar |
| ci-ty | Mum-bai | wo-man | twen-ty | roc-ket | lad-der |

3 Syllable words — তিনটে অংশে ভেঙে নিয়ে কীভাবে পড়ে বলতে হবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Africa | A-fri-ca | অ্যা-ফ্রি-কা | chocolate | cho-co-late | চ-কো-লেট |
| energy | en-er-gy | এন্‌-আর-জি | eleven | el-ev-en | ইল্‌-এভ্‌-এন্‌ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| seventy | sev-en-ty | সেভ্-এন্-টি | celebrate | ce-le-brate | সে-লি-ব্রেট |
| family | fa-mi-ly | ফ্যা-মি-লি | banana | ba-na-na | ব্যা-না-না |
| piano | pi-an-o | পি-য়া-নো | animal | a-ni-mal | অ্যা-নি-ম্যাল |
| happiness | hap-pi-ness | হ্যাপ-পি-নেস | potato | po-ta-to | পো-ট্যা-টো |

অনুশীলন — তিনটে সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

| | | | | |
|---|---|---|---|---|
| or-an-ge | for-ev-er | ad-ven-ture | el-eph-ant | to-ge-ther |
| his-to-ry | Ge-or-gia | im-por-tant | a-maz-ing | con-so-nant |
| In-di-a | fe-mi-nine | fa-vou-rite | dan-ger-ous | mas-cu-line |
| In-di-an | ho-li-day | syl-la-ble | ab-di-cate | me-di-a |
| Ju-pi-ter | en-ve-lope | di-a-mond | me-mo-ry | Can-a-da |

অনুশীলন 4 Syllable words — চারটে সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

| | | |
|---|---|---|
| i-den-ti-cal | A-me-ri-ca | A-me-ri-can |
| wa-ter-mel-on | un-de-man-ding | ir-re-gu-lar |
| ce-le-bra-tion | in-for-ma-tion | in-ter-mit-tent |
| ab-er-ra-tion | re-la-xa-tion | sec-re-ta-ry |
| bel-li-ger-ent | in-de-pen-dence | ap-pre-cia-tion |
| al-ter-na-tive | e-ter-ni-ty | in-tel-li-gence |
| te-le-vi-sion | ma-le-fi-cent | li-te-ra-ture |
| pre-po-si-tion | ve-ge-ta-ble | al-li-ga-tor |

অনুশীলন 5 Syllable words — পাঁচটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

| | | |
|---|---|---|
| in-ti-mi-da-ting | a-bo-mi-na-ble | ma-the-ma-ti-cal |
| il-lu-mi-na-tion | ge-ne-ro-si-ty | ab-ra-ca-da-bra |
| as-si-mi-la-tion | con-sci-en-tious-ness | cre-a-ti-vi-ty |
| el-ec-tri-ci-ty | hu-mi-li-a-tion | pro-pa-ga-tion-al |
| po-pu-la-ri-ty | si-mi-la-ri-ty | in-cre-du-li-ty |
| per-pen-di-cu-lar | un-be-lie-va-ble | u-ni-ver-si-ty |
| ob-li-ga-to-ry | ex-a-mi-na-tion | ap-pre-ci-a-tion |
| com-mu-ni-ca-tion | di-ag-no-sti-cian | op-por-tu-ni-ty |

অনুশীলন 6 Syllable words — ছটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

| | |
|---|---|
| In-vi-si-bi-li-ty | per-so-ni-fi-ca-tion |
| hu-ma-ni-ta-ri-an | be-au-ti-fi-ca-tion |
| ex-pe-ri-men-ta-tion | au-to-bi-og-ra-phy |
| re-vo-lu-tion-ar-y | in-vi-si-bi-li-ty |

অনুশীলন 7 Syllable words — সাতটা সিলেব্‌ল ভেঙে পড়ে বলা

ar-ti-fi-ci-a-li-ty
con-cep-tu-a-li-za-tion
in-fi-ni-te-si-mal-ly
in-ter-co-lo-ni-zation
ma-neu-ver-a-bi-li-ty
in-dus-tri-a-li-za-tion
au-to-bi-o-gra-phi-cal
dis-pro-por-tion-a-li-ty
de-cri-mi-na-li-za-tion
su-per-fi-ci-a-li-ty
ir-re-fu-ta-bi-li-ty
me-ga-lo-ma-ni-a-cal
sen-ti-men-ta-li-sa-tion
ar-te-ri-o-scle-ro-sis
ir-re-ver-si-bi-li-ty
o-ver-sim-pli-fi-ca-tion

## Article (আর্‌টিক্‌ল)

তিনটে Article হয় — a অথবা an, আর the। এইগুলো লাগে বাক্যে বলা কোনও বস্তু, প্রাণী বা বিষয়কে নির্দিষ্ট করে দিতে (যদি সেগুলো আর অন্য কোনওভাবে নির্দিষ্ট করা না হয়ে থাকে)। সবসময় a, an, আর the ওই বস্তু, প্রাণী বা বিষয়টার ঠিক আগে বসে। নির্দিষ্ট করতে a আর the ব্যবহার করলে কী তফাৎ হয় লক্ষ করো —

| **a** সাধারণভাবে যেকোনও একটাকে উল্লেখ করে | | **the** বিশেষভাবে | | | |
|---|---|---|---|---|---|
| | | একটাকেই নির্দিষ্ট করে | | বা একাধিককে নির্দিষ্ট করে | |
| a book | একটা বই | the book | বইটা | the books | বইগুলো |
| a pen | একটা পেন | the pen | পেনটা | the pens | পেনগুলো |
| a dog | একটা কুকুর | the dog | কুকুরটা | the dogs | কুকুরগুলো |
| a boy | একটা ছেলে | the boy | ছেলেটা | the boys | ছেলেগুলো |
| a girl | একটা মেয়ে | the girl | মেয়েটা | the girls | মেয়েগুলো |
| a day | একটা দিন | the day | দিনটা | the days | দিনগুলো |
| a night | একটা রাত | the night | রাতটা | the nights | রাতগুলো |
| a dream | একটা স্বপ্ন | the dream | স্বপ্নটা | the dreams | স্বপ্নগুলো |
| a mistake | একটা ভুল | the mistake | ভুলটা | the mistakes | ভুলগুলো |

কয়েকটা বাক্যের উদাহরণ দেখলে তফাতটা আরও স্পষ্ট হবে—

Give me a book.
আমাকে একটা বই দাও।

Give me the book.
আমাকে বইটা দাও।

A girl is dancing.
একটি মেয়ে নাচছে।

The girl is dancing.
মেয়েটি নাচছে।

বস্তু, প্রাণী, বিষয়, বা কোনও অবস্থা বোঝায়, এমন শব্দগুলোকে **Noun** (নাউন) বলে, যা আমরা এরপরেই আলোচনা করব। এইগুলোর কোনওটাকে নির্দিষ্ট করে বলতে এদের আগে a (অথবা an), আর the ব্যবহার হয়।

সাধারণ নিয়ম—

1. Noun (বস্তু, প্রাণী, বিষয়, বা কোনও অবস্থা) যদি সংখ্যায় একাধিক হয়, তাহলে এদের যেকোনও একটাকে বোঝাতে আগে a অথবা an, আর নির্দিষ্ট একটাকে বা একদলকে বোঝাতে the ব্যবহার করতে হয়। a অথবা an বোঝায় একটা বা one (ওয়ান)। তাই a অথবা an-য়ের বদলে কোনও কোনও সময় one-ও ব্যবহার হতে পারে।
2. বাক্যে Noun যদি অন্য কোনওভাবে নির্দিষ্ট করা হয়ে থাকে, যেমন this, that, which, one, two, my, your, our, his, her, their, ইত্যাদি শব্দগুলো দিয়ে, তাহলে আর a, an, বা the ব্যবহার হবে না। কারণ, নির্দিষ্ট করা তো হয়েই আছে।
3. একই কারণে, বিশেষ একটা নাম দিয়ে নির্দিষ্ট করা কোনও একটা কিছু, যাকে বলে **Proper Noun** (প্রপার নাউন), হলে তার আগে a, an, বা the বসে না।
4. ঠিক পরের শব্দটির উচ্চারণের প্রথমে a, e, i, o, u থাকলে, মানে **Vowel sound** (স্বরধ্বনি) আসলে, a-য়ের বদলে হবে an, আর the-য়ের উচ্চারণ হবে দ্য নয়, দি। উদাহরণ, an elephant, an umbrella, an effort । কিন্তু a university, a union, কারণ এখানে u-য়ের উচ্চারণ ইউ, যা শুদ্ধ স্বরধ্বনি নয়। আবার an honest man, an honourable man, কারণ honest বা honourable শব্দে h-য়ের উচ্চারণ হয় না, তাই আগে স্বরধ্বনি ‘o’ আসে। সেইজন্যে এমন শব্দ হলে তার আগে an বসে।

সাধারণ নিয়মের ব্যতিক্রম—

- অনির্দিষ্টভাবেও the-এর প্রয়োগ হয়, কোনও শ্রেণির এক কাল্পনিক প্রতিভূকে নির্দেশ করতে—যেমন, The dog is an animal. । এটা কোনও নির্দিষ্ট dog বোঝাচ্ছে না। সাধারণভাবে কোনও একটি শ্রেণিকে বোঝাতে **Generic Noun** (জেনেরিক্ নাউন) ব্যবহার হয় ও তার সামনে কোনও Article দিলে বা না দিলেও চলে। কিন্তু এইক্ষেত্রে কোনও Article দিলেও তা কোনও নির্দিষ্ট একটাকে বোঝাবে না। যেমন, a computer, the unemployed, the rich, the poor ।
- অনেকগুলি না থাকলেও, কিছু ক্ষেত্রেও the বসে বৃহৎ বা মহৎ বোঝাতে—যেমন, the sky, the stars, the Sun, the Moon, the air, the water, the fire, the army, ইত্যাদি।
- যা একটি মাত্র আছে, তার নির্দিষ্ট নামটির আগেও the প্রয়োগ হয় বস্তু বা বিষয়টির বিশেষত্বকে বোঝাতে, যেমন the Ganges, the Everest, the President of India ।

- সাধারণত ব্যক্তি বা বস্তুর নির্দিষ্ট নামের আগে a বা the বসে না — যেমন, আমরা বলব না, I saw ~~the~~ Rahim yesterday. বা I went to ~~the~~ Kolkata. । কিন্তু তাদেরকে বিশেষভাবে উল্লেখ করতে আগে a বা the বসতে পারে — যেমন, আমরা বলতে পারি, The Kolkata we have known is lost. বা This is a Rahim so different from the Rahim I knew.

## Noun (নাউন)

যাবতীয় বস্তু, প্রাণী, বিষয়, বা অবস্থা, যেসব আমরা দেখি বা হয়, তার কোন্‌টা কী চিহ্নিত করে বলতে আমরা সেগুলোর নামকরণ করি শব্দ দিয়ে। এই শব্দগুলোকেই Noun বলে। সুতরাং আমরা বলতে পারি Noun হল naming words বা নামকরণের শব্দগুলো। সুতরাং, মনে রাখতে হবে, বাক্যের মধ্যে নাউন শব্দটা দিয়ে নির্দেশ করা হয় **Object** (অব্জেক্ট) হিসাবে বস্তু, প্রাণী, স্থান, ধারণা, বিষয়কে। একই বাক্যে একাধিক নাউন শব্দ ব্যবহার হতে পারে। উদাহরণ—The **man** collected all his **treasure** and bought a plot of **land** for his **retirement**. বস্তু, প্রাণী, বিষয়, বা অবস্থাগুলো বিভিন্ন ধরনের হয়। সেই অনুযায়ী আমরা শব্দগুলোকেই বিভিন্ন ভাগে ভাগ করি। বিভিন্ন ধরনের Noun শব্দগুলো হল—

### Common noun ও Proper noun

ব্যক্তি, বস্তু, বা বিষয়কে শ্রেণি হিসাবে আমরা সাধারণভাবে যে নাম দিই তা হল Common Noun (কমন্ নাউন) — যেমন, students, boys, air, water, birds, country।

এর বিপরীতে, কোনও একটা বস্তু, ব্যক্তি, বা স্থানকে বা তাদের একটা দলকে যে বিশেষ নাম দেওয়া হয়, তাকে Proper Noun (প্রপার নাউন) বলে — যেমন, Bolpur, Kolkata, Ram, Shyam বা Indians, Chinese, Himalayas। মনে রাখতে হবে, Proper Noun-এর প্রথম বর্ণটা বড় হাতের বা **Capital Letter** হবে। এই দুই ভাগে দেখলে, Proper Noun বাদে বাকি যাবতীয় Noun শব্দগুলি হল Common Noun।

### Material Noun ও Abstract Noun

ধরা-ছোঁয়া যায় এমন বস্তুকে বোঝায় যে শব্দগুলো—যেমন, book, pencil, ball, television, computer—সেইগুলোকে Material Noun (মেটিরিয়াল নাউন) বা **Concrete Noun** (কংক্রিট নাউন) বলে। এগুলো সবই Countable Noun ।

এর বিপরীতে, যে শব্দগুলো কোনও বস্তুকে বোঝায় না, ধরা ছোঁয়া যায় না, এমন কিছু বিষয়কে বোঝায়—যেমন, idea, love, happiness, invitation, arrival, life, death, freedom, heroism, bravery, kindness, childhood—সেই শব্দগুলোকে Abstract Noun (অ্যাব্স্ট্রাক্ট নাউন) বলে।

অধিকাংশ Abstract Noun-কে পাওয়া যায় সরাসরি Verb শব্দটার রূপেই (যেমন, love, hope, mention) অথবা Verb বা Adjective শব্দটার শেষে -ation, -ion, -ness, -ity, -ance, -ence, -hood, -ing, -al যুক্ত করে। উদাহরণ হল—sweetness, similarity, performance, building, arrival, brotherhood ইত্যাদি।

## Countable Noun ও Uncountable Noun

সংখ্যা দিয়ে গোনা যায় এমন বস্তু বা বিষয়কে বোঝায় যে শব্দগুলো, তাদেরকে Countable Noun (কাউন্টেব্‌ল নাউন) বলি। এগুলোর দুটো রূপ হয়—**Singular** (সিংগুলার্‌) রূপ বোঝায় সংখ্যায় এক, ও **Plural** (প্লুরাল্‌) রূপ বোঝায় একাধিক। Singular রূপটির আগে বসতে পারে a, an, the, this, that, ইত্যাদি ও Plural রূপটির আগে the, many, few, these, those, ইত্যাদি বা সংখ্যাসূচক শব্দ—two, three, four, ইত্যাদি বসতে পারে।

এর বিপরীত ভাগটি হল Uncountable Noun (আন্‌কাউন্টেব্‌ল নাউন)। এই শব্দগুলো বোঝায় সংখ্যা দিয়ে গোনা যায় না এমন বস্তু বা বিষয়কে—যেমন, milk, sugar, rainwater, night, sea-shore, breeze, air, water । স্বাভাবিকভাবেই এই শব্দগুলির plural রূপ হয় না, বা এগুলির আগে কোনও সংখ্যাসূচক শব্দ বসে না।

বিশেষ করে মনে রেখো: সংখ্যা দিয়ে গোনা যায় এমন বস্তুকে যদি বাক্যে নির্দিষ্ট না করে তার সম্বন্ধে বলা হয়, তাহলে তা সর্বদা Plural রূপেই বলা হবে—যেমন, There are no dogs here. Girls will be girls and boys will be boys. The temperature is now below zero degrees. Books are assets of libraries. ।

সাধারণ নিয়ম: সাধারণত Countable Noun শব্দের Singular রূপের শেষে -s বা -es যুক্ত করে আমরা Plural রপটা পাই। কয়েকটা উদাহরণ হল—

| Singular | | Plural | |
|---|---|---|---|
| school | স্কুল্‌ | schools | স্কুল্‌স |
| house | হাউস্‌ | houses | হাউসেস্‌z |
| girl | গ্যর্ল | girls | গ্যর্লস্‌ |
| boy | বয় | boys | বয়স্‌z |
| teacher | টিচ্যর্‌ | teachers | টিচ্যর্স |
| student | স্টুডন্ট | students | স্টুডন্টস |
| box | বক্স | boxes | বক্সেস্‌ |
| story | স্ট্যরী | stories | স্ট্যরীস্‌z |
| leaf | লীফ্‌ | leaves | লীভ্‌স্‌z |

লক্ষ করো: এই রূপান্তর করার সময় Singular রূপের শেষ বর্ণটা y হলে সেটা i হয়ে যায় আর f হলে সেটা v হয়ে যায় ও -es যুক্ত হয় ।

সাধারণ নিয়মের ব্যতিক্রম—

- বেশ কিছু Countable Noun-য়ের Singular ও Plural রূপ আলাদা হয় না। কয়েকটা উদাহরণ হল—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| baggage | luggage | evidence | homework | housework | jewelry |
| money | music | sheep | deer | fish | police |
| correspondence | dice | clothing | concrete | advice | barracks |
| accommodation | bison | chalk | | | |

- কিছু Countable Noun-য়ের সর্বদাই **Plural Noun** রূপ হয়। কয়েকটা উদাহরণ—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| trousers | pants | leggings | news | glasses | clothes |
| folk | shorts | pajamas | premises | headquarters | news |
| furniture | scissors | tongs | tweezers | information | species |
| series | binoculars | | | | |

- বেশ কিছু Countable Noun-য়ের Singular ও Plural রূপ অন্যরকম হয়। কয়েকটা উদাহরণ হল—

| Singular | Plural | Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|---|---|
| child | children | die | Dice | foot | feet |
| goose | geese | louse | Lice | man | men |
| woman | women | person | People | tooth | teeth |
| mouse | mice | ox | Oxen | focus | foci |

কিছু শব্দ ব্যবহারের অর্থ অনুযায়ী Countable Noun বা Uncountable Noun হবে—যেমন, কাঁচ অর্থে glass হবে Uncountable Noun, কিন্তু জলের গ্লাস হিসাবে Countable Noun। পদার্থ বোঝাতে আমরা যে শব্দগুলি ব্যবহার করি—যেমন, rice, milk, paper, bread—সেগুলিকে **Mass Noun** বলে। এগুলি স্বভাবতই Uncountable Noun।

কিছু শব্দ আছে যেগুলি সর্বদা জোড়াকে বোঝায়, তাই এগুলির শেষে -s যুক্ত করে Plural Noun হিসাবে বলা হয়—যেমন, trousers, socks, scissors, sunglasses, spectacles, ইত্যাদি। এগুলিকে উল্লেখ করতে তাই আমরা বলি a pair of socks, a pair of scissors, ইত্যাদি।

## Collective Noun

কিছু শব্দ আছে যেগুলি একাধিক সদস্যকে একত্রে বোঝায়—যেমন, army, committee, herd, group, team, bunch, class, folk, audience, class, crowd, gang—এগুলিকে Collective Noun (কালেক্‌টিভ্ নাউন) বলে। বাক্যে ব্যবহারের অর্থ অনুযায়ী এগুলিকে Singular বা Plural হিসাবে ব্যবহার করা যায়।

**Noun** শব্দগুলোর বিভিন্ন ভাগ বুঝতে নিচের উদাহরণটা দেখো—

| Common Noun | Proper Noun | Material Noun | Abstract Noun | Collective noun |
|---|---|---|---|---|
| Dog<br>Cow<br>teacher<br>Girl<br>elephant<br>student | Kolkata<br>Rabindranath<br>Vivekananda<br>Vidyasagar<br>Howrah<br>Everest | table<br>chair<br>football<br>bench<br>chalk<br>television | friendship<br>love<br>truthfulness<br>kindness<br>honesty<br>greatness | team<br>class<br>army<br>committee<br>herd<br>fleet |

## অন্যান্যভাবে Noun-য়ের ব্যবহার

বাক্যে Noun যে একটিই শব্দ হবে তা নয়। একাধিক শব্দ মিলে একটা শব্দগুচ্ছ বা **Phrase** (ফ্রেজ) নাউন হিসাবে কাজ করতে পারে। একে বলব **Noun Phrase** (নাউন ফ্রেজ) । আবার একটা বাক্যাংশ বা উপবাক্যও পুরো বাক্যটাতে Noun হিসাবে কাজ করতে পারে যাকে বলব **Noun Clause** (নাউন ক্লজ)।

একাধিক শব্দ মিলে শব্দগুচ্ছ হিসাবে আমরা পাই **Nominal Noun** (নমিনাল নাউন)—যেমন, cup of tea, glass of water, slice of bread, piece of paper। এইভাবে সামনে সংখ্যাসূচক আর একটা Countable Noun বসিয়ে, গোনা যায় না এমন Uncountable Noun-কে আমরা পরিমাপ করে বলতে পারি।

সাধারণভাবে কোনও একটি শ্রেণিকে বোঝাতে **Generic Noun** (জেনেরিক্ নাউন) ব্যবহার হয়)—যেমন, a computer, the unemployed, the rich, the poor। এর সামনে কোনও Article দিলে বা না দিলেও চলে। কিন্তু এইক্ষেত্রে কোনও Article দিলেও তা কোনও নির্দিষ্ট একটাকে বোঝাবে না—যেমন, A book is a window of learning.  বা The book is the most important medium of learning. বা Books are windows of learning. এই তিনটে বাক্যই সঠিক। এখানে একটা কোনও নির্দিষ্ট বই নয়, generic noun হিসাবে A book, The book, Books ব্যবহার হয়েছে। তৃতীয় ধরনটাই অধিক প্রচলিত। একে বলে **zero article** + plural generic noun (জিরো আর্‌টিক্‌ল+প্লুরাল জেনেরিক নাউন)। যাবতীয় Countable Noun এইভাবে উল্লেখ করাই বাঞ্ছনীয়।

এরপর উল্লেখ করতে হয় যে বাক্যে Noun হিসাবে ব্যবহার হয় **Gerund** (জিরাণ্ড) ও **Gerund Phrase** (জিরাণ্ড ফ্রেজ্) । এই জিরাণ্ড শব্দগুলো পাওয়া যায় **Verb** (ভার্‌ব) শব্দের শেষে -ing যোগ করে। এটা হল ভার্‌ব শব্দেরই **Present Participle** (প্রেজেন্ট পার্‌টিসিপ্‌ল) রূপ। এই শব্দগুলোই আবার **Participle Adjective** (পার্‌টিসিপ্‌ল অ্যাড্‌জেক্‌টিভ) হিসাবেও বাক্যে ব্যবহার হয়। তাই বাক্যে এই **verb+**ing শব্দ জিরাণ্ড হিসাবে ব্যবহার হল কিনা তা সাবধানতার সাথে বুঝতে হয়। জিরাণ্ড শব্দটারই সাথে আরও কিছু শব্দ মিলিত হয়ে থাকলে তাকে বলা হয় Gerund Phrase (জিরাণ্ড ফ্রেজ্)।

কোনও শব্দ জিরান্ড কিনা দেখতে হলে প্রথমেই লক্ষ করতে হবে শব্দটার শেষে -ing আছে কিনা। তারপর লক্ষ করতে হবে শব্দটা বা তার সাথে মিলে শব্দগুচ্ছটা কোনও বস্তু বা বিষয়কে **Object** (অব্‌জেক্ট) বা **Subject** (সাব্‌জেক্ট) অর্থাৎ কর্তা হিসাবে নির্দেশ করছে কিনা।

জিরান্ড ফ্রেজ্ হল একটা বিশেষ ধরনের **Noun Phrase** (নাউন ফ্রেজ)। জিরান্ড শব্দ ও শব্দগুচ্ছ বাক্যে ব্যবহার হতে পারে বিভিন্নভাবে—

1. **Subject** (সাব্‌জেক্ট) বা বাক্যের কর্তা
   উদাহরণ: Running is a good exercise. Singing is my hobby.
2. **Preposition** (প্রিপোজিশন)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: Minu was scolded for talking in the class.
   Did you read this book about working on a computer?
3. **Main Verb** (মেন ভার্‌ব)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: Minu enjoys cooking with her mother.
   He likes playing football.
4. **Auxiliary Verb** (অক্সিলিয়ারি ভার্‌ব)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: A good career for me might be teaching.
   My favorite hobby is reading books.

**Noun Phrase** তৈরি হয় একটা নাউন শব্দের সাথে আরও কয়েকটা শব্দ মিলে, যেগুলো ওই নাউন শব্দটাকে নানা বৈশিষ্ট্য দেয়। এই শব্দগুলো হতে পারে **Determiner** (ডিটারমিনার) বা আর্‌টিক্‌ল, অ্যাডজেকটিভ, পারটিসিপ্‌ল, ও পসেসিভ্ প্রোনাউন। নাউন ফ্রেজ্‌গুলোর কয়েকটা উদাহরণ হল, A book, That house, That red ball, A writing table, My house, Her pen। নাউন ফ্রেজ্‌গুলোও ব্যবহার হয় ওপরে দেখানো চারটে ভাবে।

1. **Subject** (সাব্‌জেক্ট) বা বাক্যের কর্তা
   উদাহরণ: That young boy plays very well.
2. **Preposition** (প্রিপোজিশন)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: He lives in a village named Phuldanga.
3. **Main Verb** (মেন ভার্‌ব)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: We want that young boy in our football team.
   He gave the little girl a chocolate.
4. **Auxiliary Verb** (অক্সিলিয়ারি ভার্‌ব)-য়ের অব্‌জেক্ট
   উদাহরণ: What I need is a writing table.

সাধারণ নাউন ফ্রেজ ও জিরান্ড ফ্রেজ পার্থক্য করায় অনেক সময়েই ভুল হয়ে যেতে পারে। এর কারণ, সাধারণ নাউন ফ্রেজের মধ্যেও একটা **-ing form** শব্দ থাকতে পারে, যেটা কিন্তু **Participle Adjective** (পার্‌টিসিপ্‌ল অ্যাডজেক্‌টিভ), **Gerund** (জিরান্ড) শব্দ নয়।

ওপরের উদাহরণের শেষ বাক্যটাতে a writing table-য়ের writing শব্দটা কিন্তু পার্‌টিসিপ্‌ল অ্যাড্‌জেক্‌টিভ, জিরাণ্ড নয়। এই ধরনের আরও শব্দগুচ্ছ হল, crying baby, sleeping doll, swimming pool, walking stick, reading lamp, running shoe etc. । নাউন শব্দগুচ্ছে পার্‌টিসিপ্‌ল অ্যাড্‌জেক্‌টিভ হিসাবে **en/ed from**-য়ের শব্দও থাকতে পারে — যেমন, a table made of wood, a broken chair, the wounded soldier, a displaced person, a covered book shelf, etc.। পার্‌টিসিপ্‌ল অ্যাড্‌জেকটিভ সম্বন্ধে আলোচনা পরে করা হয়েছে।

> মনে রাখো: জিরাণ্ড শব্দ নিয়ে একটা শব্দগুচ্ছ নাউন ফ্রেজ হয় কেবলমাত্র যখন সেই শব্দগুচ্ছটা কোনও নির্দিষ্ট কর্মকাণ্ড বোঝায়, যা বাক্যের সাব্‌জেক্ট বা কর্তা হতে পারে আবার অব্‌জেক্ট-ও হতে পারে।
> একটা শব্দগুচ্ছ নাউন ফ্রেজ হয় কেবলমাত্র তখনই যখন তা কোনও নির্দিষ্ট বস্তু বা বিষয়কে বোঝায়। এই শব্দগুচ্ছে নাউন শব্দটা ছাড়া অন্যান্য শব্দ, যেমন আর্‌টিক্যাল, পার্‌টিসিপ্‌ল অ্যাড্‌জেক্‌টিভ, ও অ্যাড্‌ভারবও থাকতে পারে।

বাক্যে অন্যান্যভাবে Noun-য়ের ব্যবহার সম্বন্ধে এছাড়া বলতে হয় **Noun Clause** (নাউন ক্লজ), যা আমরা পরে আলোচনা করব।

## Gender (জেণ্ডার)

Noun শব্দগুলোর যেগুলো Abstract Noun, Proper Noun, বা Collective Noun নয়, সেগুলোকে চারটে ভাগে রাখা যায় Gender বা লিঙ্গ অনুযায়ী— Masculine (ম্যাস্‌কুলাইন), Feminine (ফেমিনাইন), Neuter (নিউটার) ও Common (কমন্) gender ।

কিছু শব্দ আছে যেগুলো নারী অথবা পুরুষ বোঝায়। এগুলোকে তাই Gender বা লিঙ্গ অনুযায়ী **Masculine gender** ও **Feminine gender** হিসাবে আলাদা ভাগ করা যায় — যেমন, boy–girl, brother–sister, husband–wife, him–her, he-she ।

কিছু শব্দ আছে যেগুলো নারী বা পুরুষ, দুই-ই বোঝাতে পারে। এগুলোকে এভাবে ভাগ করা যায় না, তাই বলা হয় **Common gender**—যেমন, people, baby, thief, police, friend। বস্তু বা Material Noun গুলোর ক্ষেত্রে নারী না পুরুষ, সেই প্রশ্নই ওঠে না। এগুলোর কোনও Gender বা লিঙ্গ হয় না। তাই বলা হয় **Neuter gender** —যেমন, house, chair, pen, television, school, bus, train, road ।

আমরা নিচে কয়েকটা শব্দের উদাহরণ দেব।

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| actor | actress | hero | heroine |
| bachelor | spinster | him | her |
| Boy | girl | host | hostess |
| bridegroom | bride | husband | wife |

| | | | |
|---|---|---|---|
| brother | sister | king | queen |
| lord | lady | lad | lass |
| emperor | empress | male | female |
| father | mother | male-child | female-child |
| father-in-law | mother-in-law | man | woman |
| Gentleman | lady | manservant | maidservant |
| God | goddess | master | mistress |
| Grandfather | grandmother | monk | nun |
| He | she | Mr | Mrs |
| Headmaster | headmistress | nephew | niece |
| Poet | poetess | son-in-law | daughter-in-law |
| Policeman | policewoman | stepfather | stepmother |
| Postman | postwoman | stepson | stepdaughter |
| Postmaster | postmistress | tutor | governess |
| Priest | priestess | uncle | aunt |
| Prince | princess | waiter | waitress |
| Sir | madam | widower | widow |
| Son | daughter | wizard | witch |

প্রাণীদের ক্ষেত্রে অনেক সময়ই নারী-পুরুষ ভেদ না করে একটা নামেই বলা হয়, Common Gender হিসাবে। আবার নারী-পুরুষ বোঝানোর জন্য আলাদা শব্দও ব্যবহার হয়—

| Common animal name | Masculine | Feminine |
|---|---|---|
| rabbit/hare | buck | doe |
| horse | stallion | mare |
| sheep | ram | ewe |
| pig | boar | sow |
| chicken | rooster/cock | hen |
| duck | drake | duck |
| cow | bull | cow |
| goose | gander | goose |
| fox | fox | vixen |
| tiger | tiger | tigress |
| lion | lion | lioness |
| deer | stag | hind |
| dog | dog | bitch |
| goat | he-goat | she-goat |
| cat | tom-cat | queen-cat |

নারী বা পুরুষ, দুই-ই বোঝাতে পারে Common gender শব্দের উদাহরণ—

| | | | | |
|---|---|---|---|---|
| baby | bird | cat | cattle | child |
| companion | cousin | dancer | deer | friend |
| guardian | guest | infant | owner | parent |

| | | | | |
|---|---|---|---|---|
| passenger | pig | president | pupil | relative |
| sheep | singer | student | swan | teacher |

## Verb (ভার্ব)

ইংরেজি ভাষায় যে শব্দগুলোকে Verb বলা হয়, বাক্যে সেগুলো নানাভাবে ব্যবহার হতে পারে। এগুলো যে সর্বদা Verb হিসাবেই বাক্যে ব্যবহার হবে তাও নয়। কখনও Adjective, Noun, বা একটু রূপান্তর করে Adverb হিসাবেও ব্যবহার হতে পারে। বিস্তারিত আলোচনা পাওয়া যাবে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে। Verb হিসাবেই শব্দগুলো বাক্যে ব্যবহার হয় মূলত দুইভাবে। বাক্যের Subject (সাবজেক্ট) বা কর্তার—

1. অবস্থা সম্বন্ধে বর্ণনা দিতে; বা 2. করা কাজ সম্বন্ধে বর্ণনা দিতে।

এই দুটো ধরন বোঝা যাবে বাক্যের উদাহরণ দিয়ে—

1. Ram is a student. I am a student. They are students.
2. I play football. I go to school. They read books.

প্রথম ধরনের বাক্যে Verb হিসাবে is, am, are, ব্যবহার হয়েছে। এই ধরনের শব্দগুলোকে বলে **Auxiliary Verb।** এগুলোকে **Linking Verb** (লিংকিং ভার্ব) বা **Helping Verb** (হেল্পিং ভার্ব)-ও বলা হয়। এগুলোর নিজস্ব কোনও অর্থ হয় না, বা কোনও নির্দিষ্ট কাজ বোঝায় না। এরা ব্যবহার হয় কেবলমাত্র বাক্য গঠন করায় সহায়ক হিসাবে। লক্ষ করো, প্রথম ধরনের বাক্যগুলোতে এই শব্দগুলো কর্তা বা Subject-য়ের সাথে অবস্থাসূচক শব্দের শুধু সংযোগ স্থাপন করেছে। এগুলোর সম্বন্ধে পরে আলোচনা করা আছে।

দ্বিতীয় ধরনের বাক্যগুলোতে play, go, read, শব্দগুলো নির্দিষ্ট কাজ বোঝায় এবং এই শব্দগুলোই এখানে বাক্য গঠন করায় সক্রিয়ভাবে আছে। তাই এখানে কোনও Auxiliary Verb-য়ের প্রয়োজন হয়নি। এই ধরনের বাক্যগুলোতে ব্যবহার করা কাজ বোঝায় এমন Verb শব্দগুলোকে আমরা **Main Verb** (মেন ভার্ব) বলতে পারি।

এই দুই ধরনের Verb শব্দের পার্থক্য বিশেষ করে লক্ষ করব। তার আগে আমরা দেখব মূল Verb শব্দ ও তার থেকে পাওয়া অন্যান্য Verb Forms বা রূপগুলো ।

## Verb ও Verb Forms

Verb শব্দগুলো মোট পাঁচটা রূপে পাই—

1. মূল রূপ (base form); 2. -s রূপ (-s form) – third person singular;
3. ed-রূপ (past tense,-ed form); 4. ing-রূপ (present participle, -ing form);
5. -en/ed রূপ (past participle, -en/ed form)।

কয়েকটা শব্দের উদাহরণে দেখে নিই এই রূপগুলো কেমন ।

| 1. | 2. | 3. | 4. | 5. |
|---|---|---|---|---|
| base form | -s form | -ed form | -ing form | -en/ed form |
| help | helps | helped | helping | helped |
| watch | watches | watched | watching | watched |
| climb | climbs | climbed | climbing | climbed |
| inform | informs | informed | informing | informed |
| live | lived | lived | living | lived |
| look | looks | looked | looking | looked |
| like | likes | liked | liking | liked |
| come | comes | came | coming | came |
| take | takes | took | taking | taken |
| sit | sits | sat | sitting | sat |
| know | knows | knew | knowing | known |
| catch | catches | caught | catching | caught |
| throw | throws | threw | throwing | thrown |
| go | goes | went | going | gone |
| eat | eats | ate | eating | eaten |
| bring | brings | brought | bringing | brought |
| have | has | had | having | had |
| do | does | did | doing | done |
| be | be | was/were | being | been |

শব্দটার মূল যে রূপ (base form) তার শেষে -s বা -es যোগ করে থার্ড পার্সন সিংগুলার রূপ পাই 2 নম্বর স্তম্ভে। বর্তমান কালে বাক্যের কর্তা থার্ড পার্সন সিংগুলার হলে এই ভার্বটা ব্যবহার হয়। এবার ওপরের তালিকায় প্রথম সাতটা শব্দ লক্ষ করো । –ed যোগ করে আমরা 3 নম্বরে **Past** (পাস্ট) ও 5 নম্বর স্তম্ভে **Past Participle** (পাস্ট পার্টিসিপ্ল) শব্দগুলো পাচ্ছি একই রূপে । সুতরাং, এগুলো একটা নিয়ম মেনে চলে। তাই এদেরকে বলা হয় **Regular Verbs** (রেগুলার ভার্ব) । বাকি শব্দগুলোর ক্ষেত্রে এরকম কোনও নিয়ম দেখা যাচ্ছে না। তাই এদেরকে বলব **Irregular Verbs** (ইর্রেগুলার ভার্ব) ।

মনে রাখো, যেসব Verb শব্দের Past ও Past Participle রূপ তৈরি হয় শেষে –ed যোগ করে, তাদের Regular Verbs বলে। যেগুলোতে তা হয় না তাদের Irregular Verbs বলে।

এবার জানতে হবে, এই রূপগুলোর কোন্ রূপটা কখন ব্যবহার হয়। এটা জানতে আমাদের বুঝতে হবে বাক্যের সময়কাল বা **Tense** (টেন্স) বিষয়টা — **Present Tense** (বর্তমান), **Past Tense** (অতীত), ও **Future Tense** (ভবিষ্যৎ)। কিন্তু এর আলোচনাটা বিস্তারিত বলে পরে করা হবে। আর জানতে হবে Auxiliary Verb-গুলোকে, যার মধ্যে **Modal Verb** (মোডাল ভার্ব)-গুলোকেও ধরা হয়। এগুলোর আলোচনাও পরে করা আছে।

এখানে আপাতত কয়েকটা সাধারণ নিয়ম বলে রাখা যায়—

1. প্রথম দুটো রূপ, base form আর -s form, সক্রিয়ভাবে ব্যবহার হয় একমাত্র Simple Present Tense বা সাধারণ বর্তমানকালের বাক্যে। সক্রিয়ভাবে ব্যবহার মানে, এই রূপে Verb শব্দটা সরাসরি বাক্যের Subject বা কর্তা-র সাথে থাকে, ও ক্রিয়া বা কাজটাকেই বোঝায়। মাঝে কোনও Auxiliary Verb-য়ের প্রয়োজন হয় না।
   a. base form-য়ের Verb-গুলো ব্যবহার হয় যখন বাক্যের Subject (কর্তা) কোনও first person (প্রথম পক্ষ) বা second person (দ্বিতীয় পক্ষ), যেমন, I, we, you, বা third person plural (একাধিক তৃতীয় পক্ষ) যেমন, they, these, those, students, boys, flowers, dogs, tables, chairs etc.

      I play. We play. You play. They play.
      Dogs run very fast. Those flowers look beautiful.

   b. -s form-য়ের Verb-গুলো ব্যবহার হয় যখন বাক্যের Subject (কর্তা) কোনও third person singular (একক তৃতীয় পক্ষ) যেমন, he, she, this, that, it, Ram, Shyam, Jadu, Madhu, Delhi, Kolkata, etc.

      He plays. She dances. Ram sings.
      This dog runs very fast. That flower looks beautiful.
      It has two legs. This train goes to Kolkata.

      কিন্তু, সাধারণ বর্তমান কালেও যদি প্রশ্নসূচক বাক্য বা জোর দিয়ে বলায় Emphatic (এম্‌ফ্যাটিক) Auxiliary Verb (do, does) ব্যবহার, তাহলে সেটা দিয়েই third person singular-কে বোঝানো হবে ও তাই ভার্ব শব্দটা base form-য়েই ব্যবহার হবে, -s form-য়ে নয়।

      Does Ram play football? Yes. He does play football.
      Does it have two legs? Yes. It does have two legs.

2. তৃতীয় রূপ, -ed form, সক্রিয়ভাবে ব্যবহার হয় একমাত্র Simple Past Tense বা সাধারণ অতীতকালের বাক্যে। অর্থাৎ, এখানেও এই রূপে Verb শব্দটা সরাসরি বাক্যের Subject বা কর্তা-র সাথে থাকে, ও ক্রিয়া বা কাজটাকেই বোঝায়। মাঝে কোনও Auxiliary Verb-য়ের প্রয়োজন হয় না। এখানে third person singular ও third person plural-য়ের পার্থক্য করে -s form ব্যবহার হয় না।

   I played. We played. You played. They played.
   He played there. She danced. Ram sang a song.
   Dogs ran very fast. Those flowers looked beautiful.
   This dog ran very fast. That flower looked beautiful.
   It had two legs. That train went to Kolkata.

3. এবার দেখব বাকি দুটো Participle রূপকে। একটা হল Present Participle (প্রেসেন্ট পার্টিসিপ্‌ল) বা -ing form আর অন্যটা হল Past Participle (পাস্ট পার্টিসিপ্‌ল) বা -en/ed form।

বাক্যে Verb শব্দ হিসাবে Participle-য়ের ব্যবহার কখনোই সক্রিয় হয় না। এদের আগে কোনও একটা Auxiliary Verb অবশ্যই বসাতে হয়। **Tense** (সময়কাল) অন্য হলেও এদের রূপের কোনও পরিবর্তন হয়না । তাই এরা সময়কাল বোঝায় না। বাক্যে সময়কাল বোঝানোটা হয় Auxiliary Verb-টার রূপ বদলে করে। এদের নামের সাথে পাস্ট ও প্রেজেন্ট শব্দদুটো ভুল বোঝাতে পারে। তাই আজকাল আধুনিক ইংরেজি ব্যাকরণে পার্টিসিপ্‌লের সাথে পাস্ট ও প্রেজেন্ট শব্দদুটো ব্যবহার না করে বলা হয় -ing Participle ও -en/ed Participle।

সাধারণ নিয়ম হিসাবে মনে রাখতে হবে, Verb শব্দ হিসাবে -ing Participle ব্যবহার হয় কোনও কাজ বা ঘটনা যখন বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালে কিছু সময় ধরে চলে (বা না চলে) ও -en/ed Participle ব্যবহার হয় কোনও কাজ বা ঘটনা যখন বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালে কোনও নির্দিষ্ট সময়ের আগে সম্পূর্ণ হয় (বা না হয়)। এই ব্যবহারগুলো পরে Tense আলোচনায় করা আছে।

Participle ব্যবহার হতে পারে Verb শব্দ ছাড়াও অন্য শব্দ হিসাবে, যেমন, Participle Adjective (পার্টিসিপ্‌ল অ্যাডজেক্টিভ), Gerund বা -ing noun (জিরান্ড বা -ing নাউন), Adverbial Participle (অ্যাড্‌ভার্বিয়াল পার্টিসিপ্‌ল)। এই ব্যবহারগুলো পরে আলোচনা করা আছে।

## Finite ও Non-Finite Verb

আমরা ওপরের আলোচনায় দেখলাম, ভার্ব শব্দ একমাত্র সাধারণ বর্তমান কালের বাক্যে মূল রূপে (Base form), ও সাধারণ অতীত কালের বাক্যে অতীত কালের রূপে (Past –ed form) বাক্যের মেন ভার্ব হিসাবে সক্রিয় থাকে, যখন এই ভার্ব শব্দগুলোর আগে আর কোনও অক্সিলিয়ারি বা মোডাল শব্দ থাকে না। এই ক্ষেত্রে ভার্ব শব্দটা বাক্যের কর্তার সাথে সরাসরি যুক্ত হয় । আর সময়কাল অন্য হলে এগুলোর রূপ বদলায়, তাই এরা সময়কালও বোঝায়। তাছাড়া এরা বর্তমান কালের বাক্যে রূপ বদলে (-s form) একক তৃতীয় পক্ষ কর্তাকেও বোঝায়। বাক্যে এই ধরনের ভার্ব শব্দকে বলে **Finite Verb** (ফাইনাইট ভার্ব) ।

অন্যদিকে, পার্টিসিপ্‌ল রূপে ভার্ব শব্দ বাক্যে একক ভাবে ভার্ব হিসাবে কখনও সক্রিয় হয় না, কারণ, বাক্যের কর্তার সাথে এরা সরাসরি যুক্ত হয় না, আগে একটা অক্সিলিয়ারি ভার্ব লাগে। সময়কাল অন্য হলেও এগুলোর রূপ বদলায় না, তাই এরা সময়কালও বোঝায় না। সুতরাং, একক শব্দ হিসাবে এরা বাক্যের মেন ভার্ব হয় না, ভার্ব শব্দ হিসাবে ব্যবহার হলেও। বাক্যে এই ধরনের ভার্ব শব্দকে বলে **Non-finite Verb** (নন্‌-ফাইনাইট ভার্ব)।

মনে রাখো:

- বাক্যের যে ভার্ব শব্দ কর্তা বা সাবজেক্টের সাথে সরাসরি যুক্ত থাকে ও সময়কাল অন্য হলে রূপ বদলায়, তাকে ফাইনাইট ভার্ব বলে। এটাই বাক্যের মেন্ ভার্ব হয়।
- বাক্যের যে ভার্ব শব্দ কর্তা বা সাবজেক্টের সাথে সরাসরি যুক্ত থাকে না ও সময়কাল অন্য হলেও রূপ বদলায় না, তাকে নন্-ফাইনাইট ভার্ব বলে। এককভাবে এটা বাক্যের মেন্ ভার্ব হয় না।

বাক্যে নন্-ফাইনাইট ভার্ব শব্দের আগে সর্বদা কোনও একটা অক্সিলিয়ারি বা মোডাল ভার্ব শব্দ থাকে। অক্সিলিয়ারি বা মোডাল ভার্ব সর্বদা ফাইনাইট ভার্ব হয়, কারণ তারা বাক্যের কর্তার সাথে সরাসরি যুক্ত হয় ও সময়কাল অন্য হলে তাদের রূপও অন্য হয়। অক্সিলিয়ারি বা মোডাল ভার্বের সাথে নন্-ফাইনাইট ভার্বকে নিলে পাই বাক্যের মেন্ ভার্ব। নন্-ফাইনাইট ভার্ব শব্দ হিসাবে পার্‌টিসিপ্‌ল ভার্ব শব্দ ছাড়াও আরেকটা ধরনে আমরা পাই **to-infinitive** (টু-ইন্‌ফিনিটিভ)।

## Infinitive

যেকোনও ভার্ব শব্দকে আমরা নির্দেশ করি তার base form বা মূল রূপের আগে একটা **'to'** বসিয়ে । অর্থাৎ এই **'to'** টা দিয়ে বোঝা যায় যে এটা একটা ভার্ব শব্দ। যেমন, to go, to play, to give, to sleep, to eat, to drink, ইত্যাদি । বাক্যে যখন একটা ভার্ব শব্দ এই 'to' সহ ব্যবহার করা হয়, তখন সেটা হয়ে যায় একটা নন্-ফাইনাইট ভার্ব, যাকে বলা হয় **to-infinitive** (টু-ইন্‌ফিনিটিভ) । এরাও বাক্যের কর্তার সাথে সরাসরি যুক্ত হয় না, আগে একটা ফাইনাইট ভার্ব বা অক্সিলিয়ারি ভার্ব লাগে, আর সময়কাল অন্য হলেও এগুলোর রূপ বদলায় না।

বাক্যে কখন কীভাবে to-infinitive আর -ing Participle ব্যবহার করতে হয় সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা আছে ''সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা'' বইটার তৃতীয় খণ্ডে। এখানে আমরা সংক্ষেপে উল্লেখ করব যে কিছু কিছু ফাইনাইট ভার্ব শব্দের পরে সাধারণত to-infinitive ব্যবহার করা হয়, যেমন—

| | | | |
|---|---|---|---|
| afford | demand | like | pretend |
| agree | fail | love | promise |
| arrange | forget | manage | refuse |
| ask | hate | intend | remember |
| begin | help | need | start |
| choose | hope | offer | try |
| continue | intend | plan | want |
| decide | learn | prefer | |

কিছু ফাইনাইট ভার্ব শব্দের পরে সাধারণত -ing Participle ব্যবহার করা হয়, যেমন—

| | | | |
|---|---|---|---|
| admit | deny | finish | mind |

| | | | |
|---|---|---|---|
| avoid | dislike | give up | miss |
| help | enjoy | imagine | practise |
| stand | fancy | involve | put off |
| consider | feel like | Keep | risk |

আবার এমনও হয় যে to-infinitive অথবা -ing Participle-য়ের যেকোনও একটা ব্যবহার করা যায়, কিন্তু বাক্যের অর্থ অন্য হয়ে যায়। উদাহরণ, কারো সাথে খেলার আগে তাকে বলব,

I would like to play with you. আর খেলার শেষে বলব,

I liked playing with you. বা I enjoyed playing with you.

## Transitive Verb ও Intransitive Verb

কোনও কোনও সক্রিয় ভার্ব শব্দের সাথে সরাসরি তার অব্জেক্ট উল্লেখ করা অবশ্যপ্রয়োজনীয় হয়। অব্জেক্টটা উল্লেখ না করলে বাক্যের অর্থ অসম্পূর্ণ থেকে যায়। এই ধরনের ভার্ব শব্দকে বলা হয় **Transitive Verb** (ট্রান্সিটিভ ভার্ব)। ট্রান্সিটিভ ভার্বগুলোকে চেনার উপায় হল, এগুলোর ব্যবহার হলেই প্রশ্ন জাগে কী, কে, কোন্টা ইত্যাদি। ট্রান্সিটিভ নাম দেওয়ার এটাই কারণ — ক্রিয়াকে কোনও বস্তু বা বিষয়ে সঞ্চারিত হতেই হয়। উদাহরণ—

He is making toys. She is going to school. He brought biscuits for us.

এই বাক্যগুলোতে ভার্ব make, go, bring হল ট্রান্সিটিভ, কারণ ক্রিয়ার অব্জেক্ট হিসাবে কী, কোথায় কোন্টা বলতেই হয়।

অন্যদিকে নিচের বাক্যগুলো লক্ষ করো —

He jumped. The dog runs. She dances. I am sleeping.

এই বাক্যগুলোতে ভার্ব jump, run, dance, sleep, (একইভাবে laugh, smile, clap, occur) হল ইন্ট্রান্সিটিভ, কারণ ক্রিয়ার অব্জেক্ট দরকার হয়নি। সুতরাং, বাক্যে যেসব সক্রিয় ভার্ব শব্দের সাথে সরাসরি কোনও অব্জেক্ট অবশ্যই উল্লেখ করা প্রয়োজন হয়না তাদেরকে বলব **Intransitive Verb** (ইন্ট্রানসিটিভ ভার্ব)।

## Auxiliary Verb ও Modal Verb

অধিকাংশ ইংরেজি বাক্য গঠন করতে কিছু সহায়ক শব্দ দরকার হয়। এগুলোকে অক্সিলিয়ারি ভারব্ বলে। সহায়ক শব্দগুলি কোনও নির্দিষ্ট কাজ বোঝায় না; কোনও অর্থও হয় না । কিন্তু এরা সর্বদা বাক্যের ফাইনাইট ভার্ব হিসাবে কাজ করে ।

এই শব্দগুলোর দুটো ধরন—সাধারণ অক্সিলিয়ারি ভার্ব ও মোডাল অক্সিলিয়ারি ভার্ব। বাক্যে **Finite Verb** (ফাইনাইট ভার্ব) হিসাবে কাজ করে বলে এদের বর্তমান ও অতীত কালের রূপ আলাদা হয়—

| সাধারণ অক্সিলিয়ারি ভার্ব | | মোডাল অক্সিলিয়ারি ভার্ব | |
|---|---|---|---|
| বর্তমান কালের রূপ | অতীত কালের রূপ | বর্তমান কালের রূপ | অতীত কালের রূপ |
| am/is | was | can | could |
| are | were | may | might |
| do/does | did | must | হয় না |
| have/has | had | shall | should |
| | | will | would |

সাধারণ অক্সিলিয়ারি ভার্ব am/is, are-কে বলা হয় **be verb** (বি ভার্ব)। বর্তমান কালে third person singular হল is, does, has আর third person plural হল are, do, have । এরই অতীত কালের রূপ হল was, were, did, had । আর পাই -ing পার্টিসিপ্ল রূপে being, ও -en/ed পার্টিসিপ্ল রূপে been ।

সাধারণ অক্সিলিয়ারি ভার্ব হিসাবে be (being, been), do (does, did), have (has, had) শব্দগুলোর ব্যবহার বিশেষ করে লক্ষ করতে হয়। কারণ, এগুলো আবার বাক্যে মূল ভার্ব হিসাবেও ব্যবহার হতে পারে। কখন অক্সিলিয়ারি ভার্ব হল, আর কখন মূল ভার্ব হল এই ব্যাপারটা তাই বুঝতে অসুবিধা হতে পারে। উদাহরণ হিসাবে দেখো—

Do you do this? Yes, I do do this.

Please be careful. You are being rude to us.

I have been to Kolkata.

I have had my meal before coming here.

এই বাক্যগুলোতে নিচে দাগ দেওয়া শব্দগুলো কিন্তু মূল ভার্ব, অক্সিলিয়ারি ভার্ব নয় ।

সাধারণ অক্সিলিয়ারি ভার্ব শব্দের কোনও নির্দিষ্ট অর্থ না থাকলেও, **Modal Auxiliary Verb** (মোডাল অক্সিলিয়ারি ভার্ব) বা **Modals** (মোডাল্স) শব্দগুলো ব্যবহার হয় বিশেষ কোনও ভাব বোঝাতে, যেমন—

| | |
|---|---|
| করতে বা হতে পারা | can |
| করার বা হওয়ার সম্ভাবনা, অনুমতি, বা প্রার্থনা | may |
| করার বা হওয়ার অবশ্য প্রয়োজন | must |

এছাড়া বিশেষ ভাব প্রকাশ করতে need, ought, dare শব্দগুলোও অক্সিলিয়ারি ভার্ব হিসাবে ব্যবহার হতে পারে। কখন কীভাবে মোডালস ব্যবহার হয় তার বিস্তারিত আলোচনা করা আছে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার দ্বিতীয় খণ্ডে।

বাক্যে একাধিক অক্সিলিয়ারি ভার্ব ব্যবহার হতে পারে। এগুলো কখন সময়কাল বোঝাতে বা বিশেষ ভাব বোঝাতে কীভাবে ব্যবহার হয় তা শিখে নিতে হবে। বিস্তারিত আলোচনা আছে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার দ্বিতীয় খণ্ডে।

| | | |
|---|---|---|
| have/has been | had been | |
| may be | may have | may have been |
| might be | might have | might have been |
| must be | must have | must have been |
| will/shall be | will have | will have been |
| could be | could have | could have been |
| should be | should have | should have been |
| would be | would have | would have been |

কর্মবাচ্যে বা (প্যাসিভ ভয়েস) বাক্যে am/is being, are being, was being, were being ব্যবহার হয়, -en/ed পার্‌টিসিপ্‌ল-এর আগে। এর আলোচনা পরে করা আছে।

## Verb Tense

আমরা বাক্যে ভার্‌ব শব্দগুলো এমন করি যাতে কোনও কিছু হওয়া বা ঘটার সময়কালটাও বুঝিয়ে দেওয়া যায়। যেমন, 'আমি খাচ্ছি' বললে বোঝাই এখন খাচ্ছি (প্রেসেন্ট বা বর্তমান কাল), 'আমি খেয়েছিলাম' বললে বোঝাই বোঝাই পুরনো দিনের কথা (পাস্‌ট বা অতীত কাল), আর 'আমি খাব' বললে বোঝাই আগামী দিনের কথা (ফিউচার বা ভবিষ্যৎ কাল)।

ইংরেজি বাক্যে একক Finite (ফাইনাইট) ভার্‌ব শব্দ, অথবা Non-finite (নন্‌-ফাইনাইট) ভার্‌ব শব্দগুলো (-ing participle, en/ed participle, বা 'to' infinitive) আগে অক্সিলিয়ারি ভার্‌বসহ ব্যবহার করে সময়কাল বা Tense (টেন্‌স) বোঝানো হয়।

মূল তিনটে সময়কাল, Present Tense (প্রেসেন্ট টেন্‌স), Past Tense (পাস্‌ট টেন্‌স), ও Future Tense (ফিউচার টেন্‌স)-য়ের এক একটাতে আমরা চারটে করে মোট বারো ধরনের বাক্যে গঠন পাই।

| Present Tense | Past Tense | Future Tense |
|---|---|---|
| Simple present | Simple past | Simple future |
| Present continuous | Past continuous | Future continuous |
| Present perfect | Past perfect | Future perfect |
| Present perfect continuous* | Past perfect continuous* | Future perfect continuous* |

continuous* -য়ের বদলে progressive-ও বলা হয়।

মনে রেখো: একমাত্র Simple present ও Simple past-য়ের সাধারণ বাক্যতেই (মোডাল বা প্রশ্নসূচক বা জোর দিয়ে বলায় do-য়ের ব্যবহার না হলে) আমরা <u>একক ফাইনাইট ভার্‌ব</u> শব্দের ব্যবহার পাই। বাকি সব ধরনগুলোতে আমরা <u>অক্সিলিয়ারি ভার্‌বসহ নন্‌-ফাইনাইট ভার্‌ব</u> শব্দ, বা পার্‌টিসিপল রূপে, অথবা টু ইন্‌ফিনিটিভ রূপে ভার্‌ব শব্দ ব্যবহার করি। আরেকভাবে বলা যায়, ভার্‌ব একটা শব্দ হিসাবে সাধারণভাবেই নন্‌-ফাইনাইট। কেবলমাত্র সাধারণ বর্তমানকাল ও সাধারণ অতীতকালের বাক্যেই এরা ফাইনাইট হয়।

## **Simple Present Tense** (সিম্পল প্রেসেন্ট টেন্‌স)

এই বাক্যগুলো বর্ণনা করে, যা করা হয়, ঘটে, বা বর্তমানে আছে। এই বাক্যগুলোর রকম— এক, সাধারণত বা সাধারণ নিয়মে যা করা হয় বা ঘটে, দুই, বর্তমানের কোনও অবস্থা ।

| | | | |
|---|---|---|---|
| I play football. | You play football. | He/She plays... | We/They play football. |
| Sun rises in the east. | I have a book. | She has a book. | They have a book. |

বাক্যগুলোর গঠনটা লক্ষ করো — সাবজেক্ট বা কর্তা + ফাইনাইট ভার্ব + অবজেক্ট।

ওপরের বাক্যগুলোতে ভার্ব শব্দগুলো ফাইনাইট, ও তাই এখানে কোনও অক্সিলিয়ারি ভারব নেই। কিন্তু, নিচের বাক্যগুলো শুধুই অবস্থার বর্ণনা, কোনও কাজ বোঝায় না। তাই এখানে বাক্য গঠন করতে অক্সিলিয়ারি ভার্ব দরকার হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| I am a student. | The village is here. | She is a dancer. | They are our friends. |

এই বাক্যগুলোর গঠন— সাবজেক্ট বা কর্তা + অক্সিলিয়ারি ভার্ব + অবজেক্ট.

সাধারণ বর্তমান কালের বাক্য নেতিবাচক বা প্রশ্নসূচক হলে বাক্য গঠনে অক্সিলিয়ারি ভার্ব হিসাবে do/does এসে যায়। তখন এই অক্সিলিয়ারি ভার্বটাই ফাইনাইট ভার্ব হিসাবে কাজ করে ও মূল ভার্ব শব্দটা নন-ফাইনাইট হয়ে যায়। একই ব্যাপার ঘটে সাধারণ বর্তমান কালের বাক্যে Modals (মোডাল্‌স) ব্যবহার হলে — মোডাল অক্সিলিয়ারি ভার্বটাই ফাইনাইট ভার্ব হিসাবে কাজ করে ও মূল ভার্ব শব্দটা নন-ফাইনাইট হয়ে যায়।। এই ধরনের বাক্য অবশ্য ঠিক সেই অর্থে সাধারণ বা সিম্পল প্রেসেন্ট নয়, যা কোনও সর্বকালীন সত্য বা তথ্য বোঝায়।

| | | | |
|---|---|---|---|
| I do not play football. | He does not play football. | Do they play football? | Do you not play football? |
| I can write English. | Can he not read English? | May I come in? | You must read this book. |
| He may be at home. | You must not come with us. | It may be snake. | I may not come today. |

[**Apostrophe** *(অ্যাপস্ট্রফি) ব্যবহার করে do not-কে সংক্ষেপে লেখা হয় don't, ও do you not হয়ে যায় don't you। একইভাবে cannot-কে সংক্ষেপে লেখা হয় can't, ও can he not হয়ে যায় can't he । অ্যাপস্ট্রফি সম্বন্ধে পরে আলোচনা আছে।*]

বাক্যের গঠন লক্ষ করো —

নেতিবাচক: সাবজেক্ট বা কর্তা +অক্সিলিয়ারি ভার্ব +not +নন-ফাইনাইট ভার্ব +অবজেক্ট.
প্রশ্নসূচক: অক্সিলিয়ারি ভার্ব + সাবজেক্ট বা কর্তা + নন-ফাইনাইট ভার্ব + অবজেক্ট?
মোডাল্‌স: সাবজেক্ট বা কর্তা + মোডাল + নন-ফাইনাইট ভার্ব + অবজেক্ট.
প্রশ্নসূচক : মোডাল + সাবজেক্ট বা কর্তা + নন-ফাইনাইট ভার্ব +অবজেক্ট?

## **Present Continuous Tense** (প্রেসেন্ট কন্‌টিনিউয়াস টেন্‌স)

বর্তমান কালে, অর্থাৎ এখন যে কাজ হয়ে চলছে বা ঘটছে (শেষ হয়নি এখনও) তা বোঝাতে প্রেসেন্ট কন্‌টিনিউয়াস টেন্‌স ব্যবহার হয়। এখানে কিন্তু বলা হয় না কতক্ষণ ধরে হচ্ছে ।

| | | |
|---|---|---|
| I am playing football. | The train is running. | He/She is going to school. |
| Are you coming today? | We/They are playing. | We/They are winning the match. |
| The Sun is rising now. | I am having food. | Is Ram studying now? |
| Aren't you coming today? | Isn't he studying? | Aren't they playing there? |

বাক্যের গঠন লক্ষ করো — সাবজেক্ট বা কর্তা + am/is/are + -ing verb + অবজেক্ট.

প্রশ্নসূচক: Am/Is/Are + সাবজেক্ট বা কর্তা + -ing verb + অবজেক্ট?

[*Are you not-কে সংক্ষেপে বলা হয় Aren't you, ও Is he not হয়ে যায় Isn't he*]

> মনে রাখো: কোনও কাজ হয়ে চলেছে, ঘটছে বোঝাতে am/is/are -য়ের সাথে -ing participle verb ব্যবহার হয়।

## Present Perfect Tense (প্রেসেন্ট পার্‌ফেক্ট টেন্‌স)

আগের বাক্যগুলোর সঙ্গে এবার পার্থক্য করো —এখন যে কাজ শেষ হয়েছে বা ঘটে গেছে অর্থাৎ সমাপ্ত, তাই আর হচ্ছে না, কিন্তু বর্তমানকালেই সমাপ্ত হয়েছে। এগুলো বোঝাতে আমরা প্রেসেন্ট পার্‌ফেক্ট টেন্‌স ব্যবহার করি। এখানে বলা হয় না কখন বা কতক্ষণ আগে কাজটা শুরু হয়েছিল বা কতক্ষণ ধরে হয়েছিল।

| | | |
|---|---|---|
| I have played in that match today. | Have you played in that match today? | She has danced in our school function today. |
| They have gone home now. | Have you read this book? | Have you not answered all the questions? |

[*Have you not-কে সংক্ষেপে বলা হয় Haven't you, ও Has he not-কে hasn't he* ]

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + have/has + en/ed verb + অবজেক্ট.

প্রশ্নসূচক: Have/Has + সাবজেক্ট বা কর্তা + en/ed verb + অবজেক্ট?

> মনে রাখো: কোনও কাজ করা সমাপ্ত হয়েছে বোঝাতে have/has -য়ের সাথে en/ed participle verb ব্যবহার হয়।

## Present Perfect Continuous Tense (প্রেসেন্ট পার্‌ফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স)

বর্তমানকালে কিছু সময় ধরে যা হয়ে চলেছে তার বর্ণনা দিতে প্রেসেন্ট পার্‌ফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স ব্যবহার হয়। কিছু সময় ধরে হওয়াকে বোঝানোই এর লক্ষ্য। এই কারণে সাধারণত বাক্যে উল্লেখ থাকে কাজটা আরম্ভ অথবা শেষ হওয়ার সময়টা। যেমন, আমি আজ সকাল থেকে পড়েছি, অথবা আমি বিকেল পর্যন্ত পড়েছি । বাক্যে এই উল্লেখটা অবশ্য উহ্যও থাকতে পারে। এখানে বিশেষত্ব হল, কিছু সময় ধরে হওয়া বোঝাতে been শব্দটার ব্যবহার।

প্রেসেন্ট পার্‌ফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স বাক্যের দুটো রকম হয় — হয়ে চলা কোনও কাজ বোঝানো আর হয়ে চলা কোনও অবস্থা বোঝানো।

**বর্তমানে হয়ে চলা কাজ বোঝানো**

| | |
|---|---|
| We have been playing till the sundown. | He has been sleeping since morning. |
| I have been reading a book till midnight. | Sita has been dancing since morning. |
| The bird has been singing all day. | I have been standing here for the bus. |
| It has been raining. | He has been writing a book since then. |
| They have been playing football before coming to school. | They have been going to Bolpur by train. |
| We have been listening to her song. | I have been telling them a story. |

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + have/has + been + -ing verb + অবজেক্ট.

মনে রাখো: কিছু সময় ধরে কোনও কাজ হয়ে চলেছে বোঝাতে have/has -য়ের সাথে been ও তারপর -ing participle verb ব্যবহার হয়।

**বর্তমানে হয়ে চলা অবস্থা বোঝানো**

| | |
|---|---|
| I have been ill since yesterday. | He has been at home since last week. |
| They have been here from midnight. | I have been to Kolkata to see Ram. |
| He has been in Kolkata since last week. | It has been a rainy day. |
| He has been good to us. | There has been a flood in our village. |
| He has been having fever for the last four days. | You have not been careful. |

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + have/has + been + অবজেক্ট.

বর্তমানকালে বাক্যের এই গঠনটা প্রেসেন্ট পার্‌ফেক্ট-য়ের মতোই হলেও been ভার্‌বটার কারণে এটা হয়ে চলা সময় বোঝাচ্ছে, তাই প্রেসেন্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস।

প্রেসেন্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস বাক্যের প্রেক্ষিত হল বর্তমান কাল ও কিছু সময় ধরে হয়ে চলা ঘটনা । এটা না থাকলে প্রায় একই অর্থ করা যাবে অতীত কালের বাক্য দিয়েও।

বর্তমান কালের বাক্যের গঠনগুলোর আরও বিস্তারিত আলোচনা ও অনুশীলন আছে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার প্রথম খণ্ডে।

## Past Tense (পাস্‌ট টেন্‌স)

প্রেসেন্ট টেন্‌স বা বর্তমান কালের বাক্য গঠনগুলো ঠিকভাবে জানা থাকলে পাস্‌ট টেন্‌সের বাক্যগুলো বুঝতে বিশেষ অসুবিধা হবে না। কারণ, বাক্যের গঠনটা একই থাকে। শুধু সিম্পল পাস্‌ট টেন্‌সের বাক্যে ব্যবহার হবে ফাইনাইট ভার্‌বের পাস্‌ট টেন্‌স বা -ed রূপ। আর অক্সিলিয়ারি ও মোডাল ভার্‌বগুলোর পাস্‌ট টেন্‌স ব্যবহার করতে হবে—যেমন,

| | | | | | |
|---|---|---|---|---|---|
| is/am | হয়ে যাবে | was, | are | হয়ে যাবে | were, |
| do/does | হয়ে যাবে | did, | (একক তৃতীয় পক্ষ আলাদা করা হয় না) | | |
| have/has | হয়ে যাবে | had | (একক তৃতীয় পক্ষ আলাদা করা হয় না)। | | |

একইভাবে সাধারণ নিয়মে পাস্ট টেন্স রূপে can হবে could, may হবে might, (must-য়ের পাস্ট টেন্স হয় না), আর will হবে would, shall হবে should । কিন্তু খেয়াল রাখতে হবে, এই মোডালগুলো অন্য অর্থ বহন করতে পারে, ও সেই অর্থে বর্তমানকালের বাক্যেও ব্যবহার হতে পারে।

## **Simple Past Tense** (সিম্পল পাস্ট টেন্স)

এই বাক্যগুলোর রকম—এক, অতীতে করা হয়ে গিয়েছিল বা ঘটেছিল, দুই, অতীতে ছিল বা অতীতের অবস্থা, ও তিন, অতীতে করা হত বা ঘটত।

<u>অতীতে করা হয়ে গিয়েছিল, ঘটেছিল</u>

| | | |
|---|---|---|
| I played in that match. | She danced in that function. | You gave me a book. |
| I lost that book. | He invited her. | I went there. |
| He came. | He had a book. | Did he have a book? |
| She did not come. | Didn't she come? | Didn't he invite her? |
| Didn't you play there? | Did he play in that match? | Did she dance there? |

সাধারণ ইতিবাচক বাক্যগুলোতে ভারব শব্দগুলো পাস্ট টেন্স বা -ed রূপে ফাইনাইট ভার্ব হিসাবে আছে। তাই এখানে কোনও অক্সিলিয়ারি ভারব নেই। এই বাক্যগুলোর গঠন —

সাবজেক্ট বা কর্তা + ফাইনাইট -ed ভার্ব + অবজেক্ট.

কিন্তু, not দিয়ে নেতিবাচক, অথবা প্রশ্নসূচক বাক্যগুলোতে মূল ভার্ব শব্দটা নন-ফাইনাইট হয়ে সাধারণ রূপে বলা হয়। তাই অক্সিলিয়ারি বা মোডাল ভার্বটা পাস্ট টেন্স রূপে ব্যবহার ব্যবহার করতে হয়। এই did শব্দটা দিয়েই বোঝা যায় যে বাক্যটা পাস্ট টেন্স।

মনে রেখো, পাস্ট টেন্স বা অতীতকালের বাক্যে একক তৃতীয় পক্ষ আলাদা করা হয় না। তাই, She did not come, এখানে comes হয় না, বা Did he have, এখানে has হয় না।

এই বাক্যগুলোর গঠন প্রেসেন্ট টেন্স বা বর্তমান কালের বাক্যের মতোই—

নেতিবাচক: সাবজেক্ট বা কর্তা +অক্সিলিয়ারি ভার্ব +not +নন-ফাইনাইট ভার্ব +অবজেক্ট.

প্রশ্নসূচক: অক্সিলিয়ারি ভার্ব + সাবজেক্ট বা কর্তা + নন-ফাইনাইট ভার্ব + অবজেক্ট?

<u>অতীতে ছিল</u>

| | | |
|---|---|---|
| I was a student. | The village was here. | She was a dancer. |
| They were our friend. | We were happy. | Those trees were green. |

এই বাক্যগুলোর গঠন প্রেসেন্ট টেন্স বা বর্তমান কালের বাক্যের মতোই—

সাবজেক্ট বা কর্তা + অক্সিলিয়ারি ভার্ব + অবজেক্ট.

এখানে শুধু অক্সিলিয়ারি ভার্বটা পাস্ট টেন্স করা হয়েছে — is/am হয়ে গেছে was, আর are হয়ে গেছে were । আরও বিস্তারিত আলোচনা ও অনুশীলন আছে “সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা” বইটার দ্বিতীয় খণ্ডে।

## Past Continuous Tense (পাস্ট কন্টিনিউয়াস টেন্স)

অতীতে, অর্থাৎ কিছুকাল আগে যে কাজ হয়ে চলেছিল বা ঘটে চলেছিল তা বোঝাতে পাস্ট কন্টিনিউয়াস টেন্স ব্যবহার হয়। এখানে কিন্তু বলা হয় না কতক্ষণ ধরে হচ্ছিল বা ঘটছিল ।

| | | |
|---|---|---|
| I was playing football. | He was going to school. | The train was running late. |
| You were reading. | They were playing. | We were winning the match. |
| Sun was rising. | I was having food. | Was Ram studying then? |

বাক্যের গঠন লক্ষ করো — সাবজেক্ট বা কর্তা + was/were + -ing verb + অবজেক্ট.

প্রশ্নসূচক : Was/Were + সাবজেক্ট বা কর্তা + -ing verb + অবজেক্ট?

> মনে রাখো: কোনও কাজ হয়ে চলেছিল বা ঘটে চলেছিল বোঝাতে was/were-য়ের সাথে -ing participle verb ব্যবহার হয়।

## Past Perfect Tense (পাস্ট পার্ফেক্ট টেন্স)

অতীতে যে কাজ যে কাজ শেষ হয়েছিল বা ঘটেছিল, অতীতেই ঘটা অন্য আরেকটা ঘটনারও আগে, তাকে বোঝাতে আমরা পাস্ট পার্ফেক্ট টেন্স ব্যবহার করি। এখানে লক্ষ্য হল, অতীতের দুটো ঘটনার কোন্টা আগে আর কোন্টা তারপরে ঘটেছিল সেটা বোঝানো। আগের ঘটনাটা পাস্ট পার্ফেক্ট হয়, আর পরের ঘটনাটা সিম্পল পাস্ট টেন্স হয়।

আগের পাতায় দেওয়া সিম্পল পাস্ট টেন্স-য়ের দুটো বাক্যের উদাহরণ দেখো।

You gave me a book. I lost that book.

আলাদাভাবে বলা হলে দুটো বাক্যই ঠিক। কিন্তু একসাথে বলা হলে ঠিক নয়। তুমি আগে আমাকে বইটা দিয়েছিলে তারপরে আমি সেই বইটা হারিয়ে ফেলেছিলাম। এটা তো উল্টো হবে না। তাই, আমরা এখানে পাস্ট পারফেক্ট টেন্স ব্যবহার করব—

You had given me a book. I lost that book.

বা বলব, I lost the book you had given me.

এই ধরনের আরও বাক্যের উদাহরণ পাওয়া যাবে “সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা” বইটার দ্বিতীয় খণ্ডে।

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + had + en/ed verb + অবজেক্ট.

প্রশ্নসূচক : Had + সাবজেক্ট বা কর্তা + en/ed verb + অবজেক্ট?

> মনে রাখো: অতীতে, আরেকটা ঘটনার আগে, কোনও কাজ সমাপ্ত হয়েছিল বোঝাতে had-য়ের সাথে en/ed participle verb ব্যবহার হয়।

## Past Perfect Continuous Tense (পাস্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স)

প্রেসেন্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স-য়ের মতোই পাস্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস-য়ের বাক্য, শুধু সময়টা হল অতীতকাল। অতীতে কিছু সময় ধরে যে কাজ যে কাজ হয়ে চলেছিল বা ঘটে চলেছিল তার বর্ণনা দিতে পাস্ট পারফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স ব্যবহার হয়। কিছু সময় ধরে হওয়া বোঝানোই এর লক্ষ্য। এই কারণে বাক্যে সাধারণত উল্লেখ থাকে কাজটা আরম্ভ অথবা শেষ হওয়ার সময়টা। যেমন, আমি সেদিন সকাল থেকে পড়ছিলাম, অথবা আমি সেদিন বিকেল পর্যন্ত পড়ছিলাম । কোনও একটা বাক্যে এই উল্লেখটা অবশ্য উহ্যও থাকতে পারে, যদি তার আগের বা পরের বাক্যে অতীত কালের অন্য কোনও ঘটনার উল্লেখ থাকে। এখানে বিশেষত্ব হল, কিছু সময় ধরে হওয়া বোঝাতে been শব্দটার ব্যবহার।

দুটো রকমের বাক্য হয় — অতীতে হয়ে চলা কোনও কাজ বোঝানো আর হয়ে চলা কোনও অবস্থা বোঝানো।

**অতীতে হয়ে চলা কাজ বোঝানো**

He had been having fever since he came here.

It had been raining since yesterday morning.

It had been raining since yesterday morning.

I had been standing there when the bus came.

Mita had been dancing when we saw her.

He had been sleeping when I called him.

We had been playing when our teacher came.

He had been sleeping when I called him.

I was tired. I had been reading all day.

The train had come. We had been waiting for it.

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + had + been + -ing verb + অবজেক্ট.

**অতীতে হয়ে চলা অবস্থা বোঝানো**

There had been a flood in our village before you came.

I had been ill during the last month.

He had been at home till yesterday.

He had been in Kolkata last week.

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + had + been + অবজেক্ট.

## Future Tense (ফিউচার টেন্‌স)

আগামি দিনে বা ভবিষ্যৎ কালে করা হবে এমন কাজকে বলতে ভার্‌বকে ফিউচার টেন্‌স-য়ে বলা হয়। ফিউচার টেন্‌স বোঝানোর কাজটা করে অক্সিলিয়ারি ভার্‌ব will (উইল) আর shall (শ্যাল)। তাই এই বাক্যগুলোতে মূল ভার্‌ব শব্দটা সর্বদা নন্‌-ফাইনাইট (সাধারণ রূপ, অথবা

পার্‌টিসিপ্‌ল রূপ) হয়। কখন will আর কখন shall বলা উচিত তার কিছু নিয়ম পাওয়া যাবে “সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা” বইটার দ্বিতীয় খণ্ডে ।

আমরা এখানে একটা সহজ নিয়ম মনে রাখব — shall ব্যবহার হয়, বাক্যের বক্তা যখন প্রথম পক্ষ (আমি, আমরা) ও কথাটা সাধারণভাবে বলা হয়, কিন্তু জোর দিয়ে কিছু বললে will ব্যবহার হবে। এছাড়া সাধারণত যেকোনও বাক্যেই will ব্যবহার করলে ভুল হবে না।

## Simple Future Tense (সিম্পল ফিউচার টেন্‌স)

এই বাক্যগুলো বোঝায় — এক, ভবিষ্যতে যে কাজ করা হবে ও দুই, ভবিষ্যতে যা হবে।

ভবিষ্যতে যে কাজ করা হবে — will ও shall-য়ের ব্যবহার

| | | |
|---|---|---|
| I shall try to go there. | I will go there. | Won't you come with me? |
| She will also come. | He will give her a book. | We will play together. |
| Won't he play with us? | I won't play with him. | Shall I call him to join us? |
| How will you go? | Where shall I find her? | What will he do? |

[*Will you not-কে সংক্ষেপে বলা হয় Won't you, ও Will he not হয়ে যায় Won't he*]

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + will + নন্‌-ফাইনাইট ভার্‌ব + অবজেক্ট.

ভবিষ্যতে যা হবে বা ঘটবে— will be ও shall be-র ব্যবহার

| | |
|---|---|
| Tomorrow will be my birthday. | I will not be afraid. |
| Tomorrow I shall be twenty-one. | Shall you be my friend? |
| We shall be at home tomorrow. | It shall be a rainy day. |
| He will be at home. | He shall not be there. |
| Will you not be careful? | You shall be a good boy. |
| They will be here. | These books shall be yours. |
| You will be pleased to know this. | It shall be a great day. |

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + will be + অবজেক্ট.

এছাড়া, তৃতীয় একটা ধরন হয় ।

ভবিষ্যতে কারো কিছু থাকবে বলতে will have ও shall have ও করা প্রয়োজন বোঝাতে will have to ও shall have to ব্যবহার করা হয় ।

| | |
|---|---|
| I shall have some biscuits. | He shall have the books. |
| Will you have a glass of water? | I will not have any food today. |
| I shall have to go there. | I will have to go. |
| You will have to come regularly. | You shall have to be careful. |
| He will have to attend his classes regularly. | I will have to be there **when you come.** |

**ভবিষ্যৎ কালের বাক্যের বিশেষ নিয়ম**

অনেক বাক্যের দুটো অংশ থাকে। বাক্যাংশ দুটোকে **Clause** (ক্লজ) বলে। ক্লজ সম্বন্ধে পরে আলোচনা করা আছে। এর একটা হল মূল স্বনির্ভর বাক্যাংশ, যেটা অন্য অংশটার ওপর নির্ভর করে না, ও যার পুরো অর্থ হয় । এই বাক্যাংশটা হল **Main** বা **Principal Clause** (মেন বা প্রিন্সিপ্ল ক্লজ)। অন্য অংশটার আলাদা করে পুরো অর্থ হয় না। এটা একটা উপবাক্য (পর-নির্ভর বাক্যাংশ) যার অর্থ মূল বাক্যাংশটির ওপর নির্ভর করে। একে বলা হয় **Subordinate Clause** বা **Dependant Clause** (সাবর্ডিনেট বা ডিপেন্ডেড ক্লজ)।

**বিশেষ নিয়ম:** মূল বাক্যাংশে will, shall ইত্যাদি থাকে, কিন্তু পর-নির্ভর বাক্যাংশে will, shall থাকে না, ভবিষ্যৎ কাল হলেও। এই অংশে ভার্ব শব্দটা ফাইনাইট রূপে আসে।

| এই নিয়ম অনুসারে হবে | পর-নির্ভর বাক্যাংশে will হবে না |
|---|---|
| I will give you the book when you come. | I will give you the book when you ~~will~~ come. |
| When he comes, I will give him the book. | When he ~~will come~~, I will give him the book. |

মনে রাখো: বাক্যের দুটি বাক্যাংশের একটিকে অন্যটির ওপর নির্ভরশীল হতে হবে।

নিয়মের ব্যতিক্রম

- দুটি বাক্যাংশ and দিয়ে যুক্ত হলে নির্ভরশীলতা থাকে না। তাই সেখানে এই নিয়মটি খাটবে না, যেমন — I will go to your house and we will play together.
- পর-নির্ভর বাক্যাংশটিতে যদি কোনও বিশেষ অনুরোধ, অনুমতি বা প্রার্থনা থাকে, যেমন —

  I will be happy if you will come.
  I will be grateful if you will permit me to go there.
  A day will come when he will succeed.

## Future Continuous Tense (ফিউচার কন্‌টিনিউয়াস টেন্‌স)

ভবিষ্যৎ কালে যে কাজ হয়ে চলবে বা ঘটে চলবে কিছু সময় ধরে তা বোঝাতে ফিউচার কন্‌টিনিউয়াস টেন্‌স ব্যবহার হয়। এই ধরনের বাক্য কিন্তু কাজ বোঝায়, কোনও অবস্থা নয়।

Ram will be running in the race tomorrow.
Shyam will be competing against Ram in the race.

মনে রাখো: ভবিষ্যতে কোনও কাজ হয়ে হয়ে চলবে বা ঘটে চলবে বোঝাতে will be-র সাথে -ing participle verb ব্যবহার হয়।

## Future Perfect Tense (ফিউচার পার্‌ফেক্ট টেন্‌স)

ভবিষ্যৎ কালে কোনও নির্দিষ্ট সময়ের মধ্যে কোনও কাজ সম্পন্ন হবে বোঝাতে ফিউচার পার্‌ফেক্ট টেন্‌স ব্যবহার হয়। এই ধরনের বাক্যে সময়টাকে নির্দিষ্ট করতে সাধারণত ব্যবহার by then, by the year 2020, by tomorrow night, ইত্যাদি ।

By the time he comes, I will have finished the work.

I will have made the food ready before you come.

He wll have gone by the time you come.

I will have the work by next Monday.

Will she have completed her study by then?

Won't you have sent the letter by Monday?

I will have worked here for three years by March 2020.

Will you have gone home by then

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + will have + en/ed participle verb+ অবজেক্ট.

| | |
|---|---|
| মনে রাখো: | ভবিষ্যতে কোনও কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে কোনও কাজ সম্পন্ন হবে বোঝাতে will be-র সাথে en/ed participle verb ব্যবহার হয়। |

**Future Perfect ContinuousTense** (ফিউচার পার্‌ফেক্ট কন্‌টিনিউয়াস টেন্‌স)

এই ধরনের বাক্যকে **Future Perfect Progressive Tense** (ফিউচার পার্‌ফেক্ট প্রোগ্রেসিভ টেন্‌স)-ও বলা হয়। এগুলো ব্যবহার হয় বোঝাতে যে ভবিষ্যতে কোনও একটা কাজ শুরু হয়ে চলবে কোনও একটা সময় পর্যন্ত। কিছু সময় ধরে চলা বোঝাতে এখানে সাধারণত ব্যবহার করা হয়, for a year, for two years, since early morning ইত্যাদি।

I will have been at home till 6:30 in the evening.

He will have been playing for two hours by the time you come.

By the time you come here, we will have been building the house for a year.

By 2020 he will have been studying here for five years.

I will have been working on it from tomorrow morning till I finish it.

বাক্যের গঠন— সাবজেক্ট বা কর্তা + will have been + -ing participle verb + অবজেক্ট.

## Pronoun

বাক্যে একই নাম (নাউন শব্দ) বারবার ব্যবহারের পরিবর্তে প্রোনাউন ব্যবহার করা হয়। যেমন, Ram lives here. Ram is a student. Ram goes to school regularly.—বলার বদলে আমরা বলি, Ram lives here. <u>He</u> is a student. <u>He</u> goes to school regularly. এখানে He হল একটা প্রোনাউন যা Ram-কেই বোঝাচ্ছে। অর্থাৎ, এটা Ram-য়ের পরিবর্তে ব্যবহার করা হল। এই রকমের শব্দগুলোকে প্রোনাউন শব্দ বলা হয়। প্রোনাউন শব্দগুলোর ব্যবহার নানা ধরনের হতে পারে। মনে রাখতে হবে একই প্রোনাউন শব্দ বাক্যে বিভিন্ন ধরনের প্রোনাউন হিসাবেও ব্যবহার হতে পারে। শব্দটা কোন্ ধরনের প্রোনাউন হিসাবে ব্যবহার হল, সেটা বুঝতে হবে বাক্যের গঠনটা দেখে।

## **Personal Pronoun** (পার্সনাল প্রোনাউন)

ব্যক্তি, বস্তু বা বিষয়টার নামটা পরের বাক্যে আর বারবার না বলে তার বদলে এগুলো ব্যবহার করা হয়। এগুলোর দুটো ধরন হয়, যেগুলো ব্যবহার হয় — বাক্যের কর্তা (বা সাবজেক্ট) আর বাক্যের লক্ষ্য (বা অবজেক্ট) হিসাবে।

<u>বাক্যের কর্তা (বা সাবজেক্ট)</u>:

| I | We | You | He | She | They | It |
|---|---|---|---|---|---|---|
| আমি | আমরা | তুমি, তোমরা | ও (পুং) | ও (স্ত্রী) | ওরা | ওটা |

| | |
|---|---|
| Amal, do <u>you</u> have a pen? | Yes, <u>I</u> have a pen. |
| Mita and Sita, will <u>you</u> go with Amal? | <u>He</u> will show <u>you</u> the village. |
| Does Amal live here? | Yes, <u>he</u> lives here. |
| Where does Mita live? | <u>She</u> lives in Bolpur. |
| Amal, Raju and I went to a forest. | <u>We</u> saw a tiger there. |
| Tinku and Bhola also went there. | <u>They</u> saw a bird on a tree. |
| The bird flew away. | <u>It</u> had beautiful colours. |

ওপরের বাক্যগুলোতে লক্ষ করো—মেয়ে হলে she, ছেলে হলে he, একজন বা একাধিক জন হলেও you হয়, অন্যদের সাথে নিজেকে নিয়ে বললে we, অন্যদের ক্ষেত্রে they, আর it ব্যবহার হচ্ছে একটা হলে।

<u>বাক্যের লক্ষ্য (বা অবজেক্ট)</u>:

| me | us | you | him | her | them | it |
|---|---|---|---|---|---|---|
| আমাকে | আমাদেরকে | তোমাকে, তোমাদেরকে | ওকে (পুং) | ওকে (স্ত্রী) | ওদেরকে | এটাকে |

| | |
|---|---|
| Will you please give the pen to <u>me</u>? | I will show <u>you</u> how to draw <u>it</u>. |
| Amal gave a book to <u>her</u>. | She invited <u>him</u>. |
| She also invited <u>us</u>. | I told it to <u>them</u>. |

## **Possessive Pronoun** (পোসেসিভ প্রোনাউন)

এই প্রোনাউন শব্দগুলো ব্যবহার হয় কে বা কারা কোনও কিছুর মালিক সেটা বোঝাতে। এই শব্দগুলো আসে বাক্যের কর্তা বা সাবজেক্ট প্রোনাউনগুলো অনুসারে।

> মনে রাখো: পোসেসিভ প্রোনাউনগুলোর পরে কোনও নাউন শব্দ থাকে না, ও এগুলো সাধারণত বাক্যের শেষে বসে।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Personal <u>Pronouns</u> | I | we | you | he | she | they | it |
| Possessive <u>Pronouns</u> | mine<br>আমার | ours<br>আমাদের | yours<br>তোমার, তোমাদের | his<br>ওর (পুং) | hers<br>ওর (স্ত্রী) | theirs<br>ওদের | its<br>এটার |

| | |
|---|---|
| This book is mine. | This book is hers. |
| Is that bag yours? | This pencil is his. |
| That school is ours. | This house is theirs. |
| This bag is mine. | That ball is theirs. |

পোসেসিভ প্রোনাউনগুলোর সাথে প্রায়ই গুলিয়ে যেতে পারে **Possessive Adjective** (পোসেসিভ অ্যাড্জেকটিভ)। নিচের তালিকায় দেওয়া হল কোন্গুলো পোসেসিভ প্রোনাউন আর কোন্গুলো পোসেসিভ অ্যাড্জেকটিভ শব্দ ।

| Personal Pronouns | Possessive Pronouns | Possessive Adjectives |
|---|---|---|
| I | mine | my |
| we | ours | our |
| you | yours | your |
| he | his | his |
| she | hers | her |
| it | its | its |
| they | theirs | their |

| | |
|---|---|
| This is my bag, not yours. | That is their ball, not ours. |
| The colour of your pen is blue and mine is black. | I did not have my pen, so she lent me hers. |
| Your car is faster than theirs. | This is their cat, not ours. |

লক্ষ করো: ওপরের বাক্যগুলিতে Possessive Pronoun আর Possessive Adjective ব্যবহারের পার্থক্য।

> মনে রাখো: পোসেসিভ অ্যাড্জেকটিভ শব্দগুলোর পরেই একটা নাউন শব্দ থাকে।

পোসেসিভ প্রোনাউন হিসাবে its-য়ের ব্যবহার হয় কেবলমাত্র কোনও বস্তুর ক্ষেত্রে its own বলতে। এছাড়া কিছু বিশেষ ধরনের বাক্যে one শব্দটা প্রোনাউন হিসাবে ব্যবহার হয়। তার থেকে পোসেসিভ প্রোনাউন ব্যবহার হয় one's own হিসাবে, আর পোসেসিভ অ্যাড্জেকটিভ হয় one's হিসাবে, যার পরে একটা নাউন শব্দ থাকে।

| | |
|---|---|
| The tree is now dead. It had a life of its own. | Look at the flower. Its colours are beautiful. |
| One has got to have books of one's own. | One must watch one's steps on this road. |

পোসেসিভ অ্যাড্জেকটিভকে আজকাল বলা হয় **Possessive Determiner** (পোসেসিভ ডিটারমিনার)। "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে অন্যান্য ধরনের প্রোনাউন শব্দগুলো সম্বন্ধে বিস্তারিত আলোচনা পাওয়া যাবে, যার মধ্যে আছে,

Intensive Pronoun, Reflexive Pronoun, Demonstrative Pronoun, Indefinite Pronoun, Interrogative Pronoun, Relative Pronoun, Reciprocal Pronoun ।

## Preposition

প্রিপোজিশন শব্দগুলোর নিজস্ব কোনও অর্থ নেই। এগুলো সাধারণত নাউন বা প্রোনাউন শব্দের আগে বসে ও বাক্য বা বাক্যাংশটার অর্থ নির্দিষ্ট করে দেয়, স্থান, অবস্থান, অভিমুখ, অবস্থা বা সময়কাল সম্বন্ধে। আমরা এখানে কয়েকটা প্রিপোজিশন শব্দের ব্যবহার উল্লেখ করব। আরো ব্যাখ্যা আছে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে।

| | | |
|---|---|---|
| on | উপরতলে, তলে | Put it on the table. |
| in | কিছুর ভেতরে, সময়কালের মধ্যে | Put it in the bag.<br>He was born in July. |
| at | কোনও স্থান, সময় বা অবস্থায় থাকা | He will be at home.<br>He is standing at the door.<br>The train leaves at 3.00 pm.<br>The country is at war. I am at peace now. |
| up | ওপর দিকে | Look up. |
| down | নিচের দিকে | Come down from the tree. |
| to | স্থানের দিকে, কারো উদ্দেশ্যে | Go to school. Give it to her. |
| from | দিক থেকে | Come from school. |
| with | সঙ্গে | Come with me. |
| of | যেগুলোর থেকে, যা দিয়ে | Ram is one of our students.<br>The table is made of wood. |
| inside | ভেতরের স্থানে | Come inside the room. |
| outside | স্থানের বাইরে | He is standing outside the door. |
| under | তলের বা কিছুর নিচে | The cat is under the table.<br>We all suffered under the British Rule. |
| over | তলের বা কিছুর উপর দিয়ে, সময় পার করে | We went over the fence.<br>There is bridge over the railway lines. |
| during | নির্দিষ্ট সময়কালের মধ্যে | The exam will be held during July.<br>During the year many tourists came here. |
| off | কিছু থেকে বিচ্ছিন্ন করা, সরিয়ে ফেলা | You are going off the track.<br>Keep your hands off electrical wires.<br>Our village is not far off from here. |
| for | উদ্দেশ্য, লক্ষ্য বা ফলাফল | This train is for Bolpur.<br>We go for a holiday.  I feel sorry for you.<br>For what purpose you called me? |

| | | |
|---|---|---|
| above | উচ্চতর স্থানে বা অবস্থায় | As a student he is above the average. |
| below | নিম্নতর স্থানে বা অবস্থায় | The temperature now is below normal. |
| before | কোনও স্থান, অবস্থা বা সময়ের আগে | Ram is standing before Shyam.<br>Before the British Rule, we lived happily.<br>You must reach before evening. |
| after | কোনও স্থান, অবস্থা বা সময়ের পরে | Shyam is standing after Ram.<br>After the fever, he has now recoverd well.<br>We reached home after he had left. |
| by | নির্দিষ্ট স্থানের পাশে বা পাশ দিয়ে, কোনও সময় ধরে, বা তার মধ্যে, কিছুর মাধ্যমে, ফলে, বা উপায়ে, কারো দ্বারা | The house is by the side of the river.<br>Come and sit by my side.<br>The train goes by Bolpur.<br>The road-repair will be done by night.<br>I will be ready by 5.00 o'clock.<br>Please infom them by phone.<br>The book was written by him. |

সাধারণ নিয়মের ব্যতিক্রম:

প্রিপোজিশন শব্দগুলো কিন্তু বিশেষ কিছু ভার্ব শব্দের পরে বসে শব্দগুচ্ছ বা **Phrasal Verb** (ফ্রেজাল ভার্ব) তৈরি করে। ফ্রেজাল ভার্ব সম্বন্ধে পরে আলোচনা করা আছে। একইভাবে বিশেষ কিছু অ্যাড্জেকটিভ ও নাউন শব্দেরও পরে বসে শব্দগুচ্ছ তৈরি করে। তাছাড়া বিশেষ বাক্যে **Adverbial** (অ্যাডভারবিয়াল) হিসাবেও ব্যবহার হয়। এগুলোর আলোচনা পাওয়া যাবে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে।

## সাধারণত ব্যবহার হয় Preposition-এর তালিকা

| | | | | |
|---|---|---|---|---|
| aboard | between | excluding | on | throughout |
| about | beyond | following | on top of | till |
| above | but | for | onto | to |
| absent | by | from | opposite | toward |
| across | circa | given | out of | towards |
| after | counting | gone | outside | under |
| against | concerning | in | past | underneath |
| along | considering | in front of | pending | unlike |
| alongside | despite | inside | per | until |
| amid | down | instead of | plus | up |
| amidst | during | into | pro | upon |
| among | before | less | regarding | versus |
| anti | behind | like | regardless of | via |
| around | below | mid | round | with |

| | | | | |
|---|---|---|---|---|
| as | beneath | minus | save | within |
| at | beside | near | saving | without |
| atop | besides | next | since | worth |
| bar | except | of | than | |
| barring | excepting | off | through | |

**অন্যান্য জটিল বা complex preposition-এর তালিকা**

| | | | |
|---|---|---|---|
| according to | by means of | in order to | inferior to |
| along with | capable of | in back of | superior to |
| among | concerning | in case of | up to |
| apart from | except for | in place of | via |
| as for | familiar with | in spite of | worth |
| atop | impatient with | rewarded for | |
| because of | in addition to | | |

## Adjective

অ্যাডজেক্টিভ শব্দগুলো কোনও ব্যক্তি, বস্তু, স্থান বা বিষয়ের গুণাগুণ, বৈশিষ্ট্য, অবস্থা বোঝায় এবং সেগুলোর তুলনা করতে ব্যবহার হয়।

বাক্যে অ্যাড্জেকটিভ শব্দ ব্যবহারের কয়েকটা নিয়ম হয়।

১। যেসব বাক্যে কোনও নাউন শব্দ ব্যবহার করে ব্যক্তি, বস্তু, স্থান, বা বিষয়টাকে নির্দিষ্ট করা হয়, ও বাক্যটা অ্যাড্জেকটিভ শব্দটা ছাড়াই সম্পূর্ণ, সেখানে অ্যাড্জেকটিভ বসবে ওই নাউন শব্দটার ঠিক আগে, নাউন শব্দটার গুণাগুণ বোঝাতে।

Ram is a boy. — Ram is a <u>good</u> boy.
This is a flower. — This is a <u>beautiful</u> flower.
Sita is a girl. — Sita is a <u>clever</u> girl.

২। বাক্যে ব্যক্তি, বস্তু, স্থান, বা বিষয়টাকে তার গুণাগুণ, বৈশিষ্ট্য, বা অবস্থা দিয়ে উল্লেখ করা হলে সেখানে অ্যাড্জেকটিভ শব্দটা ছাড়া বাক্যটা অসম্পূর্ণ থাকে। এখানে অ্যাড্জেকটিভ শব্দটা বসবে বাক্যের সহায়ক বা auxiliary verb শব্দের (যেমন, is, am, are, ইত্যাদি) ঠিক পরে।

The flower is <u>beautiful</u>. The girl is <u>beautiful</u>. I am <u>tired.</u>

৩। বাক্যে একাধিক adjective শব্দের ব্যবহারও হতে পারে। তখন শব্দগুলো বিশেষ নিয়মে সাজাতে হয়—কোন্ ধরনের শব্দের পরে কোন্ ধরনের শব্দ বসবে? মতামত হলে তা বর্ণনার আগে বসবে, আবার সাধারণ মতামত বিশেষ মতামতের আগে বসবে—যেমন,

This is a <u>nice</u> <u>comfortable</u> chair.
This is a <u>beautiful</u> <u>red</u> flower.
It is a <u>big</u> <u>white</u> <u>Indian</u> cat.

কোন্‌টার পরে কোন্‌ adjective শব্দ বসবে, তার নিয়মটা হল —

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
|---|---|---|---|---|---|---|---|
| সাধারণ মতামত | বিশেষ মতামত | পরিমাপ | আকৃতি | বয়েস | বর্ণ | জাতি | উপাদান |

## Positive, Comparative, Superlative Adjectives

যেসব Adjective শব্দ কোনও মান সম্বন্ধে ধারণা দেয় সেগুলির অধিকাংশের ক্ষেত্রে আমরা মানের তুলনাসূচক শব্দ পাই । তুলনীয় মান শব্দটাকে বলা হয় পসিটিভ অ্যাড্‌জেকটিভ আর সেই মানের অনুসারে দুই ভাবে তুলনা করা যায়—দুইয়ের মধ্যে তুলনার শব্দটাকে বলা হয় কম্প্যারেটিভ অ্যাড্‌জেকটিভ), ও দুইয়ের বেশি অনেকের মধ্যে তুলনার শব্দটাকে বলা হয় সুপারলেটিভ অ্যাড্‌জেকটিভ। পসিটিভ অ্যাড্‌জেকটিভ শব্দটা থেকে কম্প্যারেটিভ ও সুপারলেটিভ অ্যাড্‌জেকটিভ শব্দগুলো সাধারণত পাওয়া যায় বিশেষ নিয়ম অনুসারে—

১. পসিটিভ অ্যাড্‌জেকটিভ শব্দটার শেষে –er যোগ করে পাই কম্প্যারেটিভ ও –est যোগ করে পাই সুপারলেটিভ অ্যাড্‌জেকটিভ শব্দ । যেমন,

| | | |
|---|---|---|
| long | longer | longest |
| sweet | sweeter | sweetest |
| high | higher | highest |
| tall | taller | tallest |

২. যেসব ছোট শব্দের শেষে ব্যঞ্জনবর্ণ থাকে, তাদের শেষ বর্ণটা দুবার হয়ে যায়। যেমন,

| | | |
|---|---|---|
| fat | fatter | fattest |
| big | bigger | biggest |

৩. কিছু শব্দের শেষে e থাকলে –r ও –st যোগ করে এই দুই ধরনের শব্দ পাওয়া যায়, কারণ e তো আগে থেকেই আছে । যেমন,

| | | |
|---|---|---|
| large | larger | largest |
| wise | wiser | wisest |
| late | later | latest |

৪. যেসব শব্দের শেষে –y থাকে তাদের ক্ষেত্রে y-য়ের জায়গায় –i হয়ে যায় ও তারপর –er ও –est যোগ করা হয়। যেমন,

| | | |
|---|---|---|
| happy | happier | happiest |
| funny | funnier | funniest |

৫. যেসব বড় শব্দে একের বেশি Syllable (সিলেব্‌ল) থাকে (আগে আলোচনা করা হয়েছে), সেগুলোর ক্ষেত্রে আগে more (less) শব্দটা বসিয়ে কম্প্যারেটিভ ও most (least) শব্দটা বসিয়ে সুপারলেটিভ অ্যাড্‌জেকটিভ তৈরি করতে হয়। যেমন,

| | | |
|---|---|---|
| wonderful | more wonderful | most wonderful |
| beautiful | more beautiful | most beautiful |
| | less beautiful | least beautiful |

কম্প্যারেটিভ বা দুটোর মধ্যে তুলনার সময় যার সঙ্গে তুলনা করা হচ্ছে তার আগে ব্যবহার হয় than, এবং সুপারলেটিভ বা অনেকের মধ্যে তুলনা হলে সেই অনেকের আগে ব্যবহার হয় among বা of all বা of । সুপারলেটিভ শব্দটার আগে সাধারণত the বসে।

| | |
|---|---|
| Ram is older than Jadu. | Shyam is the oldest of all the boys in the class. |
| Shyam is more intelligent than Jadu. | He is the most intelligent boy in the class. |
| Ram is wealthier than Jadu. | He is the wealthiest person in the village. |
| She is a better singer than Ram. | She is the best singer. |
| Raju played better than Jadu. | Of all the players Ram was the best. |
| That house is more beautiful than any other house of the village. | That is the most beautiful house among all the houses of the village. |

৬. ওপরের নিয়মগুলোর ব্যতিক্রম হয় কিছু শব্দে। এগুলোকে অ্যাড্জেকটিভের **Irregular forms** (ইর্‌রেগুলার ফর্মস) বলে। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| bad | worse | worst |
| good | better | best |
| হয় না | inner | innermost |
| হয় না | outer | outermost |
| হয় না | former | foremost |
| হয় না | latter | |

## Types of Adjective

অ্যাড্জেকটিভ শব্দগুলোকে বিভিন্ন ধরনে ভাগ করা হয়। এগুলো হল—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Appearance | অ্যাপিয়ারেন্স<br>দেখতে কেমন | Feelings (good) | ফিইলিংস (গুড্)<br>ভালো অনুভব | Feelings (bad) | ফিইলিংস (ব্যাড্)<br>খারাপ অনুভব |
| Size | সাইজ্<br>পরিমাপ | Shape | শেইপ্<br>আকৃতি | Condition | কন্‌ডিশন্<br>অবস্থা |
| Taste | টেইস্‌ট্<br>স্বাদ | Touch | টাচ্<br>স্পর্শ | Sound | সাউন্ড<br>ধ্বনি |
| Colour | কালার্<br>বর্ণ | Time | টাইম্<br>সময় | Quantity | কোয়ান্‌টিটি<br>পরিমাণ |

"সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে এগুলোর তালিকা ও বাক্যে ব্যবহারের উদাহরণ পাওয়া যাবে।

## Participle Adjective

অনেক adjective শব্দকে দেখা যায় noun শব্দ থেকে তৈরি হয়েছে, শব্দটির শেষে দু'একটি বর্ণ, যেমন -al, -ous, -ic, -y, -ful, -less যোগ করে। উদাহরণ—

| | | |
|---|---|---|
| globe–global | fame–famous | base–basic |
| sleep–sleepy | beauty–beautiful | home–homeless |

বেশ কিছু adjective শব্দ আছে যেগুলোর বিপরীত হয় ও তাদের শব্দ যুগল হয়, যেমন—

| | | |
|---|---|---|
| long–short | wide–narrow | big–small |
| good–bad | useful–useless | graceful–graceless |
| former–latter | first–last | top–bottom |

সবগুলো নয়, কিন্তু বেশ কিছু ভার্ব শব্দের –ing ও -en/ed পার্টিসিপ্‌ল রূপ অ্যাড্‌জেকটিভের কাজ করে। এগুলোকে বলা হয় পার্টিসিপ্‌ল অ্যাড্‌জেকটিভ। এগুলো নাউন শব্দের আগে বসে অথবা অক্সিলিয়ারি ভার্ব (অথবা কিছু বিশেষ কপিউলার ভার্ব) শব্দটার পরে বসে বাক্যের অর্থকে সম্পূর্ণ করে। "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে **Copular Verb** (কপিউলার ভার্ব)-য়ের ব্যাখ্যা করা আছে।

| | |
|---|---|
| tired, tiring | I am tired. It was a tiring job. |
| bored, boring | It is boring story. We are bored. |
| confused, confusing | The instructions are confusing. We are confused. |
| frightened, frightening | It is a frightening story. Beware of frightened snakes. |
| terrified, terrifying | That huge terrifying dog made us terrified. |
| thrilled, thrilling | We were thrilled. It was a thrilling music. |
| annoyed, annoying | The annoying noise made the neighbours annoyed. |

পার্টিসিপ্‌ল অ্যাড্‌জেকটিভ হিসাবে ব্যবহার হয় এমন কিছু শব্দের তালিকা নিচে দেওয়া হল।

| -en/ed | -ing | -en/ed | –ing |
|---|---|---|---|
| amazed | amazing | exhausted | exhausting |
| amused | amusing | frightened | frightening |
| annoyed | annoying | interested | interesting |
| bored | boring | relaxed | relaxing |
| charmed | charming | shocked | shocking |
| confused | confusing | tired | tiring |
| convinced | convincing | fascinated | fascinating |
| damaged | damaging | frustrated | frustrating |
| depressed | depressing | puzzled | puzzling |
| disappointed | disappointing | satisfied | satisfying |
| embarrassed | embarrassing | terrified | terrifying |
| excited | exciting | thrilled | thrilling |

## Adverb

বাক্যে ব্যবহার করা noun, adjective, verb, এমনকি আরেকটা adverb শব্দের বাড়তি অর্থ জোগায় অ্যাড্‌ভার্ব শব্দগুলো । যে বাড়তি অর্থ এই ব্যবহারে মেলে তা সাধারণত কিছু প্রশ্নের উত্তর দেয়—কখন, কোথায়, কীভাবে, কেন অথবা কতক্ষণ ধরে, কতটা, কতদূরে, কত

তাড়াতাড়ি ইত্যাদি। অধিকাংশ adverb শব্দের শেষে –ly থাকে। যেমন— tightly, suddenly, dearly, quickly, deeply, ইত্যাদি । এগুলো পাওয়া যায় noun, adjective ও verb শব্দগুলোর শেষে –ly যুক্ত করে । অ্যাডভার্বের আরেকটা বিশেষত্ব হল বাক্যের মধ্যে এগুলোর স্থানটা অনেক সময়েই আগে-পরে করা যায়। অ্যাড্জেকটিভ শব্দের মতো এরা স্থান-নির্দিষ্ট নয়। এর উদাহরণ আমরা পরে দেখব।

## Types of Adverb

| | | |
|---|---|---|
| Time and Frequency | কোনও কাজ, ঘটনা কখন, কোন্ সময়ে হয়, হয়েছিল, হবে, এবং কতবার | after, now, yesterday, tomorrow, next, recently, regularly, always, again |
| Place | কাজ বা ঘটনার স্থান, বা ব্যক্তি বা বস্তুর অবস্থান | beside, near, anywhere, about, away, north, behind |
| Manner | কীভাবে, কেমন করে কোনও কাজ বা ঘটনা হয়, হয়েছিল, বা হবে, | quickly, slowly, closely, clearly, easily, badly, fluently, bravely, honestly |
| Degree and quantity | কোনও কাজ বা ঘটনার মাত্রা বা পরিমাণ | mostly, barely, completely, fairly, enough, totally, just, hardly, little,very, almost |
| Reason or purpose | কোনও কাজ বা ঘটনার কারণ বা উদ্দেশ্য | as, hence, since, so, thus, therefore, because, so, to |
| Order | বস্তু, ব্যক্তি, বিষয় ও ঘটনার ক্রম বা আগে-পরে | next, finally, lastly, in between |
| Assertion | হ্যাঁ বা না ও সম্ভাবনাকে জোর দিয়ে বলা | Certainly, never, positively, indeed, probably, surely |
| Comparison | তুলনা করা; অনেকটা adjective-এর মতো রূপ– comparative and superlative adverb | Early, earlier, earliest, fast, faster, fastest, late, later, latest, near, nearer, nearest |
| Interrogative | প্রশ্নের প্রথমে বসে বিশেষ অর্থে | when, where, how, why |
| Relative | বাক্যের মাঝে বসে, পরবর্তী বাক্যাংশটির আগে, যা পূর্ববর্তী বাক্যাংশটি সম্বন্ধে তথ্য দেয় | when, where, how, why |
| Conjunctive adverb (Linker) | বাক্য বা বাক্যাংশের মধ্যে বিশেষভাবে সংযোগ স্থাপন করে | in fact, then, however, frankly, next, thereafter, at last, at first, |

**Comparative, Superlative adverbs** (কম্প্যারেটিভ অ্যাডভার্ব ও সুপারলেটিভ অ্যাডভার্ব) শব্দগুলো সাধারণত পাওয়া যায় কম্প্যারেটিভ ও সুপারলেটিভ অ্যাড্জেকটিভ শব্দগুলোর নিয়ম অনুসারেই। **Irregular forms** (ইর্রেগুলার ফর্মস)—

| | | |
|---|---|---|
| badly | worse (than) | worst (the) |
| far | farther | farthest |
| far | further | furthest |
| little | less | least |
| less | lesser | least |
| much/many | more | most |
| well | better | best |

অ্যাড্ভার্বের শব্দগুলোর বিস্তারিত তালিকা ও বাক্যে ব্যবহারের উদাহরণ পাওয়া যাবে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে। অ্যাডভার্ব শব্দগুলো verb, adjective, noun, এমনকি আরেকটা adverb শব্দের বাড়তি অর্থ জোগায়— যেমন,

| Verb শব্দের | Adjective শব্দের | Noun শব্দের | Adverb শব্দের |
|---|---|---|---|
| He told innocently this to me. | The flower is very beautiful. | Our village is near the river. | He was quite friendly to me. |
| We closely watched the game. | He was rather jealous about it. | He came early in the morning. | Ram runs fast. Hari runs fastest. |
| He fluently speaks English. | She is never angry with me. | Tomorrow I will go to your house. | We lived so happily here. |
| He always comes in the morning. | The sky is partly clouded. | There was a village here. | He was studying very deeply. |

এই রকম আরও উদাহরণ—

It is too easy. He runs fairly fast. My glass is quite full. We nearly missed the train. We are becoming late, let us rather hurry. Ram has just come. He is never late.
You should be very sorry for this. You are intelligent enough to understand.
They lived happily ever after. We carefully did the work. Honestly speaking, I cannot come today. He bravely faced his illness and has recovered completely. He never comes on time. Therefore, we may have to go without him.

লক্ষ করো, শেষ বাক্যটাতে Therefore শব্দটা ঠিক আগের বাক্যটার সাথে সংযোগ তৈরি করছে। এই ধরনের শব্দকে **Conjunctive adverb** বা **Linkers** (লিংকারস) বলে, যা বাক্যের মাঝে ব্যবহার করা সাধারণ **Conjunction** (কন্জাংশন) শব্দ থেকে আলাদা।

## Placing of Adverbs

অ্যাড্‌ভার্বের শব্দের বিশেষত্ব হল বাক্যের মধ্যে শব্দটার স্থান অনেক সময়ে আগে-পরে করা যায়। শব্দটা বাক্যের কোন্‌খানে বসালে ভাল হয়, সেটা ঠিক করতে হয় বাক্যের গঠন ও কোন্ অর্থটাতে জোর দেওয়া হচ্ছে সেই অনুসারে। পাঁচটা ধরনের উদাহরণ দিয়ে এটা বোঝা যাবে।

1. বাক্যের আরম্ভে বা মাঝে

| | |
|---|---|
| Fortunately, he reached home before the rain started.<br>Sometimes, we give biscuits to the street dogs. | শব্দটার পরে কমা হয়। |
| He reached home fortunately before the rain started.<br>We give biscuits sometimes to the street dogs. | মাঝে হলে কমা থাকে না। |

2. অক্সিলিয়ারি ভার্ব ও মেন ভার্ব শব্দের মাঝে

| | |
|---|---|
| We were extremely tired after working all day.<br>He had already reached when we arrived. | স্থান পাল্টানো যায় না। |

3. বাক্যে শুধু অক্সিলিয়ারি ভার্ব (be verb) থাকলে ঠিক তার পরেই

| | |
|---|---|
| He is very good at mathematics.<br>He was lucky to escape the accident. | স্থান পাল্টানো যায় না। |

4. বাক্যে অক্সিলিয়ারি ভার্ব ছাড়াই শুধু মেন ভার্ব শব্দ থাকলে

| | |
|---|---|
| She blindly follows what her teacher says.<br>We often go to Bolpur. | মেন ভার্ব শব্দটার আগে। |
| She follows blindly what her teacher says.<br>We go often to Bolpur. | মেন ভার্ব শব্দটার পরে। |

5. বাক্যের শেষে বা মাঝে

| | |
|---|---|
| He could not pronounce my name correctly.<br>He could not correctly pronounce my name. | স্থান পাল্টানো যায়। |
| I fell and hurt my leg badly.<br>I fell badly and hurt my leg.<br>I told you to throw the ball thrice.<br>I told you thrice to throw the ball. | স্থান পাল্টালে অর্থ পাল্টে যায়। |

বাক্যে একের বেশি adjective শব্দের কোন্‌টার পরে কোন্‌টা বসে তার একটা নিয়ম আছে। এইরকম নিয়ম adverb-য়ের ক্ষেত্রে সাধারণত প্রয়োজন হয় না, কারণ adverb শব্দ বাক্যের মধ্যে আগে-পরে করা যায় । বাক্যে একাধিক adverb থাকলে তাদেরকে কীভাবে পর পর সাধারণত রাখা হয়, তা নিচে দেখানো হল, যদিও এই ধরনের বাক্য আমরা কদাচিৎ পাই—

Ram runs enthusiastically on the playground every morning before six o'clock to practise for the annual sports.

He goes hurriedly into town every evening before dinner to get some fruits.

ওপরের বাক্য দুটোতে adverb শব্দ সাজানো হল—

Verb Manner Place Frequency Time Purpose

এভাবে সাজানো কোনও নিয়ম হিসাবে না ধরাই ভালো। বরং, যেটা মূল কথা বা অধিকতর বৈশিষ্ট্য দেয় তাকেই আগে রাখতে হবে। নয়ত মানেটা পাল্টে যেতে পারে, যেমন—

I promised him to go for lunch on next Tuesday.

তাছাড়া মনে রাখতে হবে, বাক্যে যে Phrase (ফ্রেজ বা শব্দগুচ্ছ) ও Clause (ক্লজ বা বাক্যাংশ) অ্যাড্ভার্ব-য়ের মতো কাজ করে, তাকে **Adverbial** (অ্যাড্ভার্বিয়াল) বলে। ক্ষুদ্রতর adverbial-কে দীর্ঘতর adverbial আগে রাখতে হবে, যেমন—

I take a brisk walk after dinner for last twenty years.

## Adverbial Participle

কিছু ভার্বের -ing ও -en/ed পার্টিসিপ্ল শব্দটা অ্যাড্ভার্ব-য়ের কাজ করে কোনও ফ্রেজ বা শব্দগুচ্ছের সামনে বসে । এগুলোকে বলা হয় অ্যাড্ভার্বিয়াল পার্টিসিপ্ল। এগুলো শেষে কমা চিহ্ন দিয়ে সাধারণত বাক্যের প্রথমে রাখা হয়।

Arriving a little late, I missed the train.

Convinced of her dancing skills, the teacher asked her to perform on the annual function.

Being affected by frequent floods, the villagers are moving out to another settlement.

Annoyed by his behavior, we decided not to take him in our team.

## Adverb Preposing

বাক্যের প্রথমেই অ্যাড্ভার্ব শব্দটা রাখাকে বলে অ্যাড্ভার্ব প্রিপোজিশনিং।

Outside a strong wind was blowing.

Sometimes such storm is very frightening.

Wildly we rushed into our room.

# Conjunction ও Linkers

বাক্যের একাধিক শব্দের মধ্যে, বাক্যাংশের মধ্যে ও শব্দগুচ্ছের মধ্যে সংযোগ রাখার জন্য কন্জাংশন্ শব্দগুলো ব্যবহার করা হয়। সবচেয়ে সহজ উদাহরণ হল, and ও but । যেমন—

Ram and Shyam went there, but Jadu did not go.

এখানে and সংযোগ স্থাপন করছে Ram ও Shyam এই দুটো শব্দের মধ্যে। আর but দিয়ে সংযোগ স্থাপন হচ্ছে Jadu did not go বাক্যাংশটার। এই but শব্দটা বাদ দিলে দুটো আলাদা বাক্য করতে হয়, Ram and Shyam went there. Jadu did not go.

শব্দগুচ্ছের মধ্যে সংযোগের উদাহরণ—

Her home is near the school and next to my house.

এখানে শব্দগুচ্ছ হল, near the school আর next to my house । লক্ষ করো, শব্দ, বাক্যাংশ, ও শব্দগুচ্ছগুলো একই ধরনের হলে তবেই কনজাংশন দিয়ে তাদের সম্বন্ধ বা যোগ স্থাপন করা যায়।

Conjunction শব্দগুলো চারটে ভাগে রাখা যায় । কয়েকটার উদাহরণ—

| | | |
|---|---|---|
| Coordinating Conjunction | একই ধরনের শব্দ, শব্দগুচ্ছ বা বাক্যাংশের মধ্যে যোগ স্থাপন করে | and, but, or, nor, for, yet, so |
| Subordinating Conjunction | বাক্যের স্বনির্ভর ও পর-নির্ভর অংশের মধ্যে যোগ স্থাপন করে, বা একটি নির্ভরশীল বক্তব্যকে আনে | before, after, as soon as, if, as, so that, because, since, unless, until, when |
| Correlative Conjunction | জোড়ায় ব্যবহার হয় একই ধরনের শব্দ বা শব্দগুচ্ছের যোগ স্থাপন করে | as /as, both /and, either /or, if /then, such /that |
| Adverbial Linkers | দুটো বাক্য বা বাক্যের দুটো স্বনির্ভর অংশের অর্থপূর্ণ যোগ স্থাপন করে | therefore, hence, further, finally, in fact, similarly |

শব্দগুলোর বিস্তারিত তালিকা ও বাক্যে ব্যবহারের উদাহরণ পাওয়া যাবে "সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে। বিশেষ করে লক্ষ করতে হবে, বাক্যে কনজাংশন শব্দের পরে কখন কমা ব্যবহার করা হয়।

## Linkers

**Conjunctive adverb,** বা **Adverbial Linkers** (লিংকারস) দুই ভাবে ব্যবহার করা হয়— দুটো ইনডিপেনডেন্ট ক্লস বা স্বনির্ভর বাক্যাংশকে একটাই বাক্যে রাখতে বাক্যের মাঝে, অথবা পরপর দুটো বাক্যের অর্থে যোগ স্থাপন করতে, পরের বাক্যটার প্রথমে। এর ব্যবহার সাধারণ Conjunction শব্দ থেকে আলাদা।

শব্দগুলিকে বাক্যের মাঝে ব্যবহার করলে আগের বাক্যাংশটির পরে সেমিকোলন (;) ও শব্দটির পরে কমা (,) দিতে হবে।

You must work hard; otherwise, you will not do well in the exams.

She was cooking dinner; meanwhile, I cleaned the house.

The summer vacation starts from next week; finally, I can go home.

ওপরের এই একই বাক্যকে ভেঙে দুটো বাক্যে লেখা যায়, সেমিকোলনের জায়গায় ফুলস্টপ দিয়ে প্রথম বাক্যাংশটাকে পূর্ণ বাক্য হিসাবে সমাপ্ত করে।

You must work hard. Otherwise, you will not do well in the exams.

She was cooking dinner. Meanwhile, I cleaned the house.

The summer vacation starts from next week. Finally, I can go home.

## Subject ও Predicate

যে কোনও সম্পূর্ণ বাক্যের দুটো মূল অংশ থাকে। একটা হল বাক্যের কর্তা বা সাব্জেক্ট, অর্থাৎ, কে বা কার সম্বন্ধে বাক্যটা বলা হয়েছে। অন্য অংশটা হল প্রেডিকেট, যেখানে কর্তা বা সাব্জেক্ট সম্বন্ধে কিছু বলা হয়েছে। *[অনেক বাক্য হয় যাতে কোনও ভার্ব থাকে না। যেমন, Happy birthday! What a beautiful house. Good morning. এই ধরনের বাক্যে সাব্জেক্ট-প্রেডিকেট বলে কিছু হয় না।]*

নিচের বাক্যে মোটা হরফে সাব্জেক্ট ও নিম্নরেখা দিয়ে প্রেডিকেট দেখানো হয়েছে।

**Ram** <u>plays football</u>. **Ram and Shyam** <u>play football every morning</u>.

কোনও বাক্যের সাব্জেক্ট ও প্রেডিকেট অংশ দুটোকে আলাদা করে চিনতে হলে প্রথমেই দেখতে হবে কে বাক্যের সাব্জেক্ট সেটা । এর জন্য প্রথমে খুঁজে নিতে হবে বাক্যটার মেন ভার্ব বা ফাইনাইট ভার্বটাকে। এরপর <u>ফাইনাইট ভার্বটার</u> <u>সামনে</u> who, what ইত্যাদি বসিয়ে প্রশ্ন করলে উত্তরে যা আসবে সেটাই হবে বাক্যের সাব্জেক্ট।

ওপরের প্রথম বাক্যটাতে plays হল ফাইনাইট ভার্ব। তাই কে বাক্যের সাব্জেক্ট সেটা দেখার জন্য আমরা who plays? প্রশ্নের উত্তর পেলাম Ram plays । সুতরাং এখানে Ram হল সাব্জেক্ট। দ্বিতীয় বাক্যটাতে ফাইনাইট ভার্ব হল play । এখানে who play? প্রশ্নের উত্তর পেলাম Ram and Shyam play । সুতরাং, এই বাক্যটার সাব্জেক্ট হল Ram and Shyam।

সাধারণভাবে বলা যায়, বাক্যের সাব্জেক্ট অংশটা বাদ দিয়ে বাকি অংশটা হল প্রেডিকেট। কিন্তু এভাবে দেখলে প্রেডিকেটকে ঠিকভাবে চেনা হয় না। কোন্ অংশটা বাক্যের প্রেডিকেট সেটা বোঝার জন্য আমরা <u>ফাইনাইট ভার্বটার</u> <u>পরে</u> who, what ইত্যাদি বসিয়ে প্রশ্ন করে দেখব। উত্তর যা পাব, ওই ফাইনাইট ভার্বটাসহ সেই পুরো অংশটা হবে প্রেডিকেট। ওপরের দ্বিতীয় বাক্যটাতে ফাইনাইট ভার্ব play । এখানে play what? প্রশ্নের উত্তর পেলাম play football every morning.

বাক্যের গঠন অনুযায়ী প্রেডিকেট অংশটা এক সাথে নাও থাকতে পারে। যেমন, ওপরের বাক্যটাকে এইভাবেও বলা যায়, Every morning Ram and Shyam play football । এখানেও প্রেডিকেট হবে, play football every morning ।

**অন্য ধরনের বাক্যের সাব্জেক্ট:** আদেশ, বা অনুরোধ করার বাক্যে সাধারণত you কথাটা উহ্য থাকে। যেমন, Give me a glass of water please. Come and sit here. এই বাক্যগুলোতে আমরা উল্লেখ না থাকলেও **you**-কে সাব্জেক্ট ধরে নেব।

There-য়ের পরেই be verb দিয়ে শুরু বাক্যগুলোতে এই There-টা কিন্তু সাব্জেক্ট নয়। একে বলা হয় **Existential 'There'**, যা বোঝায় যে সাব্জেক্টটা পরে বলা আছে।

There <u>were</u> **three girls** <u>sitting under the tree this morning</u>.

কোনও কোনও বাক্যে একাধিক সাব্জেক্ট মিলিতভাবে থাকতে পারে। আবার একাধিক প্রেডিকেটও মিলিত ভাবে থাকতে পারে। এমনটা হলে আমরা বলি Compound Subject ও Compound Predicate । উদাহরণ—

**The photographs of Tagore, Gandhi, and Vivekananda among others** covered the wall of our school library.

এখানে photographs হল Simple Subject আর The photographs of Tagore, Gandhi, and Vivekananda among others, পুরোটা হল Compound Subject । একই ভাবে, এখানে covered হল Simple Predicate ।

Compound Predicate-য়ের উদাহরণ—

Her **parents** and **she** came to our school and admired those photographs**.**

এই বাক্যটাতে আমরা Compound Predicate পাচ্ছি। কারণ বাক্যের প্রেডিকেটে দুটো ভার্ব, came ও admired আছে।

## Subject Verb Agreement

ইংরেজিতে Singular (সিংগুলার–একটা) ও Plural (প্লুরাল–একাধিক), এই দুইয়ের পার্থক্য দেখা যায় ভার্ব ও কিছু নাউন শব্দে। সুতরাং, বাক্যের কর্তা বা সাব্জেক্ট হিসাবে যে নাউন (বা প্রোনাউন) ব্যবহার হয়েছে তা সিংগুলার না প্লুরাল, সেই অনুযায়ী ভার্বকেও সিংগুলার বা প্লুরাল হতে হয়। এটাকেই বলে সাব্জেক্ট ভার্ব এগ্রিমেন্ট। এটা না থাকলে বাক্যটা ভুল হবে। উদাহরণ—The dog is playing with his master. বাক্যটাতে সাব্জেক্ট dog হল সিংগুলার, তাই ভার্বকেও সিংগুলার is হতে হয়। আবার The dogs are playing with their master. বাক্যটাতে সাব্জেক্ট dogs হল প্লুরাল, তাই ভার্বকেও প্লুরাল are হতে হয়। সেই সঙ্গে, প্রথম বাক্যটাতে প্রোনাউন his হল সিংগুলার, আর দ্বিতীয়টাতে their হল প্লুরাল।

**সাব্জেক্ট ভার্ব এগ্রিমেন্ট বজায় রাখার কিছু সাধারণ নিয়ম**

1. বাক্যে and দিয়ে দুই বা বেশি আলাদা সাব্জেক্ট থাকলে তার ভার্ব **প্লুরাল** হবে—

   Ram, Shyam and Jadu are going to school.

2. কোনও কোনও ক্ষেত্রে and দিয়ে যুক্ত হলেও কিন্তু সাব্জেক্ট একটাই বোঝায়, যেমন bread and butter । সেক্ষেত্রে ভার্ব **সিংগুলার** হবে।

   Bread and butter is what I like most in my breakfast.
   The author and director of that play was Rabindranath.
   The captain and coach of our football team was removed.

   শেষ বাক্যটাতে The captain and the coach বললে দুজন সাব্জেক্ট বোঝাত।

3. Indefinite Pronoun (অনির্দিষ্ট প্রোনাউন) শব্দ, everyone, each one, someone, somebody, no one, nobody, anyone, anybody, সর্বদা **সিংগুলার** ধরা হয়।

Everyone is selfish. No one is there. Someone has called.
Each one of them is guilty. Is there anyone who can answer this?

4. যদি few, many, several, both, all, some' শব্দগুলো যদি ব্যবহার হয় Countable Noun (কাউন্টেব্ল নাউন)-য়ের সাথে তাহলে সেটা **প্লুরাল** ধরা হয়।

   Many birds are there. Some boys are playing there.
   All of you are wrong. Both the students have performed well.

5. কিন্তু যদি few, many, several, both, all, some' ব্যবহার হয় Uncountable Noun (আন্‌কাউন্টেব্ল নাউন)-য়ের সাথে তাহলে সেটা **সিংগুলার** ধরা হয়।

   Some milk is spoilt. All the food was consumed by them.

6. বাক্যের একাধিক কর্তা বা সাব্‌জেক্টকে একযোগে 'either or' বা 'neither nor' দিয়ে বলা হলে, ভার্‌বটা তার ঠিক আগের কর্তা অনুযায়ী সিংগুলার বা প্লুরাল হয়।

   Neither you nor your friends know how to behave.
   Neither you nor your friend knows how to behave.

7. যদি প্রোনাউন হয়ে বাক্যের কর্তা বা সাব্‌জেক্ট হিসাবে 'either' বা 'neither' ব্যবহার হয় তাহলে তা সর্বদা সিংগুলার হয়।

   Either of the books is good. Neither of them is coming today.

8. বাক্যের প্রথম কর্তা বা সাবজেক্টের সাথে যদি একাধিক কর্তা বা সাব্‌জেক্ট যুক্ত করা হয় 'along with', 'together with', 'as well as', 'accompanied by' ইত্যাদি দিয়ে তাহলে ভার্‌ব হবে বাক্যের প্রথম সাব্‌জেক্ট অনুসারে।

   He, along with his two youger brothers, is coming today.
   His younger brothers, together with him, are coming today.

9. বাক্যের সাব্‌জেক্ট হিসাবে কোনও Countable Noun -য়ের আগে 'A number of' থাকলে তা হবে প্লুরাল। কিন্তু 'The number of ' থাকলে তা হবে সিংগুলার।

   A number of students are coming today.
   The number of students attended today is not enough.

   One of those, who... সর্বদা প্লুরাল, কিন্তু the only one, who…. সিংগুলার।

   Ram is one of those students who like mathematics.
   Ram is the only one (of the students) who likes mathematics.

10. শতকরা হিসাবে বা অংশ হিসাবে একাধিককে প্রকাশ করলেও তাকে প্লুরাল ধরা হবে।

    Forty percent children of this village are undernourished.
    2 out of every 10 students usually fail in Mathematics.

11. কোনও একক দিয়ে কিছুর পরিমাপ ও সময়ের পরিমাপকে সাধারণত সিংগুলার ধরা হয়।
Twenty litres of petrol is required for the car to go that far.
5 years is a long time you have spent just on study.

12. বাক্যের সাব্জেক্ট ও ভার্বের মাঝে ফ্রেজ্ বা ক্লস এই নিয়মে গণ্য করা হবে না।
A box of chocolates is there on the shelf.
The children, who came to play the game, were very happy.
এখানে A box of chocolates একটা ফ্রেজ্ কিন্তু সাব্জেক্ট হল A box । আবার who came to play the game হল dependant clause । তাই ভার্বটা হল বাক্যের সাব্জেক্ট children অনুযায়ী প্লুরাল, game অনুযায়ী নয়।

13. **Collective Nouns** (group, jury, crowd, team, ইত্যাদি) অর্থ অনুসারে সিংগুলার বা প্লুরাল, দুই-ই হতে পারে।
The team has played very well.
The team (members) have happily returned home.

14. কোনও বই, সংস্থা, দেশ, ইত্যাদির শিরোনামে প্লুরাল শব্দ থাকলেও তাকে সিংগুলার বলেই ধরতে হবে।
The Grapes of Wrath is a difficult book.
The United States of America is a big country.

15. অনেক সময় সাব্জেক্টটাকে প্লুরাল হিসাবেই বলা হয়, যেমন, news, politics, measles, mumps, physics, etc. । এগুলোর সাথে কিন্তু সিংগুলার ভার্ব হবে।
Physics is an interesting subject.
অনেক সময় সাব্জেক্টটাকে প্লুরাল হিসাবেই বলা হলেও তার অর্থ সিংগুলার আবার প্লুরালও হতে পারে ।
Nowadays politics determines almost everything.
The politics of different parties are very complicated.
The scissors are kept in the box.
A pair of scissors is kept on the table.

16. Subject (সাব্জেক্ট) আর **Subject Compliment** (সাব্জেক্ট কমপ্লিমেন্ট) বা সাব্জেক্টের লক্ষ্য গুলিয়ে ফেলা নয়। ভার্ব সর্বদা সাব্জেক্ট অনুসারে হবে।
My favourite topic is poems of Tagore.
Poems of Tagore are my favourite topic.

17. Every এবং Many a সর্বদা সিংগুলার ধরা হবে।
Every teacher, staff, and student participates in the annual function.
Many a student dreams about becoming the headmaster one day.

## Punctuation Marks

ইংরেজি বাক্য লেখায় মোট ১৬ ধরনের চিহ্ন ব্যবহার হতে পারে, যেগুলোকে পাংচুয়েশন মার্কস বলে। এগুলো হল—

| | | | |
|---|---|---|---|
| 1. | full stop or period | . | ফুল স্টপ বা পিরিয়ড |
| 2. | question mark | ? | কোয়েশ্চন মার্ক |
| 3. | exclamation point | ! | এক্সক্লামেশন পয়েন্ট |
| 4. | comma | , | কমা, |
| 5. | semicolon | ; | সেমিকোলন |
| 6. | colon | : | কোলন |
| 7. | en dash | – | এন্ ড্যাশ্ |
| 8. | em dash | — | এম্ ড্যাশ্ |
| 9. | hyphen | - | হাইফেন |
| 10. | parentheses | ( ) | প্যারেন্থেসেস্ |
| 11. | brackets | [ ] | ব্র্যাকেটস্ |
| 12. | braces | { } | ব্রেসেস্ |
| 13. | apostrophe | ’ | অ্যাপস্ট্রফি |
| 14. | quotation marks– double | “ ” | কোটেশন মার্কস্ –ডাব্ল |
| 15. | quotation marks– single | ‘ ’ | কোটেশন মার্কস্ –সিংগ্ল |
| 16. | ellipsis | ... | ইলিপ্সিস্ |

প্রথম তিনটে চিহ্ন ব্যবহার হয় বাক্যের শেষে।

**Full stop** ব্যবহার হয় আবেগসূচক বা প্রশ্নসূচক নয়, এমন সাধারণ বক্তব্যসূচক বাক্যের শেষে, যেখানে বক্তব্যটা সমাপ্ত হয়, যেমন Mita and Sita went to the market. । এছাড়া কোনও শব্দকে সংক্ষিপ্ত করেও তার শেষে এই চিহ্নটা দেওয়া হয়, যেমন Mister লেখা হয় Mr., বা December লেখা যায় Dec. করে। Mrs. Asha Murmu is Pratyusha’s mother. Ms. Pratyusha was born on 23 Oct. 2010.

**Question mark** ব্যবহার হয় সরাসরি প্রশ্ন করা হচ্ছে এমন বাক্যের শেষে, যেমন Is this your book?

**Exclamation point** ব্যবহার হয় বাক্যের শেষে, যখন বক্তা কোনও বিশেষ আবেগ প্রকাশ করে বা কোনও একটা বিষয়কে জোর দিয়ে প্রকাশ করতে চায়, যেমন Oh God! We have missed the train. বা Your behaviour makes me furious!

Comma, Semicolon, ও Colon বাক্যের মাঝে ব্যবহার হয়। Comma ও Semicolon-য়ের ব্যবহারের পার্থক্য বুঝতে প্রায়ই ভুল হয়, কারণ একটা বাক্যের মাঝে বিরতি বোঝাতে দুটোই ব্যবহার হয় । কিন্তু বিরতির ধরনটা এই দুই ক্ষেত্রে আলাদা।

**Comma** ব্যবহার করা হয় একটাই বাক্যের মধ্যে উল্লেখ করা একাধিক বিষয় বা উপাদানকে আলাদা করতে। কোনও তালিকার ব্যক্তি, বস্তু বা বিষয়গুলোকে আলাদা করতে, কাউকে নাম ধরে সম্বোধন করলে, তারিখ, সংখ্যা উল্লেখ করার সময়, চিঠির আরম্ভের ও শেষের সম্ভাষণেও কমা ব্যবহার দরকার হয়। এছাড়া দরকার হয় সম্পর্ক আছে কিন্তু আলাদা দুটো বাক্যকে একটা বাক্যে প্রকাশ করতে and কন্‌জাংশন ব্যবহারের সময়। Conjunction (কন্‌জাংশন) ও Linkers (লিংকার্‌স) আলোচনায় কমা ব্যবহারের বিষয়টা বলা আছে।

নাম ধরে সম্বোধন করা—Mita, please come here. Thank you very much, Mita.

তালিকায় দুটোর বেশি উপাদানে— I like mango, banana, orange, and apple.

*[and-য়ের আগেরটার শেষে (এখানে orange,) কমা না দেওয়াও প্রচলিত।]*

দুটো বাক্য জুড়ে বলা — We went to the zoo, and there we saw a tiger.

তারিখ, সংখ্যা — 14 July, 1953 32, 45, 67 12,34,372

চিঠির আরম্ভে ও শেষে সম্ভাষণ—Sir, Madam, Dear Sir, Dear Madam, Yours faithfully, Yours sincerely, ইত্যাদি।

**Semicolon** ব্যবহার হয় একটি বাক্যের মধ্যে দুটো **Independent Clause** বা স্বনির্ভর বাক্যাংশের প্রথমটার শেষে। অর্থাৎ, সেমিকোলন ব্যবহারের বদলে ফুলস্টপ দিয়ে বাক্য দুটোকে আলাদাও করা যায়। কিন্তু সেমিকোলন ব্যবহার করা হয় বাক্যদুটোর মধ্যে সম্পর্ক আছে এটা দেখাতে। যেমন, Ram was very upset; he thought he would pass this time. সেমিকোলনের ব্যবহার বিশেষ করে দেখা যায় বাক্য দুটোর মধ্যে Conjunctive Adverb থাকলে। You must work hard; otherwise, you will fail.

**Colon-**য়ের ব্যবহার মূলত তিনটে। এক, কোনও উদ্ধৃতি, ব্যাখ্যা, উদাহরণ, বা তালিকা দেওয়ার আগের শব্দটার শেষে। in our school, we study four subjects: Bengali, English, Mathematics, and Environment. দুই, দুটো স্বনির্ভর বাক্যাংশের প্রথমটার শেষে, যদি পরেরটা প্রথমটার কারণ হয়। এটা অনেকটা সেমিকোলনের মতো ব্যবহার। Ram was very upset: he thought he would pass this time. তিন, কোনও কিছুকে জোর দিয়ে উল্লেখ করতে। This year also, they won the football match: Phuldanga Boy's Club. এছাড়া Colon-য়ের ব্যবহার হয়, সময় বোঝাতে ঘন্টার পরে ও মিনিটের পরে, অঙ্কের অনুপাত বোঝাতে, ব্যবসায়িক লেখাপত্রে।

**Dash ও Hyphen** ব্যবহারে প্রায়ই ভুল হয়, কারণ দুটো প্রায় একই রকম দেখতে। কিন্তু তাদের ব্যবহার একেবারেই আলাদা। Dash ব্যবহার হয় শব্দকে আলাদা করতে আর Hyphen শব্দকে জুড়ে একটা যুক্ত শব্দ বা Open Compound Words তৈরি করে।

Dash দুই ধরনের হয়, **en dash** আর **em dash** । en dash হাইফেনের থেকে একটু বড়। এটা ব্যবহার হয় বিস্তার বোঝাতে, যেমন 1950–1970, 20–40, বা সংযোগ বোঝাতে, যেমন Kolkata–Bolpur trains । em dash হল en dash-য়ের থেকে দ্বিগুণ লম্বা। এটা বহু সময়েই ব্যবহার করা যায় কোলন, সেমিকোলন ও কমার পরিবর্তে, পড়ার সুবিধার জন্য। এটার সামনে ও শেষে শূন্যস্থান বা স্পেস দেওয়া না-দেওয়ার কোনও বিশেষ নিয়ম কিছু নেই। Ram was very upset—he thought he would pass this time. This year also they won the football match—Phuldanga Boy's Club.

**Hyphen** ব্যবহার হয় একাধিক শব্দকে জুড়তে, যেমন part-time, writing-table, back-to-back, well-to-do, well-known । এখানে স্পেস দেওয়া হয় না। ছাপার একটা লাইনে শেষ শব্দটার পুরোটা না ধরলে তাকে হাইফেন দিয়ে ভেঙে পরের লাইনে বাকিটা লেখার চল অছে।

তিন ধরনের চিহ্ন, **Brackets, Braces, Parentheses** ব্যবহার হয় বন্ধনী হিসাবে জোড়ায়—বাংলায় বলা হয় প্রথম বন্ধনী (), দ্বিতীয় বন্ধনী {}, ও তৃতীয় বন্ধনী [ ] । প্রথম বন্ধনীর মধ্যে ব্যাখ্যা, মন্তব্য ইত্যাদি আলাদা করে রাখা হয়, যাতে বাক্যটা সহজ থাকে। অধিকাংশ ক্ষেত্রে এই বন্ধনীটা তুলে দিয়ে তার জায়গায় কমা দিলেও বাক্যটার অর্থ ঠিকই থাকে। যেমন, Raju (who was my cousin brother) came from Durgapur to stay with us. দ্বিতীয় বন্ধনীর ব্যবহার অঙ্কশাস্ত্র ছাড়া সাধারণ লেখায় বিশেষ হয় না, যেমন {9-(4-2)} । তৃতীয় বন্ধনীর মধ্যে রাখা হয় বাড়তি তথ্য যা দিয়ে কোনও উল্লেখকে নির্দিষ্ট করা হয়েছে। যেমন, This year [2019] we faced extremely hot summer.

**Apostrophe** ব্যবহার হয় তিনভাবে। কোনও শব্দ থেকে কিছু বর্ণ না লিখে তার পরিবর্তে, যেমন, I've । অধিকার বোঝাতে, Mita's sister । ছোট হাতের বর্ণের একাধিক বোঝাতে, যেমন Do not forget to cross your t's and be careful, your 7's look like 9's. এর ব্যবহার সম্বন্ধে আলাদা করে আলোচনা করা আছে।

দুই ধরনের উদ্ধৃতি চিহ্ন বা **Quotation Marks** লেখায় ব্যবহার হয় জোড়ায়। ডাব্‌ল কোটেশন ব্যবহার হয় কোনও বক্তার বক্তব্যকে অক্ষরে অক্ষরে উদ্ধৃত করে লেখার আরম্ভে ও শেষে। She said, "Don't go outside. It's going to rain." সিংগ্‌ল কোটেশন প্রয়োজন হয় ডাব্‌ল কোটেশনের মধ্যেও আরেকটা উদ্ধৃতি রাখতে। She told the teacher, "I saw them fighting, and when I asked Ram said, 'Jadu started the fight'".

**Ellipsis** পরপর তিনটে ফুলস্টপ দিয়ে ব্যবহার হয় লেখায়, সাধারণত উদ্ধৃতির মধ্যে কোনও শব্দ বা অংশ বাদ দিয়ে উদ্ধৃত করলে। We were counting one, two, three, … until we came to ten, and then we went to find him.

## Apostrophe

কিছু শব্দ বা শব্দসমষ্টির শেষে ’s (apostrophe s) বা s’ (s apostrophe) যুক্ত করে অধিকার বোঝানো হয় অন্য কোনও বস্তু বা বিষয়ের ওপর । noun শব্দের এই রূপটিকে genitive noun বলা হয়। কয়েকটি ক্ষেত্র ব্যতিরেকে s apostrophe ব্যবহার হয় noun-এর স্বাভাবিক plural শব্দটির শেষে (boys–boys’)। সাধারণত genitive noun-টির পরেই আরেকটি noun দেখা যায়, যার ওপর অধিকার বোঝানো হয় ।

The boy’s mother came here.
This is my father’s book.
The children’s playground is near my home.
The students’ meal will be served soon.
The train’s arrival is uncertain.
Where is the women’s health centre?

শেষ দুটি বাক্যে লক্ষ করো, যেহেতু children আর women শব্দ দুটি একাধিককে বোঝায় (plural), তাই ’s (apostrophe s) বসছে, s’ (s apostrophe) নয়।

## Words in Short Forms

অ্যাপস্ট্রফি চিহ্নকে বাংলায় ঊর্ধকমা বলা হয়। ঊর্ধকমা ব্যবহার করে কয়েকটা ইংরেজি শব্দের জোড়াকে এক করে সংক্ষেপে লেখা ও বলা হয়। উদাহরণ—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| I’m | I am | I’ve | I have | I’ll | I will |
| you’re | you are | you’ve | you have | you’ll | you will |
| he’s | he is | he’s | he has | he’ll | he will |
| she’s | she is | she’s | she has | she’ll | she will |
| we’re | we are | it’s | it has | we’ll | we will |
| it’s | it is | we’ve | we have | they’ll | they will |
| isn’t | is not | they’ve | they have | there’ll | there will |
| aren’t | are not | there’s | there has | I’d | I would |
| they’re | they are | hasn’t | has not | you’d | you would |
| there’s | there is | haven’t | have not | he’d | he would |
| wasn’t | was not | I’d | I had | she’d | she would |
| weren’t | were not | you’d | you had | it’d | it would |
| doesn’t | does not | he’d | he had | we’d | we would |
| don’t | do not | she’d | she had | they’d | they would |
| didn’t | did not | it’d | it had | there’d | there had |
| they’d | they had | we’d | we had | there’d | there would |
| can’t | cannot | won’t | will not | | |
| couldn’t | could not | wouldn’t | would not | | |
| hadn’t | had not | needn’t | need not | | |
| mightn’t | might not | daren’t | dare not | | |
| mustn’t | must not | oughtn’t | ought not | | |
| shan’t | shall not | usedn’t | used not | | |
| shouldn’t | should not | | | | |

লক্ষ করো, শর্ট ফর্মে **'s** আর **'d** -য়ের ব্যবহার দুটোই হয়। he**'s** মানে he **is** হয় আবার he **has-**ও হয়। he **'d** মানে he **would** হয় আবার he **had-**ও হয়।
কোনও নাম বা নাউন বাক্যের কর্তা হলে আমরা তার ক্ষেত্রে সাধারণত শর্ট ফর্ম করি না।

Ram **has got** a book. -কে বলব না, Ram**'s got** a book.

The students **have visited** Kolkata. -কে বলব না,

The students**'ve visited** Kolkata.

কোনও বাক্যে **have**, মূল ভার্ব (অক্সিলিয়ারি নয়) হলে তার শর্ট ফর্ম করা হয় না।

We **have** many books in our school library.

## Phrase (ফ্রেজ)

ফ্রেজ হল বাক্যে ব্যবহার করা দুই বা দুইয়ের বেশি কয়েকটা পরপর শব্দের গুচ্ছ । শব্দগুলো এই শব্দগুচ্ছে পরস্পর সম্পর্কিত হয়ে কোনও অর্থ সৃষ্টি করে । কিন্তু এগুলো উপবাক্য বা ক্লজ হয় না। এর মধ্যে বাক্যের সাব্জেক্ট বা প্রেডিকেট (বা ভার্ব) থাকে না। ধরন বা অর্থ অনুসারে বাক্যের ফ্রেজকে আমরা বিভিন্ন ধরনে ভাগ করতে পারি। এগুলো হল, noun, gerund, appositive, infinitive, participial, prepositional, absolute, and verb phrase।

### Noun Phrase

একটা নাউন শব্দ ও তার সাথে সেই শব্দটাতেই আরও কিছু বৈশিষ্ট্য যোগ করে এমন শব্দগুলো মিলে একটা নাউন ফ্রেজ হয়। এই শব্দগুলো আলাদা করে article, adjective, determiner, বা একসাথে একটা prepositional phrase হতে পারে। আগে নাউন সম্বন্ধে আলোচনায় নাউন ফ্রেজের কিছু উদাহরণ দেখেছি। এখানে আরও কিছু উদাহরণ দেওয়া হল:

| | |
|---|---|
| Cats like fish. | এখানে কোনও নাউন ফ্রেজ নেই |
| The cat has caught a fish. | Article-সহ একটা নাউন ফ্রেজ |
| There we saw an enormous elephant. | Article +Adjective– enormous |
| We want to live quite, peaceful lives. | Adjective– quite, peaceful |
| Keep the book there on the table. | Prepositional phrase– on the table |
| Those students played very well. | Determiner – those |
| All students should attend today. | Determiner – all |
| She gave a biscuit to your dog. | Possesive adjective (determiner) – your |

### Gerund Phrase

নাউন ফ্রেজ, যার আরম্ভে জিরান্ড থাকে তাকে জিরান্ড ফ্রেজ বলে। জিরান্ড শব্দ ও জিরান্ড ফ্রেজ সম্বন্ধে আলোচনা আগে করা হয়েছে। এখানে আরও কয়েকটা উদাহরণ দেওয়া হল:

| | |
|---|---|
| Playing with my pet dog is fun. | As subject |
| My favourite hobby is painting | |

| | |
|---|---|
| colourful landscapes. | As subject complement |
| We all tried catching the thief but failed so far. | Direct object of verb 'tried' |
| The teacher scolded him for talking in the class. | Object of preposition 'for' |

**Appositive Phrase**

বাক্যের মধ্যে অ্যাপসেটিভ ফ্রেজ পুনরায় নাউন শব্দটাকেই উল্লেখ করে তার বিশেষত্ব দিয়ে। অ্যাপসেটিভ ফ্রেজ যে বাড়তি তথ্য দেয় তা অবশ্যপ্রয়োজনীয় না হলে তাকে দুটো কমার মাঝে রাখা হয়। তা নাহলে, অর্থাৎ তথ্যটা অবশ্যপ্রয়োজনীয় হলে কমা দিতে হয় না। অ্যাপসেটিভ ফ্রেজ একাধিক শব্দ বা একটা শব্দও হতে পারে।

Rabindranath Tagore**,** my favourite author, wrote this poem.
My best friend Amol lives in a nearby village.
The tigers of Sunderban, Royal Bengal Tigers, is an endangered species.
The student who came first this year is named Raju.
My sister Kabita is a good dancer.
Kabita, my sister, is a good dancer.

**Verb Phrase**

বাক্যের ভার্ব ফ্রেজে থাকে মূল ভার্ব শব্দটা ও তার সহায়ক (হেল্পিং বা অক্সিলিয়ারি ও মোডাল ভার্ব) এক বা একাধিক শব্দগুলো। উদাহরণ: Ram plays football. বাক্যটাতে একটাই ভার্ব শব্দ, ভার্ব ফ্রেজ নেই।

Ram is playing football.
I have been sleeping for a long time.
He did finish the task.
I might go to Kolkata this week.
You could come with us.
He was waiting for the bus to come.
I will go with you.
I had told you not to come.
He is not going with me.
I should have attended the meeting.

**Infinitive Phrase**

বাক্যের ইন্‌ফিনিটিভ্ শব্দগুচ্ছের আরম্ভে থাকে to infinitive (টু-ইনফিনিটিভ)। to শব্দটা দিয়ে Prepositional Phrase (প্রিপোজিশনাল ফ্রেজ)-ও আরম্ভ হয়। তাই ইন্‌ফিনিটিভ্ ফ্রেজের পার্থক্য লক্ষ করতে হবে। এখানে টু-য়ের পরে একটা ভার্ব শব্দ থাকে। বাক্যে ইন্‌ফিনিটিভ্ ফ্রেজ ব্যবহার হতে পারে নাউন, অ্যাড্‌জেকটিভ বা অ্যাড্‌ভার্ব হিসাবে। ইনফিনিটিভ ফ্রেজ নাউন হিসাবে বাক্যের সাব্‌জেক্ট বা অব্‌জেক্ট হতে পারে, অ্যাড্‌জেকটিভ হিসাবে বাক্যের কোনও নাউনের গুণাবলী বর্ণনা করে, ও অ্যাড্‌ভার্ব হিসাবে বাক্যের ভার্ব শব্দটাতে বাড়তি অর্থ যোগ করে।

| | |
|---|---|
| I don't want to go to Bolpur. | ভার্বের অব্‌জেক্ট– to go to Bolpur |

| | |
|---|---|
| To get good marks in maths is my goal. | ভার্বের সাব্জেক্ট– To get good marks in maths |
| I wish I had a friend to play with me. | friend-কে বর্ণনা করে অ্যাড্জেকটিভ–to play with me. |
| I need a tutor to teach me maths. | tutor-কে বর্ণনা করে অ্যাড্জেকটিভ–to teach me maths. |
| You need good marks to get admission to this college. | ভার্ব need-কে ব্যাখ্যা করে অ্যাড্ভার্ব–to get admission to this college |
| I went there to play with them. | ভার্ব went-কে ব্যাখ্যা করে অ্যাড্ভার্ব–to play with them |

**Participial Phrase**

পার্টিসিপিয়াল ফ্রেজ-য়ের আরম্ভে থাকে একটা প্রেসেন্ট (-ing form) অথবা পাস্ট (-en/ed form) পার্টিসিপ্‌ল। পার্টিসিপিয়াল ফ্রেজ দেখতে ভার্ব মনে হলেও এগুলো আসলে অ্যাড্জেকটিভের মতো কাজ করে—বাক্যের নাউন শব্দটার বাড়তি কিছু বিশেষত্ব যোগ করে। মনে রাখতে হবে, বাক্যের আরম্ভে এগুলো ব্যবহার হয় কমা চিহ্ন দিয়ে, ও নাউন শব্দটা কমা চিহ্নের ঠিক পরেই বসে। কিন্তু পার্টিসিপিয়াল ফ্রেজ বাক্যের শেষে নাউন শব্দটার ঠিক পরে বসলে কমা ব্যবহার হয়না। নাউন শব্দটার ঠিক পরে না হলে, এখানেও কমা ব্যবহার হবে।

| | |
|---|---|
| Raju has a beautiful tiffin box made of steel. | নাউন শব্দ tiffin box-য়ের ঠিক পরে, বাক্যের শেষে তাই কমা ব্যবহার হয়নি |
| I saw Raju playing football. | নাউন শব্দ Raju-র ঠিক পরে, বাক্যের শেষে তাই কমা ব্যবহার হয়নি |
| Mita loved her new doll, taking it even to bed. | নাউন শব্দ Mita-র ঠিক পরে নয়, তাই এখানে কমা ব্যবহার করতে হবে। |
| Disappointed with her results, Mita decided to reappear in the exam. | বাক্যের আরম্ভে হলে কমা চিহ্ন ও নাউন শব্দ Mita কমা চিহ্নের ঠিক পরেই |
| Arriving home, I found all are present to celebrate my birthday. | বাক্যের আরম্ভে হলে কমা চিহ্ন ও নাউন শব্দ I কমা চিহ্নের ঠিক পরেই |
| Entering the room, we met our teacher. | বাক্যের আরম্ভে হলে কমা চিহ্ন ও নাউন শব্দ we কমা চিহ্নের ঠিক পরেই |
| Bitten by mosquitoes, we wished we had not stayed here the night. | বাক্যের আরম্ভে হলে কমা চিহ্ন ও নাউন শব্দ we কমা চিহ্নের ঠিক পরেই |
| Having been an athlete, Tinku knew the importance of regular exercise. | বাক্যের আরম্ভে হলে কমা চিহ্ন ও নাউন শব্দ Tinku কমা চিহ্নের ঠিক পরেই |

| | |
|---|---|
| The boy, sitting there in the middle, is named Raju. | বাক্যের মাঝে–অবশ্যপ্রয়োজনীয় না হলে দুটো কমার মধ্যে রাখা হয় |
| Raju, having won the race, was very happy. | বাক্যের মাঝে–অবশ্যপ্রয়োজনীয় না হলে দুটো কমার মধ্যে রাখা হয় |
| The dog barking whole night is our neighbour's dog. | বাক্যের মাঝে–অবশ্যপ্রয়োজনীয় হলে কমা দিতে হয় না |
| The boy taken to hospital has recovered from his injuries. | বাক্যের মাঝে–অবশ্যপ্রয়োজনীয় হলে কমা দিতে হয় না |

পার্টিসিপিয়াল ফ্রেজের আরও উদাহরণ পাওয়া যাবে "সহজ কথপোকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা" বইটার তৃতীয় খণ্ডে বাক্যে verb-ed ও verb -ing শব্দগুচ্ছ ব্যবহার আলোচনায়।

**Prepositional Phrase**

বাক্যের প্রিপোজিশনাল শব্দগুচ্ছের আরম্ভে থাকে কোনও প্রিপোজিশন শব্দ। প্রিপোজিশনাল ফ্রেজ সাধারণত ব্যবহার হয় অ্যাড্জেকটিভ বা অ্যাড্ভার্ব হিসাবে। অ্যাড্জেকটিভ হিসাবে বাক্যের কোনও নাউনের গুণাবলী বর্ণনা করে, ও অ্যাড্ভার্ব হিসাবে বাক্যের ভার্ব শব্দটাতে বাড়তি অর্থ যোগ করে। কিছু বিশেষ ধরনের বাক্যে প্রিপোজিশনাল ফ্রেজ বাক্যের সাব্জেক্ট নাউন হিসাবেও ব্যবহার হতে পারে।

| | |
|---|---|
| The girl in the red dress is my sister | অ্যাড্জেকটিভ– নাউন girl সম্বন্ধে বর্ণনা |
| The electric lamp on that street is not working. | অ্যাড্জেকটিভ– নাউন lamp সম্বন্ধে বর্ণনা |
| I want the book with the red cover. | অ্যাড্জেকটিভ– নাউন book সম্বন্ধে বর্ণনা |
| The students ran on the playground. | অ্যাড্ভার্ব–ভার্ব ran-য়ে অর্থ যুক্ত করে |
| The salesman sells from door to door. | অ্যাড্ভার্ব–ভার্ব sells-য়ে অর্থ যুক্ত করে |
| Put those eggs in the basket. | অ্যাড্ভার্ব–ভার্ব Put-য়ে অর্থ যুক্ত করে |
| We are on the way to Kolkata. | অ্যাড্ভার্ব–ভার্ব are -য়ে অর্থ যুক্ত করে |
| Mita is looking into the mirror. | অ্যাড্ভার্ব–ভার্ব look-য়ে অর্থ যুক্ত করে |
| She was searching for the lost coin. | অ্যাড্ভার্ব–ভার্ব search-য়ে অর্থ যুক্ত করে |
| Beyond that field is the forest area. | বিশেষ ধরনের বাক্যে নাউন হতে পারে |
| Across the river is our village. | বিশেষ ধরনের বাক্যে নাউন হতে পারে |
| Under the table is the box where I keep my keys. | বিশেষ ধরনের বাক্যে নাউন হতে পারে |

**Absolute Phrase**

আমরা আগে যে অন্যান্য শব্দগুচ্ছ বা ফ্রেজ দেখলাম, সেগুলোর সাথে অ্যাব্সলিউট ফ্রেজের পার্থক্য হল, এগুলো বাক্যের কোনও শব্দ বিশেষ নয়, ইন্ডিপেন্ডেন্ট ক্লজ বা স্বনির্ভর উপবাক্য বা বাক্যাংশটাতেই বাড়তি অর্থ যোগ করে। অ্যাবসলিউট ফ্রেজে অধিকাংশ সময়েই একটা নাউন ও একটা পার্টিসিপ্ল শব্দ থাকতে দেখা যায়। লক্ষণীয় হল, এগুলো পুরো বাক্যটাতেই বাড়তি অর্থ যোগ করে বটে, কিন্তু কোনও কন্জাংশন দিয়ে যুক্ত হয় না, কমা ব্যবহার করা হয় ও এগুলো বাক্য থেকে বাদ দিলেও বাক্যটা সম্পূর্ণ থাকে। আরেকটা বিশেষত্ব হল, এগুলোতে সাব্জেক্ট হিসাবে নাউন শব্দ থাকতে পারে (অবশ্যই কোনও ফাইনাইট ভার্ব থাকবে না, কারণ এগুলো কোনও সম্পূর্ণ বাক্য নয়)। অনেক সময় বাক্য বিশেষে নাউন ফ্রেজ ও প্রিপোজিশনাল ফ্রেজও পার্টিসিপ্ল শব্দ ছাড়াই অ্যাবসলিউট ফ্রেজের মতো কাজ করে।

| | |
|---|---|
| Weather permitting, we will meet today evening. | প্রেজেন্ট পার্টিসিপ্ল permitting |
| Being a rainy day, the school declared it a holiday. | প্রেজেন্ট পার্টিসিপ্ল being |
| Our hearts pounding, we were waiting for the results to be declared. | প্রেজেন্ট পার্টিসিপ্ল pounding |
| Food freshly cooked and ready, Mita waited for her friends to arrive. | পাস্ট পার্টিসিপ্ল cooked |
| Foods served and enjoyed by the guests, Mita may now take some rest. | পাস্ট পার্টিসিপ্ল served, enjoyed |
| His tails between his hind legs, the dog ran away. | পার্টিসিপ্ল শব্দ ছাড়াই অ্যাবসলিউট ফ্রেজ (নাউন ফ্রেজ) |
| Shopping basket in hand, he went out for the market. | পার্টিসিপ্ল শব্দ বাদে অ্যাবসলিউট ফ্রেজ (নাউন ফ্রেজ) |
| A wonderful player, Jitu made his team win the football match. | পার্টিসিপ্ল শব্দ ছাড়াই অ্যাবসলিউট ফ্রেজ (নাউন ফ্রেজ) |
| From top to bottom, that man is a corrupt person. | পার্টিসিপ্ল শব্দ ছাড়াই অ্যাবসলিউট ফ্রেজ (প্রিপোজিশনাল ফ্রেজ) |

## Clause (ক্লজ)

ক্লজ বলতে আমরা বুঝি বাক্যের কোনও শব্দসমষ্টি, যা পুরো বাক্যটা বা তারই একটা উপবাক্য বা অংশ, যার মধ্যে Subject (সাবজেক্ট) ও Predicate (প্রেডিকেট), দুটোই আছে। যে কোনও সম্পূর্ণ বাক্যে কমপক্ষে একটা ক্লজ থাকবেই, কারণ সেছাড়া বাক্য সম্পূর্ণ হতে পারে না। ক্ষুদ্রতম ক্লজ হলে কমকরে দুটো শব্দ থাকবে—একটা হল সাবজেক্ট (নাউন শব্দ) ও

আরেকটা হল প্রেডিকেট (ভার্‌ব শব্দ), যা বর্ণনা করে সাব্‌জেক্ট-য়ের কাজ, ক্রিয়া অথবা অবস্থা। যেমন, Ram plays. I ate. She danced. He ran.

বাক্যের সাবজেক্ট বা প্রেডিকেটে ফ্রেজ ব্যবহার করলে এই ক্লজটাই দীর্ঘতর হবে, কিন্তু বাক্যে ক্লজ একটাই থাকবে।

Ram, a student of our school, plays football in a club.
I ate the chocolate biscuits from the box kept on the table.
She danced beautifully in our school function.
He ran very fast to catch the bus.

একটাই ক্লজ নিয়ে এইগুলো হল সিম্পল সেনটেন্স বা সাধারণ বাক্য। **Complex Sentence** (কমপ্লেক্স সেনটেন্স) বা জটিল বাক্যে আমরা দুই ধরনের ক্লজ পাই— **Independent Clause** (ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজ) ও **Dependent Clause** (ডিপেন্‌ডেন্ট ক্লজ)। ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজকে **Main Clause** বা **Principal Clause** (মেন ক্লজ বা প্রিন্‌সিপাল ক্লজ) আর ডিপেন্‌ডেন্ট ক্লজকে **Subordinate Clause** (সাব-অর্ডিনেট ক্লজ)-ও বলা হয়।

**Independent Clause ও Dependent Clause**

ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজ হল কোনও জটিল বাক্যের সেই উপবাক্য বা বাক্যাংশটা যেটা তার সাব্‌জেক্ট ও প্রেডিকেট নিয়ে নিজেই একটা সম্পূর্ণ অর্থপূর্ণ বাক্য। অর্থাৎ বাকি অংশটা বাদ দিলেও বাক্যের ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজ একটা সম্পূর্ণ বাক্য থেকে যায়। অন্যদিকে, ডিপেন্‌ডেন্ট ক্লজ হল বাকি অংশটা যার মধ্যেও আমরা সাব্‌জেক্ট ও প্রেডিকেট পাই ও তাই তা বাক্যের মতো উপবাক্য হলেও অসম্পূর্ণ কারণ তার অর্থ ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজের ওপর নির্ভর করে। ইন্‌ডিপেন্‌ডেন্ট ক্লজ ছাড়া শুধু ডিপেন্‌ডেন্ট ক্লজা হয়ে যায় **Fragmented** (ফ্র্যাগমেন্টেড্‌) বাক্য । নিচের বাক্যগুলোতে ডিপেন্‌ডেন্ট ক্লজগুলো নিম্নরেখা দিয়ে দেখানো হল।

The club, <u>where Ram plays football,</u> is near his school.
I ate the chocolate biscuits, <u>which she had brought for us</u>.
Mita was selected to perform in the function <u>because she danced beautifully</u>.
He ran very fast to catch the bus <u>that would take him to Bolpur</u>.

বাক্যে ডিপেন্‌ডেন্ট ক্লজ বিভিন্ন ধরনের হতে পারে। এগুলো হল **Noun Clause** (নাউন ক্লজ), **Adjective Clause** বা **Relative Clause** (অ্যাড্‌জেকটিভ ক্লজ বা রিলেটিভ ক্লজ), ও **Adverb Clause** (অ্যাড্‌ভারব ক্লজ)। এই ক্লজগুলোকে **wh- clause** ও **that-clause** নাম দিয়েও বলা হয়। বাক্যে এগুলোর ব্যবহারের উদাহরণ পাওয়া যাবে “সহজ কথপোকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা” বইটার তৃতীয় খণ্ডে।

**Noun Clause:** বাক্যের এই অংশটার শব্দসমষ্টি নাউনের মতো কাজ করে। সেই কারণে এই ধরনের উপবাক্য বা বাক্যাংশকে ডিপেন্‌ডেন্ট নাউন ক্লজ বলা হয়। এর আরম্ভে থাকতে পারে that, what, how, whatever, when, where, whether, which, whichever, who,

whoever, whom, whomever, why ইত্যাদি। এই বাক্যাংশটা বাক্যের সাব্জেক্ট, ভার্বের অব্জেক্ট, সাব্জেক্ট কমপ্লিমেন্ট হিসাবে কাজ করতে পারে।

বাক্যের সাব্জেক্ট

What is your religion is not important to us.

Whichever dress you want I will buy it for you.

Whoever comes first in the exam will be the class monitor.

That we need food to survive is obvious.

ভার্বের অব্জেক্ট

I did not know that you will come today.

I did not know why he went there.

We were wondering how they would go there.

I did not know who brought it here.

We are trying to guess what he has in his mind.

You may do whatever makes you happy.

I am not sure whether he can run the business.

সাব্জেক্ট কমপ্লিমেন্ট (সর্বদা be ভার্ব-য়ের পরে বসে)

Our expectation was that all of us would reach home safely.

The problem is that you never come on time.

Our target is how to satisfy our customers.

The winner will be the player scoring the highest goals.

**Adjective Clause**: বাক্যের এই অংশটার শব্দসমষ্টি অ্যাড্জেকটিভের মতো কাজ করে। সেই কারণে এই ধরনের উপবাক্য বা বাক্যাংশকে ডিপেন্ডেন্ট অ্যাড্জেকটিভ ক্লজ বলা হয়। এর আরম্ভে থাকে Relative Pronoun (রিলেটিভ প্রোনাউন), যেমন, who, whom, which, that, whose বা Relative Adverb (রিলেটিভ অ্যাড্ভার্ব) যেমন, when, why, where । এই বাক্যাংশ অ্যাড্জেকটিভের মতোই ইন্ডিপেন্ডেন্ট ক্লজের নাউন বা প্রোনাউন শব্দটা সম্বন্ধে আরও তথ্য দেয়।

I have lost the book that he gave me.

I live in New Delhi, which is the capital of India.

The boy who lives in that house is my friend.

I also go to the same school where my friend Raju goes.

He is the boy whom we like most.

Tagore is my favourite poet, whose poems I always enjoy.

One should sow seeds in the season when there is rainfall.

The reason why he stooped playing with us is a mystery.

**Adverb Clause**: বাক্যের এই অংশটার শব্দসমষ্টি অ্যাড্ভার্বের মতো কাজ করে। সেই কারণে এই ধরনের উপবাক্য বা বাক্যাংশকে ডিপেন্ডেন্ট অ্যাড্ভার্ব ক্লজ বলা হয়। এটা অ্যাড্ভার্বের মতোই বাক্যের ইন্ডিপেন্ডেন্ট ক্লজের ভার্বটা সম্বন্ধে আরও তথ্য দেয় । এগুলোর আরম্ভে সাধারণত Subordinating Conjunction (সাবর্ডিনেটিং কন্জাংশন) বা Relative Pronoun (রিলেটিভ প্রোনাউন) থাকে।

He used to play football when he lived here.
I waited for him because I knew he would come.
Mita dances better than Sita dances.
I wake up early in the morning because it makes me feel good.
You can finish it on time if you work also on Sundays.
I will buy that dress if it is on sale.
I walk every afternoon before the Sun goes down in the west.
I made the food ready while he was reading a book.
My father smiled when he found that I had made the food.
I cannot buy you this dress since I don't have enough money.
Mita topped in the exam although I had never expected it.
Let us eat before the food gets cold.
I will now explain what I mean.
I was reading the book until I fell asleep.
Now I walk more than I walked a month ago.

## Sentence types (সেন্টেন্স টাইপস)

অর্থের রকমফের অনুসারে মূলত চার ধরনের বাক্য হয়। এগুলো হল —

**Declarative Sentence** (ডিক্লেয়ারেটিভ সেন্টেন্স) বা **Assertive Sentence** (অ্যাসার্টিভ সেন্টেন্স): এই ধরনের বাক্যগুলো হল বর্ণনামূলক। এখানে ব্যক্তি, বস্তু, বা বিষয় ও কাজকর্ম ও ঘটনা বা ঘটনার প্রবাহ, ইত্যাদি সম্বন্ধে তথ্য বিবৃত করা হয়। অর্থাৎ, এই বাক্যগুলো হল statement (স্টেটমেন্ট) ধরনের, যা বিবরণ দেয়।

| | | |
|---|---|---|
| Ram is a student. | He lives here. | He plays football. |
| It was a rainy day. We could not play today. | He promised that he would come today. | I have been travelling since last week. |

সাধারণত এই ধরনের বাক্যের প্রথমে সাব্জেক্ট থাকে ও তারপরেই থাকে ভার্ব।

**Interrogative Sentence** (ইন্টারোগেটিভ সেনটেন্স): এই বাক্যগুলো হল প্রশ্নসূচক, যা ব্যবহার হয় কোনও question বা প্রশ্ন করতে ও শেষে প্রশ্নবোধক চিহ্ন থাকে। মনে রাখতে হবে, এই ধরনের বাক্যের আরম্ভে সর্বদা কোনও অক্সিলিয়ারি ভার্ব অথবা প্রথমে What, Where, How, When, Who, Which, ইত্যাদি শব্দগুলোর পরেই কোনও অক্সিলিয়ারি ভার্ব থাকবে, এবং তার ঠিক পরেই থাকবে বাক্যের সাব্জেক্ট। Whose-য়ের ক্ষেত্রে অবশ্য একটু অন্যরকম হয়; ঠিক পরেই সাব্জেক্টকে রাখতে হয়।

| | | |
|---|---|---|
| Are you going there? | How will you come? | Will you come? |
| Where are you going? | Who is that boy? | Is he a student here? |
| What is the correct answer? | Whose pen is this? | When is your birthday? |

ডিক্লেয়ারেটিভ বা অ্যাসার্টিভ বাক্যে অক্সিলিয়ারি ভার্ব থাকলে সেই অক্সিলিয়ারি ভার্বটাকেই সামনে নিয়ে আসলে বাক্যটা ইন্টারোগেটিভ হয়ে যায়। যেমন,

| | |
|---|---|
| This is a book. | Is this a book? |
| Raju is going to school. | Is Raju going to school? |

ডিক্লেয়ারেটিভ বা অ্যাসার্টিভ বাক্যে অন্য কোনও ভার্ব শব্দ ফাইনাইট ভার্ব হিসাবে থাকলে আর অক্সিলিয়ারি ভার্ব থাকে না। এই ধরনের বাক্যগুলো থেকে প্রশ্নসূচক ইন্টারোগেটিভ বাক্য তৈরি করতে সামনে অক্সিলিয়ারি ভার্ব Do (Does, Did) বসাতে হয়।

| | |
|---|---|
| He loves eggs. | Does he love eggs? |
| You also love eggs. | Don't you also love eggs? |
| He came here with you. | Did he come here with you? |
| I have a pet dog. | Do you have a pet dog? |

**Imperative Sentence** (ইম্প্যারেটিভ সেনটেন্স): এই বাক্যগুলো ব্যবহার হয় order, বা command করতে । অর্থাৎ, কাউকে কোনও নির্দেশ বা আদেশ দিতে । বাক্যগুলোর সাব্জেক্ট (যাকে আদেশ করা হচ্ছে) সাধারণত বাক্যে উহ্য থাকে।

| | | |
|---|---|---|
| Please come in. | Please shut the door. | Obey the traffic rules. |
| Please give me a glass of water. | Reach there on time. | Everybody should stand in a queue. |

মনে রাখতে হবে, ইংরেজি বাক্যে বলার ভঙ্গি অনুযায়ী উপদেশ, অনুরোধ বা মতামত দেওয়াও অনেক সময়েই আদেশসূচক হয়, Please বলা হলেও ।

**Exclamatory Sentence** (এক্সক্লামেটরি সেনটেন্স): এই বাক্যগুলো ব্যবহার হয় sudden surprise, happiness, sadness বা বিশেষ কোনও উচ্ছাস (ভাল লাগা, খারাপ লাগা, দুঃখ, বিস্ময়, বা কোনও বিশেষ অনুভূতি, আচমকা কোনও ভাব) প্রকাশ করতে। এগুলোর শেষে বিস্ময়সূচক চিহ্ন বসে।

Alas! I could not attend the function.
How fluently Raju talks in English!
Hush! Everyone is looking at you.
Hurrah! We are going for a picnic today.
What a pity! You can't come with us.
Oh God! How could it happen?
Hey you! Don't touch my bag.
What a nice dress you have!
What a boring story it is!
What beautiful day it is!

এছাড়া এক্সক্লামেটরি বাক্যগুলোর আলাদা আরেকটা ভাগ করা যায় — **Opative Sentence** (ওপ্যাটিভ্ সেনটেন্স) যেগুলো ব্যবহার হয় কোনও wish বা প্রার্থনা, শুভ কামনা এমনকি অভিশাপ প্রকাশ করতে। কোনও প্রার্থনা হলে সাধারণত May দিয়ে বাক্য শুরু করা হয় ও শেষে বিস্ময়সূচক চিহ্ন বসে।

God save him.
Wish you best of luck.
Long live the king.
May you live long!
May God bless us all!
Go to hell.

## Sentence Structure (সেন্টেন্স স্ট্রাক্চার)

গঠনের ধরন অনুসারে চার ধরনের বাক্য হয়। এগুলো হল — **Simple Sentence** (সিম্পল সেনটেন্স), **Compound Sentence** (কমপাউন্ড সেনটেন্স), **Complex Sentence** (কমপ্লেক্স সেনটেন্স), ও **Compound–Complex Sentence** (কমপাউন্ড–কমপ্লেক্স সেনটেন্স) । বাক্যে কী ধরনের ও কটা ক্লজ আছে সেই দিয়ে এই ভাগগুলো করা হয়।

**Simple Sentence:** সিম্পল সেনটেন্সে কেবলমাত্র একটাই ইন্ডিপেনডেন্ট ক্লজ থাকে। অধিকাংশ সাধারণ ছোট ছোট বাক্যগুলো সিম্পল সেনটেন্স হয়ে থাকে। যেমন,

I like to play football.
She loves music.
Will you come?
We saw a black cat.
He was my friend.
I will be with you.

**Compound Sentence:** যেসব বাক্যে একাধিক ইন্ডিপেনডেন্ট ক্লজ থাকে সেগুলোকে কমপাউন্ড সেনটেন্স (যৌগ বা যুক্ত বাক্য) বলে। বাক্যে এই ক্লজগুলো সাধারণত যুক্ত হয় কোনও coordinating conjunction (কোঅর্ডিনেটিং কনজাংশন) দিয়ে, যেমন, and, but, for, nor, so, yet । কোঅর্ডিনেটিং কনজাংশন দিয়ে যুক্ত করার সময় কমার ব্যবহার খেয়াল রাখতে হবে। এছাড়া কনজাংটিভ অ্যাড্ভার্ব দিয়ে ও সেমিকোলন দিয়েও কমপাউন্ড বাক্যে দুটো ইন্ডিপেনডেন্ট ক্লজ যুক্ত করা হয়।

We went to the zoo, and we saw there a tiger.
I invited him, but he did not come.
I prefer cats as pets, for they appear quite clean.
Should we start playing, or wait for others to join us?
I ran out of money, so I could not buy the book.
He had no food left to eat, nor did he have money to buy food.

I don't like to go to the dentist, yet I had to visit the dentist.

I should go to work, but I am too tired now.

Please come tomorrow; I will check whether we can give it to you.

Mountains are my favourite place; I spend my summer holidays there.

The exam was difficult; however, I managed to pass.

He paid all the rents due; therefore, he would be allowed to stay.

**Complex Sentence:** কমপ্লেক্স বা জটিল বাক্যে একটা ইন্‌ডিপেনডেন্ট ও তার সাথে একটা বা একাধিক **Dependent Clause** (ডিপেন্‌ডেন্ট ক্লজ) থাকে। আগে ক্লজ সম্বন্ধে আলোচনায় আমরা জটিল বাক্যে বিভিন্ন ধরনের ডিপেনডেন্ট ক্লজ ব্যবহারের উদাহরণ দিয়েছি। জটিল বাক্যে একাধিক ডিপেন্‌ডেন্ট ক্লজ থাকতে পারে। যেমন,

I will now explain <u>what I mean</u> <u>when I say</u> <u>the Earth goes round the Sun</u>.

I was reading the book <u>until I fell asleep</u> <u>since it was a fascinating book.</u>

Now I walk <u>more than I walked a month ago</u>, <u>which proves that I have recovered from my illness</u>.

কমপ্লেক্স বা জটিল বাক্যের একটা বিশেষ ধরন হিসাবে আমরা পাই **Conditional Sentence** (কন্‌ডিশনাল সেনটেন্স) বা শর্তসাপেক্ষ বাক্য। এই বাক্যগুলোতে দুটো ভাগ থাকে। ইন্‌ডিপেন্‌ডেন্ট বা মেন ক্লজটাতে বলা হয় ফলাফল (কী হয়, হবে, বা হতো), আর **if** (কিছু বিশেষ বাক্যে কখনও উহ্যও রাখা যায়) বা **when** দিয়ে আরম্ভ করে ডিপেন্‌ডেন্ট ক্লজটাতে বলা হয় ঘটার শর্তটা (কী হলে)। শর্তসাপেক্ষ বাক্যের মোটামুটি চারটে ধরন হয়—

If one studies well, one passes the exam.
If you study, you will pass the exam.
If you studied, you would pass the exam.
If you had studied, you would have passed the exam.

এখানে ডিপেন্‌ডেন্ট **if-clause** বাক্যের প্রথমে রাখা হয়েছে পরে কমা দিয়ে। এগুলোকে বাক্যের শেষেও রাখা যায়। এই চারটে ধরনের নাম দেওয়া হয়—

| | |
|---|---|
| 1. Zero Conditional | বর্তমান কালের বাক্য: বাস্তবে কী হলে কী হয় |
| 2. Type I First Conditional | বর্তমান কালে কী হলে ভবিষ্যৎ ফল বাস্তবে কী হবে |
| 3. Type II Second Conditional | অতীত কালের বাক্য: কী হলে ফল কী হতো কল্পনা |
| 4. Type III Third Conditional | কল্পিত: যা হয়নি কিন্তু অতীতে কী হলে হতে পারত |

শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ পাওয়া যাবে ‘‘সহজ কথপোকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা’’ বইটার দ্বিতীয় খণ্ডে।

**Compound-Complex Sentence:** এই ধরনের বাক্যে কম করে দুটো ইন্ডিপেনডেন্ট ক্লজ ও এক বা একাধিক ডিপেনডেন্ট ক্লজ থাকে। আরেকভাবে বলা যায় যে কম করে দুটো বাক্য কোনও coordinating conjunction (কোঅর্ডিনেটিং কন্জাংশন) দিয়ে যুক্ত থাকবে ও তাদের মধ্যে অন্তত একটাকে কমপ্লেক্স সেনটেন্স হতে হবে। নিচের বাক্যগুলোতে দুটো করে ইন্ডিপেনডেন্ট ক্লজ ও একটা ডিপেনডেন্ট ক্লজ (নিম্নরেখ দেওয়া) আছে।

We will go out to play today, but before that, we must clean the classroom <u>when the class is over</u>.

The rain has stopped, so I think <u>that we can go out for shopping</u>.

Usually I go for a walk early morning everyday <u>when the sun rises</u>, but it was raining toady.

We won the match, but it was a tough game <u>because our opponent team was very strong</u>.

## Direct Speech ও Indirect Speech (ডাইরেক্ট ও ইন্ডাইরেক্ট স্পীচ)

আমরা যখন হুবহু বিবরণ দিই, কেউ ঠিক কী বলেছিল, তখন তার বলা সেই বাক্যটা হুবহু লিখি বাক্যটার আরম্ভে ও শেষে Quotation Mark (কোটেশন মার্ক) দিয়ে। এইভাবে লেখা বাক্যকে বলা হয় ডাইরেক্ট স্পীচ। আবার, আমরা যখন ঘোষণা করে আমাদের ভাষাতেই বলি যে অমুকের বক্তব্য হল এইটা (কোটেশন মার্ক না দিয়ে), তখন সেটাকে বলা হয় ইন্ডাইরেক্ট স্পীচ বা **Reported Speech** (রিপোর্টেড স্পীচ)।

অনেক সময়েই প্রয়োজন হয় ডাইরেক্ট স্পীচে লেখা কোনও বাক্যকে ইন্ডাইরেক্ট স্পীচে পরিবর্তন করে লেখা। এই পরিবর্তন করার কয়েকটা সাধারণ নিয়ম আছে। নিচের বাক্যগুলো কীভাবে ডাইরেক্ট স্পীচ থেকে ইন্ডাইরেক্ট স্পীচে রূপান্তরিত করা হয়েছে দেখো ও লক্ষ করো, কী কী পরিবর্তন করা হয়েছে।

1. বলা বক্তব্যের কোটেশন চিহ্ন তুলে দিতে হবে ও এই অংশটা যুক্ত হবে আগে সাধারণত that শব্দ দিয়ে ।
2. ডাইরেক্ট স্পীচের কোটেশনের ভেতরে বলা প্রোনাউন ইন্ডাইরেক্ট স্পীচে পাল্টে যায়, যেমন, I হবে he বা she, we হবে they, my/mine হবে his বা her, you হবে his/her বা them ইত্যাদি ।
3. ডাইরেক্ট স্পীচের উল্লিখিত সময় বা স্থান নির্দেশও ইন্ডাইরেক্ট স্পীচে পাল্টে যায়, যেমন, now হবে then, here হবে there, thus হবে so, today হবে that day, tomorrow হবে day after, yesterday হবে day before ইত্যাদি ।

| **Direct speech** | **Indirect/Reported speech** |
|---|---|
| The girl said, “I like dancing”. | The girl said <u>that</u> <u>she</u> <u>liked</u> dancing. |
| They told Raju, “We will come to | They told Raju <u>that</u> <u>they</u> <u>would</u> come |

| | |
|---|---|
| play today". | to play that day. |
| Raju said to Shibu, "Yesterday I did not come to school". | Raju told Shibu that the day before he had not come to school. |
| My mother said to me, "Tomorrow I will take you to the zoo". | My mother told me that she would take me to the zoo next day. |

4. ডাইরেক্ট স্পীচে যদি কোনও প্রশ্ন করা হয়, তাহলে ইন্‌ডাইরেক্ট স্পীচে ব্যবহার করা হবে asked বা inquired, অনুরোধ করা হলে ব্যবহার করা হবে requested, আদেশ করা হলে ব্যবহার করা হবে ordered বা commanded, প্রার্থনা বা কামনা করা হলে ব্যবহার করা হবে wished বা prayed, উচ্ছাস প্রকাশ করা হলে ব্যবহার করা হবে exclaimed ।

| **Direct speech** | **Indirect/Reported speech** |
|---|---|
| His mother said to him, "Will you come with us"? | His mother asked him whether he would go with them. |
| Mita said to Sita, "Please return the book I gave you." | Mita requested Sita to return the book she had given to her. |
| My father said to me, "Make the garden clean before I return today." | My father ordered me to make the garden clean before he would return on that day. |
| The girl said, "What a beautiful day"! | The girl exclaimed that it was a beautiful day. |
| Raju: "May our friend Shibu live happily in that foreign land." | Raju wished that Shibu might live happily in that foreign land. |

5. ডাইরেক্ট স্পীচের কোটেশন চিহ্নের ভেতরের অংশটার ভার্বের টেন্‌স পাল্টে যায় কোটেশন চিহ্নটা তুলে দিয়ে ইনংডাইরেক্ট স্পীচে লেখা হলে। এটা কীভাবে পাল্টায় তা নিচে বলা হল—

| **Direct speech tense** | | **Indirect/Reported speech tense** | |
|---|---|---|---|
| Simple Present: | I like | Simple Past: | I liked |
| Present Continous: | I am playing | Past Continuous: | I was playing |
| Simple Past: | I liked | Past Perfect: | I had liked |
| Past Continuous: | I was playing | Past Perfect Continuous: | I had been playing |
| Present Perfect: | I have been playing | Past Perfect: | I had been playing |
| Past Perfect: | I had played | Past Perfect: | I had played |

6. এছাড়া মোডাল অক্সিলিয়ারি ভার্বগুলোর প্রেসেন্ট টেন্‌স (will, shall, can, may) পাল্টে পাস্ট টেন্‌স হয়ে যায় (would, should, could, might )।

7. ডাইরেক্ট স্পীচের কোটেশনে কোনও universal truth (ইউনিভার্সাল ট্রুথ, যা সর্বদা সত্য) বললে, ইন্ডাইরেক্ট স্পীচে তার ভার্ব টেন্স বদলায় না।
   Raju said, "I know that the Sun rises in the east." ইন্ডাইরেক্ট স্পীচে হবে,
   Raju said that he knew that the Sun rises in the east.
8. ডাইরেক্ট স্পীচের বাক্যটাই যদি বর্তমান কালের হয়, তাহলেও কোটেশনের ভেতরের ভার্বের টেন্স বদলায় না।
   Mita says, "I will definetly come." ইন্ডাইরেক্ট স্পীচে হবে,
   Mita says that she will definetly come. .

## Active Voice ও Passive Voice (অ্যাক্টিভ ও প্যাসিভ্ ভয়েস)

সাধারণত বাক্যে ভার্ব দিয়ে উল্লেখ করা কাজটা করে বাক্যের সাব্জেক্ট (মুখ্য চরিত্র বা কর্তা) কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়কে নিয়ে বা তার সম্বন্ধে, যেটা হল অব্জেক্ট। এই ধরনের বাক্যগুলোকে বলা হয় অ্যাক্টিভ ভয়েস, যেখানে লক্ষ্য হল বলা, কে কোন্ কাজটা করছে।

The girl sells flowers.

অন্য দিকে বাক্যের ধরন প্যাসিভ্ ভয়েস হতে পারে, যেখানে লক্ষ্য হল বলা, কোনও বস্তু, বিষয়, বা ব্যক্তির ওপরে কোন্ কাজটা করা হচ্ছে বা ঘটছে। এখানে কাজটা অবশ্যই কারুর দ্বারা ঘটছে, কিন্তু সেটা বাক্যে গৌণ, তাই বাক্যে তার উল্লেখ নাও করা হতে পারে।

Flowers are sold by the girl.

এখানে বাক্যের গঠনে, অ্যাক্টিভ ভয়েসের সাব্জেক্ট হয়ে যায় প্যাসিভ্ ভয়েসের অব্জেক্ট (যার দ্বারা কাজটা হচ্ছে) ও অব্জেক্টটা (যার ওপর কাজটা হচ্ছে) হয়ে যায় প্যাসিভ্ ভয়েসের সাব্জেক্ট। এই দুই ধরনের বাক্যের গঠন তুলনা করলে পাই—

অ্যাক্টিভ ভয়েস : সাব্জেক্ট + ভার্ব + অবজেক্ট
প্যাসিভ্ ভয়েস : সাব্জেক্ট (অ্যাক্টিভ ভয়েসের অবজেক্ট) + ভার্ব +অবজেক্ট (অ্যাক্টিভ ভয়েসের সাব্জেক্ট)।

এই দুই ধরনের বাক্যের আরও কিছু উদাহরণ—

| **Active Voice** | **Passive Voice** |
|---|---|
| Simple Present Tense (সিম্পল প্রেজেন্ট টেন্স) | |
| She tells us stories. | Stories are told by her. |
| They play football. | Football is played by them. |
| He does not read story books. | Story books are not read by him. |
| My mother cooks food for us. | Food is cooked for us by my mother. |
| Simple Past Tense (সিম্পল পাস্ট টেন্স) | |
| Mita made a toy. | A toy was made by Mita. |
| She gave me some flowers. | Some flowers were given to me by her. |

I drew a picture. A picture was drawn by me.
They watched television. Television was watched by them

প্যাসিভ্ ভয়েস বাক্যের গঠন সম্বন্ধে কয়েকটা সাধারণ নিয়ম উল্লেখ করা যায়।

1. আগেই বলা হয়েছে, অ্যাক্টিভ ভয়েসের সাব্জেক্ট ও অব্জেক্ট উল্টে গিয়ে প্যাসিভ্ ভয়েসে বসে অব্জেক্ট আর সাব্জেক্টের জায়গায়।

   He buys a book. A book is bought by him.

2. প্যাসিভ্ ভয়েসে ভার্ব শব্দের সর্বদা -en/ed form বা past participle (পাস্ট পার্টিসিপ্ল) রূপটা ব্যবহার হয়। স্বভাবতই, এটা নন্-ফাইনাইট ভার্ব বলে প্যাসিভ্ ভয়েস বাক্যে সর্বদাই কোনও না কোনও অক্সিলিয়ারি বা সহায়ক ভার্ব লাগবে।

3. কোনও কোনও প্যাসিভ্ ভয়েসের বাক্যে কে কাজটা করছে (অ্যাক্টিভ ভয়েসের সাব্জেক্ট) আদৌ উল্লেখ করা নাও হতে পারে বা প্রয়োজন হয় না।

   Rice is sold in kilogram. No animals were harmed.

4. কাজটা কার দ্বারা হচ্ছে বা কে করছে তার উল্লেখ প্যাসিভ্ ভয়েস বাক্যে করা হয় আগে by শব্দটা বসিয়ে। কোনও কোনও বাক্যে by-য়ের বদলে to বা with ব্যবহার করতে হতে পারে।

   I know Raju. Raju is known to me.
   Rainwater fills the pond. The pond is filled with rainwater.

5. অ্যাক্টিভ ভয়েসের ভারবের টেন্স অনুযায়ী প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব ব্যবহার হয় পাস্ট পার্টিসিপ্ল ভার্বের আগে।

6. অ্যাক্টিভ ভয়েস বাক্য Perfect Continuous (Present, Past, or Future) বা Future Continuous Tense হলে তার প্যাসিভ্ ভয়েস বাস্তবে ব্যবহার হয় না, যদিও কেউ কেউ have/has been being বা have/has been getting ব্যবহার করেন। অ্যাক্টিভ ভয়েস বাক্যে ইন্ট্রান্সিটিভ ভার্ব থাকলেও তার প্যাসিভ্ ভয়েস করা যায় না।

| **Active Voice** | **Passive Voice** |
|---|---|
| | সিম্পল প্রেজেন্ট টেন্স |
| | প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **am/is/are** ব্যবহার হয় |
| He always invites me. | I am always invited by him. |
| He always gives a toy. | A toy is always given by him. |
| Does he give a toy? | Is a toy given by him? |
| They bring fruits. | Fruits are brought by them. |
| | প্রেজেন্ট কন্টিনিউয়াস (প্রোগ্রেসিভ) টেন্স |
| | প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **am being/is being/are being** ব্যবহার হয় |
| He is calling me. | I am being called by him. |

| | |
|---|---|
| Are you distrurbing him? | Is he being disturbed by you? |
| He is writing a story. | A story is being written by him. |
| They are buying apples. | Apples are being bought by them. |

প্রেজেন্ট পারফেক্ট টেন্স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **have been/has been** ব্যবহার হয়

| | |
|---|---|
| I have made some mistakes. | Some mistakes have been made by me. |
| I have invited them. | They have been invited by me. |
| She has written the story. | The story has been written by her. |
| He has caught the thief. | The thief has been caught by him. |
| Has he caught the thief? | Has the thief been caught by him? |

প্রেজেন্ট পারফেক্ট কন্টিনিউয়াস (প্রোগ্রেসিভ) টেন্স

অ্যাক্টিভ ভয়েস বাক্যের প্যাসিভ্ ভয়েস ব্যবহার হয় না

সিম্পল পাস্ট টেন্স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **was/are** ব্যবহার হয়

| | |
|---|---|
| He invited me. | I was invited by him. |
| He gave me a toy. | A toy was given by him to me. |
| Did he give a toy? | Was a toy given by him? |
| They brought fruits. | Fruits were brought by them. |

পাস্ট কন্টিনিউয়াস (প্রোগ্রেসিভ) টেন্স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **was being/were being** ব্যবহার হয়

| | |
|---|---|
| He was cleaning the garden. | The garden was being cleaned by him. |
| Were you distrurbing him? | Was he being disturbed by you? |
| He was writing a story. | A story was being written by him. |
| They were buying apples. | Apples were being bought by them. |

পাস্ট পারফেক্ট টেন্স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **had been** ব্যবহার হয়

| | |
|---|---|
| We had won the match. | The match had been won by us. |
| He had written two poems. | Two poems had been written by him? |
| Had he written poems? | Had poems been written by him? |
| Had he not brought the fees? | Had the fees not been brought by him? |

পাস্ট পারফেক্ট কন্টিনিউয়াস (প্রোগ্রেসিভ) টেন্স

অ্যাক্টিভ ভয়েস বাক্যের প্যাসিভ্ ভয়েস ব্যবহার হয় না

সিম্পল ফিউচার টেন্স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, **will be** ব্যবহার হয়

| | |
|---|---|
| I will send the letter. | The letter will be sent by me. |

| | |
|---|---|
| Will he not answer the letter? | Will the letter be not answered by him? |
| Will she invite us? | Will we be invited by her? |
| They will arrange a meeting. | A meeting will be arranged by them. |

ফিউচার কন্‌টিনিউয়াস টেন্‌স

অ্যাক্‌টিভ ভয়েস বাক্যের প্যাসিভ্ ভয়েস ব্যবহার হয় না

ফিউচার পারফেক্ট টেন্‌স

প্যাসিভ্ ভয়েসে অক্সিলিয়ারি ভার্ব, will have been ব্যবহার হয়

| | |
|---|---|
| They will have built the road. | The road will have been built by them. |
| He will not have the story. | The story will not have been written by him. |
| Will he have got the book? | Will the book have been received by him? |

এই ধরনের বাক্য সাধারণত ব্যবহার হয় অন্য কোনও ঘটনার পরিপ্রেক্ষিতে বা শর্তসাপেক্ষে। আরও বাক্যের উদাহরণ পাওয়া যাবে ‘‘সহজ কথপোকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা’’ বইটাতে।

ফিউচার পারফেক্ট কন্‌টিনিউয়াস (প্রোগ্রেসিভ্) টেন্‌স

অ্যাক্‌টিভ ভয়েস বাক্যের প্যাসিভ্ ভয়েস ব্যবহার হয় না

## Prefix ও Suffix

প্রেফিক্স ও সাফিক্স হল কিছু বর্ণ, যেগুলো শব্দের সামনে ও শেষে বসে অন্য অর্থের আরেকটা শব্দ তৈরি করে। প্রেফিক্স বসে শব্দের সামনে ও সাফিক্স বসে শব্দের শেষে । প্রেফিক্স ও সাফিক্সগুলো যে অর্থ তৈরি করতে ব্যবহার হয় আর প্রেফিক্স ও সাফিক্স দিয়ে কিছু শব্দের উদাহরণ নিচে দেওয়া হল। কিছু প্রেফিক্স হয় যেগুলো ব্যবহার করে অনেক শব্দের অ্যান্টোনিম্ বা বিপরীত শব্দ পাওয়া যায়। এই প্রেফিক্সগুলো হল, de-, dis-, il-, im-, in-, ir-, un- ।

**প্রেফিক্স-য়ের উদাহরণ**

| প্রেফিক্স- | অর্থ তৈরি করে | প্রেফিক্স শব্দের উদাহরণ |
|---|---|---|
| ante- | before | antenatal, anteroom, antedate |
| anti- | against, opposing | antibiotic, antidepressant, antidote |
| circum- | around | circumstance, circumvent |
| co- | with | co-worker, co-pilot, co-operation |
| de- | off, down, away | devalue, defrost, derail, demotivate |
| dis- | opposite of, not | disagree, disappear, disintegrate, disapprove |
| em-, en- | cause to, put into | embrace, encode, embed, enclose, engulf |
| epi- | upon, close to, | epicentre, episcope, epidermis |
| ex- | former, out of | ex-president, ex-student, exterminate |
| extra- | beyond, more than | extracurricular, extraordinary, extra-terrestrial |
| fore- | before | forecast, forehead, foresee, foreword, foremost |

| | | |
|---|---|---|
| homo- | same | homosepian, homonuclear, homoplastic |
| hyper- | over, above | hyperactive, hypertension |
| il-, im-, in-, ir- | not | impossible, illegal, irresponsible, indefinite |
| im-, in- | into | import, inside, in-depth |
| infra- | beneath, below | infrastructure, infrared, infrasonic |
| inter-, intra- | between | interact, intermediate, intergalactic, intranet |
| macro- | large | macroeconomics, macromolecule |
| micro- | small | microscope, microbiology, microfilm |
| mid- | middle | midfielder, midway, midsummer |
| mis- | wrongly | misinterpret, misfire, mistake, misunderstand |
| mono- | one, singular | monotone, monosyllable, monolithic |
| non- | not, without | nonsense, nonentity, nondescript |
| omni- | all, every | omnibus, omnivore, omnipotent |
| para- | beside | parachute, paramedic, paradox |
| post- | after | post-mortem, postpone, post-natal |
| pre- | before | prefix, predetermine, preschool |
| re- | again | return, rediscover, reiterate, reunite |
| semi- | half | semicircle, semi-final, semiconscious |
| sub- | under | submerge, submarine, subgroup, subtitle |
| super- | above, over | superfast, superstar, supernatural, superimpose |
| therm- | heat | thermometer, thermostat, thermodynamic |
| trans- | across, beyond | transport, transnational, transatlantic |
| tri- | three | triangle, tripod, tricycle |
| un- | not | unfinished, unfriendly, undone, unknown |
| uni- | one | unicycle, universal, unilateral, unanimous |

**সাফিক্স-য়ের উদাহরণ**

| -সাফিক্স | অর্থ তৈরি করে | সাফিক্স শব্দের উদাহরণ |
|---|---|---|
| শেষে বসে তৈরি করে Noun শব্দ | | |
| -acy | state or quality | democracy, accuracy, lunacy |
| -al | the action or process of | remedial, denial, trial, criminal |
| -ance, -ence | state or quality of | nuisance, ambience, tolerance |
| -dom | place or state of being | freedom, stardom, boredom |
| -er, -or | person or object that does a specified action | reader, creator, interpreter, inventor, collaborator, teacher |

| | | |
|---|---|---|
| -ism | doctrine, belief | scepticism, escapism, idealism |
| -ist | person or object that does a specified action | geologist, scientist, theorist, communist |
| -ity, -ty | quality of | extremity, validity, stupidity |
| -ment | condition | enchantment, argument |
| -ness | state of being | heaviness, highness, sickness |
| -ship | position held | friendship, hardship, internship |
| -sion, -tion | state of being | position, promotion, cohesion |
| শেষে বসে তৈরি করে Verb শব্দ | | |
| -ate | become | mediate, collaborate |
| -en | become | sharpen, strengthen, loosen |
| -ify, -fy | make or become | justify, simplify, magnify, satisfy |
| -ise, -ize | become | publicise, synthesise, hypnotise |
| শেষে বসে তৈরি করে Adjective শব্দ | | |
| -able, -ible | capable of being | edible, incredible, audible |
| -al | having the form or character of | fiscal, thermal, herbal, colonial |
| -esque | in a manner of or resembling | picturesque, grotesque |
| -ful | notable for | handful, playful, hopeful, skilful |
| -ic, -ical | having the form or character of | psychological, methodical, nonsensical, musical |
| -ious, -ous | characterised by | jealous, religious, ridiculous |
| -ish | having the quality of | sheepish, childish |
| -ive | having the nature of | inquisitive, informative, attentive |
| -less | without | meaningless, hopeless, homeless |
| -y | characterised by | dainty, airy, jealousy |
| শেষে বসে তৈরি করে Adverb শব্দ | | |
| -ly | related to or quality | softly, slowly, happily, madly |
| -ward, -wards | direction | towards, afterwards, backwards |
| -wise | in relation to | otherwise, likewise, clockwise |

## Homophones

যে শব্দদুটোর উচ্চারণ প্রায় একই রকম কিন্তু অর্থ আলাদা, তাদেরকে হোমোফোন বলা হয়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| air<br>heir | aisle<br>isle | ante-<br>anti- | bare<br>bear | be<br>bee | brake<br>break |
| buy<br>by | cell<br>sell | cent<br>scent | cereal<br>serial | coarse<br>course | complement<br>compliment |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| dam<br>damn | dear<br>deer | die<br>dye | eye<br>I | fair<br>fare | fir<br>fur |
| flour<br>flower | for<br>four | hair<br>hare | heal<br>heel | hear<br>here | him<br>hymn |
| hole<br>whole | hour<br>our | idle<br>idol | in<br>inn | knight<br>night | knot<br>not |
| know<br>no | made<br>maid | mail<br>male | meat<br>meet | morning<br>mourning | none<br>nun |
| oar<br>or | one<br>won | pair<br>pear | peace<br>piece | plain<br>plane | poor<br>pour |
| pray<br>prey | principal<br>principle | profit<br>prophet | real<br>reel | right<br>write | root<br>route |
| sail<br>sale | sea<br>see | seam<br>seem | sight<br>site | sew<br>so | shore<br>sure |
| sole<br>soul | some<br>sum | son<br>sun | stair<br>stare | stationary<br>stationery | steal<br>steel |
| suite<br>sweet | tail<br>tale | their<br>there | to<br>too | toe<br>tow | waist<br>waste |
| wait<br>weight | way<br>weigh | weak<br>week | wear<br>where | | |

## Synonyms, Antonyms, Homonyms

সিনোনিম্-য়ের মানে সমার্থক শব্দ। কোনও শব্দ বা শব্দগুচ্ছের ঠিক একই বা মোটামুটি একই রকম মানে হয় এমন অন্য একটা শব্দ বা শব্দগুচ্ছকে সিনোনিম্ বলা হয়। অ্যান্টোনিম্-য়ের মানে ঠিক উল্টো। কোনও শব্দের বিপরীত মানে হয় এমন শব্দকে বলা হয় ওই শব্দটার অ্যান্টোনিম্ শব্দ। সিনোনিম্ ও অ্যান্টোনিম্ শব্দগুলো পাওয়া যায় যে বইয়ে তাকে শব্দভাণ্ডার বা **Thesaurus** (থিসোরাস্) বলে।

কোনও একটা শব্দের একাধিক সিনোনিম্ শব্দ হয়, যেমন—

| | |
|---|---|
| begin | start, open, launch, initiate, commence, inaugurate, originate |
| end | stop, finish, terminate, conclude, close, halt, cease |
| big | large, enormous, huge, immense, gigantic, vast, substantial |
| little | small, tiny, miniature, limited, microscopic, slight |

সাধারণত **Dictionary** (ডিক্‌শনারি) বা শব্দার্থের অভিধানে সিনোনিম্ শব্দগুলো পাওয়া যায়। অ্যান্টোনিম্ শব্দ পেতে গেলে থিসোরাস্ খুঁজতে হয়। কিছু অ্যান্টোনিম্ শব্দের তালিকা—

**A**

| | | |
|---|---|---|
| absent – present | abundant – scarce | accept – decline, refuse |
| accurate – inaccurate | advantage – disadvantage | against – for |

admit – deny
agree - disagree
alive – dead
all – none, nothing
ally – enemy
always – never
ancient – modern
approve – disapprove
ascend – descend
awake – asleep

**B**

backward – forward
bad – good
beautiful – ugly
before – after
begin – end
below – above
bent – straight
best – worst
better - worse
big – little, small
bitter – sweet
black – white
blame – praise
bless – curse
bold – meek, timid
borrow – lend
bottom – top
bound – unbound, free
boundless – limited
boy – girl
brave – coward
bright – dim, dull
brighten – fade
broad – narrow
build – destroy

**C**

calm – troubled
can – cannot
capable – incapable
captive – free
careful – careless
cheap – expensive
cheerful – sad
clear – cloudy, opaque
clever – stupid
clockwise – anticlockwise
close – distant
closed – open
clumsy – graceful
cold – hot
combine – separate
come – go
comfort – discomfort
common – rare
compulsory – voluntary
conceal – reveal
contract – expand
cool – warm
correct - incorrect, wrong
courage – cowardice
courteous – discourteous,
create – destroy
crooked – straight
cruel - kind

**D**

dangerous – safe
dark – light
day – night
daytime – nighttime
dead – alive
decline – accept, increase
decrease – increase
deep – shallow
definite – indefinite
demand – supply
despair – hope
dim – bright
disappear – appear
discourage – encourage
diseased – healthy
down – up
downwards – upwards
dreary – cheerful
dry – moist, wet
dull – bright, shiny
dusk – dawn

**E**

early – late
east – west
easy – hard, difficult
empty – full
encourage – discourage
end – begin, start
enter – exit
even – odd, uneven
expand – contract
export – import
exterior – interior
external – internal

**F**

fade – brighten
fail – succeed
false – true

| | | |
|---|---|---|
| famous – unknown | far – near | fast – slow |
| fat – thin | feeble – strong, powerful | few – many |
| find – lose | first – last | float – sink |
| fold – unfold | foolish – wise | for – against |
| fore – aft | forget – remember | fortunate – unfortunate |
| found – lost | free – bound, captive | frequent – seldom |
| fresh – stale | friend – enemy | full – empty |

**G**

| | | |
|---|---|---|
| generous – stingy | gentle – rough | get – give |
| giant – tiny, small, dwarf | girl – boy | give – receive, take |
| glad – sad, sorry | gloomy – cheerful | go – stop |
| good – bad, evil | grant – refuse | great – tiny, small |
| grow – shrink | guest – host | guilty – innocent |

**H**

| | | |
|---|---|---|
| happy – sad | hard – easy | hard – soft |
